গ. মাইয়োট ঘ. গ্রানাডা উত্তর: ক

ব্যাখ্যা: ১৯০৩ সালে কিউবা-আমেরিকা চুক্তির মাধ্যমে আমেরিকা 'গুয়ানতানামো বে' স্থানটি লিজ নেয়। কিন্তু বর্তমান কিউবান সরকার দাবি করে, ভীতি প্রদর্শনের মাধ্যমে চুক্তিটি করা হয়েছিল -- যা আন্তর্জাতিক আইনের পরিপন্থী।

◆ বারাক ওবামা মার্কিন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট? *[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১১/রাজশাহী বিশ্ববিদ্যালয়, নাট্যকলা ও সঙ্গীত বিভাগ: ০৮-০৯]*

ক. ৪৬ খ. ৩৬
গ. ৪৪ ঘ. ৫৪ উত্তর: গ

◆ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওবামার বাবা কোন দেশের নাগরিক ছিলেন? *[স্বরাষ্ট্র ও নির্বাহী অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট ২০১০]*

ক. উগান্ডা খ. যুক্তরাষ্ট্র
গ. কেনিয়া ঘ. ঘানা উত্তর: গ

◆ মিট রমনি কোন অঙ্গরাজ্যের গভর্নর ছিলেন? *[সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ (সরকারি স্কুল) প্রাথমিক পরীক্ষা ২০১২]*

ক. ভার্জিনীয়া খ. উইসকনসিন
গ. ক্যালিফোর্নিয়া ঘ. ম্যাসাচুসেটস উত্তর: ঘ

◆ বারাক ওবামার পারিবারিক শিকড় আফ্রিকার কোন দেশে খুঁজে পাওয়া যায়? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০৮-০৯]*

ক. জাম্বিয়া খ. জায়ার
গ. তাঞ্জানিয়া ঘ. কেনিয়া উত্তর: ঘ

◆ মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্টের রাজনৈতিক দলের নাম কি? *[উপজেলা নির্বাচন অফিসার: ০৮]*

ক. ডেমোক্রেটিক পার্টি খ. রিপাবলিকান পার্টি
গ. লেবার পার্টি ঘ. কনজারভেটিভ পার্টি উত্তর: ক

◆ মুসলিম বিশ্বের কোন বিশ্ববিদ্যালয়ে প্রেসিডেন্ট হিসেবে ওবামা প্রথম বক্তৃতা দেন? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নৃবিজ্ঞান বিভাগ: ০৯-১০]*

ক. আল আযহার খ. কিং ফয়সাল
গ. কিং সৌদি ঘ. কিং আবদুল্লাহ উত্তর: ক

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্টের নাম কি? *[বি.আর.সি অফিসার: ০৯]*
ক. আল গোর খ. জো বাইডেন
গ. জর্জ বুশ ঘ. ডিক চেনী উত্তর: খ

◈ মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রীকে বলা হয়- *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগঃ ০৮-০৯]*
ক. Foreign Minister খ. Secretary of State
গ. Foreign Secretary ঘ. International Minister উত্তর: খ

◈ সেক্রেটারী অব স্টেট বলা হয় কোন দেশের পররাষ্ট্র মন্ত্রীকে? *[কুমিল্লা বিশ্ববিদ্যালয়, মানবিকঃ ০৮-০৯]*
ক. যুক্তরাজ্য খ. যুক্তরাষ্ট্র
গ. অস্ট্রেলিয়া ঘ. ফ্রান্স উত্তর: খ

◈ **Who is the current Secretary of State of USA?** *[Jamuna Bank Probationary Officer: 09]* অথবা,
যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীর নাম কি? *[২৯তম বিসিএস]*
উত্তর: জন কেরি।

◈ যুক্তরাষ্ট্রের নিগ্রোদের অধিকার আদায়ের আন্দোলনের অহিংসবাদী নেতা কে ছিলেন? *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৩-০৪/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সমাজকর্ম বিভাগ)ঃ ০৩-০৪/ বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালকঃ ৯০]*
ক. হেনরী খ. মার্টিন লুথার কিং
গ. দেসমন্ড টুটু ঘ. কেনেথ কাউন্ডা উত্তর: খ

◈ কোন মার্কিন কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার নেতা আততায়ীর গুলিতে নিহত হন- *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭]*
ক. নেলসন ম্যান্ডেলা খ. মার্টিন লুথার কিং
গ. এলিজা মোহাম্মদ ঘ. ম্যালকম এক্স উত্তর: খ

◈ কোন সালে বিখ্যাত কৃষ্ণাঙ্গ নেতা মার্টিন লুথার কিং জুনিয়র আততায়ীর গুলিতে প্রাণ হারান? *[সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসারঃ ০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসারঃ ০৫]*
ক. ১৯৫৮ সালে খ. ১৯৬৮ সালে
গ. ১৯৪৮ সালে ঘ. ১৯৭৮ সালে উত্তর: খ

◈ **I Have a Dream** শীর্ষক বিখ্যাত ভাষণটি প্রদান করেন- *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭]*
ক. মার্টিন লুথার কিং খ. নেলসন ম্যান্ডেলা
গ. মহাত্মা গান্ধী ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ উত্তর: ক

◈ মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের বর্তমান স্পিকার? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৬-০৭]*
ক. ন্যান্সি পেলোসি খ. হিলারি ক্লিনটন
গ. কিথ এলিসন ঘ. আরনল্ড শোয়ার্জনেগার উত্তর: ক

◈ যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের সদর দপ্তর অবস্থিত- *[সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসারঃ ০৬ / জেলা সহকারী শিক্ষা অফিসারঃ ০৩]*
ক. কেপ টাউনে খ. কলম্বিয়ায়
গ. পেন্টাগনে ঘ. নিউইয়র্কে উত্তর: ক

◈ **Where is the 'Pentagon' situated?**/পেন্টাগণ কোথায় অবস্থিত? *[Basic Bank Officer: 02]*
ক. New York খ. Arlington
গ. Washington D.C ঘ. New Jersey উত্তর: খ

◈ ব্রডওয়ে অবস্থিত- *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৪-০৫]*
ক. লন্ডনে খ. সানফ্রান্সিসকোতে
গ. নিউইয়র্কে ঘ. মস্কোতে উত্তর: গ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◈ **Where is Wall Street located?** *[Dhaka Bank MTO recruitment: 04/ Banglalesh Shilpa Bank recruitment test: 04/ Jamuna Bank Officer: 04/ কর্মসংস্থান ব্যাংক রিক্রুটমেন্ট টেস্টঃ ০০]*

Or,

ওয়াল স্ট্রিট কোথায় অবস্থিত? *[১৫ তম বিসিএস/ কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসারঃ ০৮/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্টঃ ০৭]*

ক. London (লন্ডন) খ. New York (নিউইয়র্ক)
গ. Sydney (সিডনি) d. Washington (ওয়াশিংটন) **উত্তরঃ খ**

◈ **Wall street in New york is famous for what?/ নিউইয়র্কের ওয়াল স্ট্রিট কিসের জন্য বিখ্যাত?** *[Southeast Bank ltd: 05/ Basic Bank Officer: 02/ IFIC Bank Probationary Officer: 92]*

ক. World's Largest financial center খ. World's largest tourist centre
গ. World's largest trade centre ঘ. World's largest stock market **উত্তরঃ ঘ**

◈ **সিলিকন ভ্যালি কোন দেশে অবস্থিত?** *[তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালকঃ ০১]*

ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. জার্মানি ঘ. জাপান **উত্তরঃ ক**

◈ **ওয়েস্ট পয়েন্টে অবস্থিত যুক্তরাষ্ট্রের-** *[ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিটঃ ০৮-০৯]*

ক. নৌ একাডেমি খ. সামরিক একাডেমি
গ. বিমান বাহিনী একাডেমি ঘ. মেরিন একাডেমি **উত্তরঃ খ**

◈ **এনরন (ENRON) কি?** *[বাতিল কৃত ২৪ তম বিসিএস]*

ক. একটি যুদ্ধবিমানবাহী জাহাজ খ. এক প্রকার রোগ জীবাণু
গ. একটি ঔষধের নাম ঘ. পৃথিবীর অন্যতম বৃহত্তম দেউলিয়া ঘোষিত জ্বালানি কোম্পানি **উত্তরঃ ঘ**

◈ **ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে Big One বলতে বোঝায়–** *[থানা সহকারী শিক্ষা অফিসারঃ ৯৯]*

ক. চূড়ান্ত ভূমিকম্প খ. স্টক বাজারের পতন
গ. বাৎসরিক মটর চালনা উৎসব ঘ. আণবিক যুদ্ধ **উত্তরঃ ক**

◈ **'ইকোলজি হাউজ' কি?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৫-০৬]*

ক. বিল গেটসের বাড়ির নাম খ. পরিবেশবাদী সংস্থা
গ. একটি গ্রিন হাউসের নাম ঘ. পরিবেশ মুক্ত রাখার কর্মসূচী **উত্তরঃ ক**

◈ **পৃথিবীর সবচেয়ে বড় লাইব্রেরি কোনটি?** *[কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসারঃ ০৮/ বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্টঃ ৮৮]*

ক. British Musuem Library খ. Lanin State Library
গ. National Library of Japan ঘ. United State Library of Congress
ঙ. Academy of Science Library **উত্তরঃ ঘ**

◈ **লাইব্রেরি অব কংগ্রেস কোথায় অবস্থিত?** *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭]*

ক. নিউইয়র্কে খ. ওয়াশিংটন ডি.সিতে
গ. ভার্জিনিয়াতে ঘ. শিকাগোতে **উত্তরঃ খ**

◈ **ডিজনিল্যান্ড কি?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয়. লাইব্রেরী লাইন্সঃ ০৮-০৯]*

ক. বিখ্যাত কার্টুন সিরিয়াল খ. বিখ্যাত দ্বীপ
গ. বিখ্যাত পার্ক ঘ. বিখ্যাত সমুদ্র সৈকত **উত্তরঃ গ**

◈ **'ওয়াল স্ট্রীট' কোথায় অবস্থিত?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]*

ক. নিউ ইয়র্ক খ. ওয়াশিংটন
গ. চীন ঘ. লন্ডন **উত্তরঃ ক**

ব্যাখ্যা ঃ 'ওয়াল স্ট্রীট' নিউইয়র্কে অবস্থিত। শেয়ার বাজার, বন্ড বাজার বা ঋণ বাজার, মুদ্রা বাজার মিলে আর্থিক বাজারে যাবতীয় কর্মকান্ডের অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান এটি।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◆ ব্রডওয়ে অবস্থিত- [জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক:২০০৭]

ক. লন্ডনে খ. সানফ্রান্সিসকোতে
গ. নিউয়র্কে ঘ. মস্কোতে উত্তর: গ

যুক্তরাজ্য (United kingdom)

Gov	* সরকার পদ্ধতি: বর্তমানে শাসনতান্ত্রিক রাজতন্ত্র । ১৬৮৮ সালে গৌরবময় বিপ্লবের (Glorious Revolution) মাধ্যমে ব্রিটেনে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। পৃথিবীর প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে যুক্তরাজ্যে। * রাষ্ট্রপ্রধান: রানী দ্বিতীয় এলিজাবেথ। * সরকারপ্রধান: প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন। * ক্ষমতাসীন দল: Conservative Party (রক্ষণশীল দল)
ব্রিটিশ রাজতন্ত্রের ইতিহাস History of British Monarchy	* ইংল্যান্ডের প্রথম রাজা ছিলেন আলফ্রেড দ্য গ্রেট। * ১৬০৩ সালে সমগ্র ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং আয়ারল্যান্ডের প্রথম রাজা হন ষষ্ঠ জেমস। * ১৭০৭ সালে রানী অ্যানির রাজত্বকালে ইংল্যান্ড ও স্কটল্যান্ড একত্রিত হয়ে 'গ্রেট ব্রিটেন'-এ পরিণত হয়। * ১৮০১ সালে রাজা পঞ্চম জর্জ এর রাজত্বকালে গ্রেট ব্রিটেন এবং আয়ারল্যান্ড একত্রিত হয়ে 'যুক্তরাজ্য'-এ পরিণত হয়। অষ্টম এডওয়া * রাজা অষ্টম এডওয়ার্ড আমেরিকার একজন বিধবা মহিলা ওয়ালিস সিম্পসনকে বিবাহ করেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ও জনগণ সিম্পসনকে রানী হিসাবে মেনে নিতে অস্বীকৃতি জানায়। এজন্য তিনি ১৯৩৬ সালের ১১ ডিসেম্বর রাজসিংহাসন ত্যাগ করেন। * যুক্তরাজ্যের বর্তমান সিংহাসনে অধিষ্ঠিত আছেন রানী দ্বিতীয় এলিজাবেথ। * প্রিন্সেস ডায়না ছিলেন প্রিন্স অব ওয়েলথ চার্লস এর প্রথম স্ত্রী। ১৯৯৭ সালে ৩১ আগস্ট ফ্রান্সের পন্ট ডি আলমা টানেলে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।
বাকিংহাম প্যালেস Buckingham Palace	* ইংল্যান্ডের রাজপরিবারের বাসভবন। * অবস্থান: ওয়েস্টমিনিস্টার সিটি, লন্ডন।
White Hall	লন্ডনের হোয়াইট হল প্রাসাদ ব্রিটিশ রাজপরিবারের প্রাক্তন আবাসস্থল। এটি ১৫৩০ থেকে ১৬৯৮ খ্রিস্টাব্দ পর্যন্ত ব্রিটিশ রাজপরিবারের বাসভবন ছিল। বর্তমানে লন্ডনের কেন্দ্রস্থলে হোয়াইট হল নামে একটি রোড আছে - এই রোডে ব্রিটিশ সরকারের অনেক প্রশাসনিক ভবন অবস্থিত।

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

পতাকা (Flag)	ইউনিয়ন জ্যাক (Union Jack) বা ইউনিয়ন ফ্লাগ (Union Flag) 
সংবিধান **Constitution**	যুক্তরাজ্যের কোন লিখিত সংবিধান নেই। সনদপত্র, আবেদনপত্র (Petition) এবং অন্যান্য শাসনতান্ত্রিক ঘটনাবলীর সমন্বয়ে এই সংবিধান গঠিত। এর মধ্যে ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস, বিল অব রাইটস প্রভৃতি উল্লেখযোগ্য।
ডাউনিং স্ট্রিট **Downing Street**	ডাউনিং স্ট্রিট লন্ডন শহরের কেন্দ্রস্থলে অবস্থিত একটি বিখ্যাত সড়ক। ১৬৮০ সালে স্যার জর্জ ডাউনিং সড়কটি নির্মাণ করেন। ৯ ডাউনিং স্ট্রিট : ব্রিটেনের আইনসভার চীফ হুইপের কার্যালয়। ১০ ডাউনিং স্ট্রিট: ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন ও কার্যালয় ১১ ডাউনিং স্ট্রিট: ব্রিটিশ অর্থমন্ত্রীর কার্যালয় ১২ ডাউনিং স্ট্রিট: ব্রিটিশ প্রধানমন্ত্রীর প্রেস অফিস।
ওয়েস্ট মিনিস্টার অ্যাবে **Westminster Abbey**	লন্ডনের একটি ঐতিহাসিক চার্চ। এখানে ব্রিটিশ রাজা-রানীদের সিংহাসনে আরোহনের অনুষ্ঠান এবং শেষকৃত্য অনুষ্ঠিত হয়। ১৫৬০ সালে রানী প্রথম এলিজাবেথ এটি নির্মাণ করেন। Westminster Abbey
আইন সভা	ব্রিটেনের আইনসভার নাম পার্লামেন্ট। আইনসভা দুই কক্ষবিশিষ্ট। যথা- ১. হাউস অব লর্ডস (উচ্চকক্ষ) ২. হাউস অব কমনস (নিম্নকক্ষ)। ব্রিটেনের পার্লামেন্ট ভবনের নাম 'ওয়েস্টমিনিস্টার প্রাসাদ'। এটি লন্ডনের টেমস নদীর তীরে অবস্থিত। Westminster palace
সাধারণ নির্বাচন	* পাঁচ বছর অন্তর অন্তর পার্লামেন্টের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। সাধারণত বৃহস্পতিবারে নির্বাচন অনুষ্ঠিত হয়। সরকার গঠনের জন্য পার্লামেন্টের ৬৪৯ জন সদস্যের মধ্যে ৩২৬ জন সদস্যের সমর্থন প্রয়োজন হয়। * সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয় ৬ মার্চ, ২০১০। * **ফলাফল:** ১) ডেভিড ক্যামেরনের নেতৃত্বাধীন রক্ষণশীল দল- ৩০৫ টি আসন ২) গর্ডন ব্রাউনের নেতৃত্বাধীন লেবার পার্টি - ২৫৮ টি আসন।
ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রী (১৭২১-১৭৪২)	 স্যার রবার্ট ওয়ালপোল

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রধানমন্ত্রী

হেনরি আসকুইথ

ডেভিড লয়েড জর্জ

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রধানমন্ত্রী

চেম্বারলিন

উইন্সটোন চার্চিল

ব্রিটেনের প্রথম নারী প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার (১৯৭৯-১৯৯০)

* রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন।
* ফকল্যান্ড যুদ্ধের সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন।

বর্তমান মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ মন্ত্রী

ডেভিড ক্যামেরন
Prime Minister (প্রধানমন্ত্রী)

উইলিয়াম হগ
Secretary for Foreign & Commonwealth affairs (পররাষ্ট্রমন্ত্রী)

জর্জ ওসবর্ন
Chancellor of the Exchequer (অর্থমন্ত্রী)

থেরেসা মে
Home Secretary (স্বরাষ্ট্রমন্ত্রী)

লিয়াম ফক্স
Defence Secretary (প্রতিরক্ষামন্ত্রী)

শিল্প বিপ্লব Industrial Revolution

* সময়কাল: অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগ- উনবিংশ শতাব্দী
* অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সূচনা হয়। মূলত টেক্সটাইল খাতের বিকাশের মাধ্যমে এ বিপ্লবের সূচনা হয়।
* উনবিংশ শতাব্দীতে সমগ্র ইউরোপে শিল্প বিপ্লব ছড়িয়ে পড়ে।
* শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কুটির শিল্প ধ্বংস হয়।

স্থান পরিচিতি

পলমল (Pall Mall)	লন্ডনের ওয়েস্টমিনিস্টার সিটিতে অবস্থিত একটি বিখ্যাত সড়ক।
ইন্ডিয়া হাউস India House	লন্ডনভিত্তিক ভারতীয় জাতীয়তাবাদী সংস্থা। (১৯০৫-১৯১০)

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

ট্রাফালগার স্কোয়ার
Trafalgar Square

লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত একটি বিশ্বখ্যাত স্কোয়ার। এখানে রাজনৈতিক সভা অনুষ্ঠিত হয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে--*[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদঃ ৯৫]*

ক. ফ্রান্সে　　খ. ব্রিটেনে
গ. যুক্তরাষ্ট্রে　　গ.জার্মানিতে　　উত্তর: খ

◈ কোন দেশের সংবিধান অলিখিত? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ব্যবস্থাপনা)ঃ ০৭-০৮/ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৪-০৫]*

ক. যুক্তরাজ্য　　খ. চীন
গ. যুক্তরাষ্ট্র　　ঘ. জাপান　　উত্তর: ক

◈ যুক্তরাজ্যের প্রথম সাংবিধানিক দলিল কোনটি? *[৩৫ বিসিএস (অবৈক্ষিক প্রিলিমিনারি) পরীক্ষা ২০১৩]*

ক. বিল অফ রাইটস　　খ. এ্যাক্ট অফ সেটেলমেন্ট
গ. ম্যাগনাকার্টা　　ঘ. জুডিকেচার এ্যাক্ট　　উত্তর: গ

◈ কোন দেশের পতাকাকে 'ইউনিয়ন জ্যাক' বলা হয়? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৭-০৮/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭]*

ক. ফ্রান্স　　খ. ইতালি
গ. ব্রিটেন　　ঘ. কানাডা　　উত্তর: গ

◈ আয়ারল্যান্ড কবে ব্রিটেনের অঙ্গরাজ্যে পরিণত হয়? *[শ্রম মন্ত্রণালয়ের সহকারী শ্রম পরিচালক: ০৩]*

ক. ১৬০১　　খ. ১৬০৩
গ. ১৬১০　　ঘ. ১৬৯০　　উত্তর: খ

◈ গৌরবময় বিপ্লব সংঘটিত হয়– *[জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মানবিক)ঃ ০৯-১০]*

ক. ১৬৮৮ সালে　　খ. ১৭৮৮ সালে
গ. ১৮৮৮ সালে　　ঘ. ১৯৮৮ সালে　　উত্তর: ক

◈ ব্রিটিশ রাজপরিবারের বাসভবনের নাম- *[জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক:২০০৭] [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭/জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৩-০৪]*

ক. ভিক্টোরিয়া প্যালেস　　খ. বাকিংহাম প্যালেস
গ. এলিজাবেথ প্যালেস　　ঘ. এডওয়ার্ড প্যালেস　　উত্তর: খ

◈ বাকিংহাম প্রাসাদে বাস করেন-- *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহ-রসায়নবিদঃ ০১]*

ক. ব্রিটিশ প্রধানমন্ত্রী　　খ. কানাডার প্রধানমন্ত্রী
গ. মার্কিন প্রেসিডেন্ট　　ঘ. ব্রিটেনের রানী　　উত্তর: ঘ

◈ ব্রিটেনের প্রশাসনিক সদর দপ্তরকে বলা হয়----*[১০ম বিসিএস]*

ক. ওয়েস্ট মিনিস্টার এ্যাবে　　খ. হোয়াইট হল
গ. মার্বেল চার্চ　　ঘ. বুশ হাউজ　　উত্তর: খ

◈ 'হোয়াইট হল' অবস্থিত- *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে মেডিকেল অফিসারঃ ০৩]*

ক. যুক্তরাষ্ট্রে　　খ. যুক্তরাজ্যে
গ. ইতালীতে　　ঘ. কানাডায়　　উত্তর: খ

◈ ব্রিটেনের রাজা যিনি একজন সাধারণ মহিলাকে বিবাহ করার জন্য রাজসিংহাসন হারান---

ক. পঞ্চম এডওয়ার্ড　　খ. ষষ্ঠ এডওয়ার্ড　　*[দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শকঃ ০৩]*
গ. সপ্তম এডওয়ার্ড　　ঘ. অষ্টম এডওয়ার্ড　　উত্তর: ঘ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ প্রিন্সেস ডায়না কোন সুরঙ্গপথে দুর্ঘটনায় নিহত হন? *[দুর্নীতি দমন ব্যুরোর উপসহকারী পরিদর্শক: ০৪]*
ক. ইউরো টানেল খ. আর্ল বার্গ
গ. রস্কো ঘ. আলমা ডি টানেল উত্তর: ঘ

◈ প্রিন্সেস ডায়না সড়ক দুর্ঘটনায় কোথায় মৃত্যুবরণ করেন? *[সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]*
ক. লন্ডন খ. প্যারিস
গ. হেগ ঘ. বার্লিন উত্তর: খ

◈ ওয়েস্ট মিনিস্টার কি জন্য বিখ্যাত? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালকঃ ৯০]*
ক. ব্রিটেনের ব্যবসা কেন্দ্র খ. ব্রিটেনের পার্লামেন্ট ভবন
গ. আমেরিকার হোয়াইট হাউজ ঘ. নাসা ভবন উত্তর: খ

◈ ১০ নং ডাউনিং স্ট্রীট কি? *[গণপূর্ত অধিদপ্তরে উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১১/পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালকঃ ০০/ হাইকোর্টের রেজিস্ট্রারঃ ৯৪]*
ক. ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন খ. রানীর গ্রীষ্মকালীন নিবাস
গ. অর্থমন্ত্রীর অফিস ভবন ঘ. কমনওয়েলথ মন্ত্রীদের সভা ভবন উত্তর: ক

◈ ব্রিটিশ প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন কোনটি? *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০০-০১]*
ক. হোয়াইট হাউস খ. হোয়াইট হল
গ. ১০ ডাউনিং স্ট্রিট ঘ. বাকিংহাম প্যালেস উত্তর: গ

◈ ব্রিটেনের প্রথম প্রধানমন্ত্রীর নাম কি? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৫-০৬/ সাব-রেজিস্ট্রারঃ ৯২]*
ক. রবার্ট ওয়ালপোল খ. চার্চিল
গ. জন এডামস ঘ. জন ওয়ালপোল উত্তর: ক

◈ উইনস্টন চার্চিল যে দেশের প্রধানমন্ত্রী ছিলেন- *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক-২০১২/ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৯-১০]*
ক. ব্রিটেন খ. ফ্রান্স
গ. ইতালি ঘ. জার্মানি উত্তর: ক

◈ **Chancellor Of Ex-chequer** বলা হয়- *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৫-০৬]*
ক. USA এর অর্থমন্ত্রীকে খ. ব্রিটেনের অর্থমন্ত্রীকে
গ. রাশিয়ার অর্থমন্ত্রীকে ঘ. ভারতের অর্থমন্ত্রীকে উত্তর: খ

◈ যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর সরকারি পদবি- *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭]*
ক. চ্যান্সেলর অব এক্সচেকার খ. লর্ড প্রিভি সিল
গ. সেক্রেটারি অব ট্রেজারি ঘ. চিফ অব ফিন্যান্স উত্তর: ক

◈ নিম্নের কত বছর মার্গারেট থ্যাচার বিলাতের ক্ষমতায় ছিলেন? *[স্বাস্থ্য সহকারী: ১০]*
ক. ১১ খ. ১০ গ. ৯ উত্তর: ক

◈ **The name Margaret Thatcher relates to/** মার্গারেট থ্যাচার নামটি কোন বিষয়ের সাথে সম্পর্কিত? *[বাংলাদেশ কমার্স ব্যাংক অফিসার: ০৬]*
ক. Politics খ. Information Technplogy
গ. Book ঘ. Space Technology
ঙ. None of these উত্তর: ক

◈ কোন সাবেক প্রধানমন্ত্রী আগে রাসায়নিক গবেষণাগারে কাজ করতেন? *[শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তাঃ ০৩]*
ক. মার্গারেট থেচার খ.চন্দ্রিকা বন্দরনায়েক
খ. টনি ব্লেয়ার ঘ. বেনজির ভুট্টো উত্তর: ক

◈ বর্তমানে যুক্তরাজ্যে কোন দল সরকার গঠন করেছে? *[ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তাঃ ০৩]*
ক. লেবার পার্টি খ. কনজারভেটিভ পার্টি
গ. লিবারেল পার্টি ঘ. ডেমোক্রাটিক পার্টি উত্তর: খ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◆ **শিল্প বিপ্লব যে দেশে শুরু হয়েছিল –** *[বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২/রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইতিহাস) : ০৭-০৮/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]*

ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. ফ্রান্স
গ. জার্মানি ঘ. ইংল্যান্ড **উত্তর: ঘ**

◆ **ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয় কোন শতাব্দীতে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৬-০৭/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০২-০৩/ Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 90]*

ক. বিংশ খ. ঊনবিংশ
গ. অষ্টাদশ ঘ. সপ্তদশ **উত্তর: গ**

◆ **ইংল্যান্ডের শিল্প বিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্পের ধ্বংস হয়?** *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১]*

ক. বস্ত্র শিল্প খ. কুটির শিল্প
গ. কাগজ শিল্প ঘ. পাট শিল্প **উত্তর: খ**

◆ **'ট্রাফালগার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?** *[১২তম বিসিএস/রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ২০১১/ বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট: ০৭]*

ক. ওয়াশিংটন খ. প্যারিস
গ. মস্কো ঘ. লন্ডন **উত্তর: ঘ**

◆ **পলমল কি?** *[বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট: ০০]*

ক. লন্ডনের একটি রাজপথের নাম খ. বিখ্যাত একটি রেল স্টেশন
গ. একটি বার্তা সংস্থা ঘ. ইংল্যান্ডের একটি স্কুলের নাম **উত্তর: ক**

◆ **'ইন্ডিয়া হাউস' কোথায় অবস্থিত?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (হিসাববিজ্ঞান) : ০৭-০৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০২-০৩]*

ক. দিল্লি খ. লন্ডন
গ. নিউইয়র্ক ঘ. সিমলা **উত্তর: খ**

◆ **ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলথভুক্ত কয়টি রাষ্ট্রের রানী এবং রাষ্ট্রপ্রধান?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]*

ক. ২০টি খ. ১৬টি
গ. ১৪টি ঘ. ১০টি **উত্তর: খ**

◆ **নিম্নের কত বছর মার্গারেট থ্যাচার বিলাতের ক্ষমতায় ছিলেন?** *[খাদ্য সহকারী নিয়োগ পরীক্ষা-২০১০]*

ক. ১০ খ. ৯
গ. ১১ **উত্তর: গ**

◆ **স্কটল্যান্ড ইয়ার্ড কোথায় অবস্থিত?** *[বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১২]*

ক. স্কটল্যান্ড খ. মায়ামী
গ. নিউইয়র্ক ঘ. লন্ডন **উত্তর: ঘ**

Id: www.facebook.com/tanbir.cox
Page: www.facebook.com/tanbir.ebooks
Web: www.tanbircox.blogspot.com

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

ফ্রান্স (France)

ফরাসি বিপ্লব

French Revolution

* সময়কালঃ ১৭৮৯-১৭৯৯ খ্রিস্টাব্দ।
* ফরাসি বিপ্লবের মূল শ্লোগান, "ভ্রাতৃত্ব, সমতা ও স্বাধীনতা (Liberty, Equality and Fraternity)"। এই শ্লোগানের প্রবক্তা ছিলেন রুশো।
* দুই জন দার্শনিক (রুশো ও ভলটেয়ার) লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন।
* ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গের পতন হয়- যা ফরাসি বিপ্লবের একটি মাইলস্টোন।
* ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন ষোড়শ লুই। ১৭৯৩ সালের ২১ জানুয়ারি শত সহস্র দর্শকের সম্মুখে রাজা ষোড়শ লুইকে গিলোটিনে শিরচ্ছেদ করা হয়।
* নেপোলিয়নকে **'ফরাসি বিপ্লবের শিশু'** বলা হয়।

নেপোলিয়ন বোনাপোর্ট
Napoleon Bonaparte

নেপোলিয়ন ১৭৬৯ খ্রিস্টাব্দের ১৫ আগস্ট ইতালির কর্সিকা দ্বীপে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন ফ্রান্সের বিখ্যাত সেনাপতি ও সম্রাট। ১৭৯৯ খ্রিস্টাব্দে তিনি ফ্রান্সর প্রথম কনসুল (First Consul) পদে অধিষ্ঠিত হয়ে ফ্রান্সের ক্ষমতায় আসেন। ১৮০৪ সালের ১৮ মে ফ্রান্সের সিনেট নেপোলিয়নকে ফ্রান্সের সম্রাট ঘোষণা করে। তাঁর রাজত্বকালে ফ্রান্স ইউরোপের গুরুত্বপূর্ণ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করে। কিন্তু ১৯১২ সালে রাশিয়া আক্রমণ করলে তাঁর ভাগ্য বিপর্যয় শুরু হয়। ১৮১৫ সালে ওয়াটার'লুর যুদ্ধে ব্রিটেনের নিকট পরাজিত হন এবং নির্বাসিত অবস্থায় ১৮২১ সালে আটলান্টিক মহাসাগরের সেন্ট হেলেনা দ্বীপে এই মহান নেতা শেষ নিঃশেষ ত্যাগ করেন।

চার্লস ডি গ্যালে
Charles de Gaulle

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ১৯৪০ সালে জার্মান নাৎসি বাহিনীর হাতে ফ্রান্সের পতন হলে চার্লস ডি গলে ফ্রান্সের মুক্তি বাহিনী (Free France Forces) গঠন করেন। তিনি ফ্রান্সের স্বাধীনতা সংগ্রামের অগ্রনায়ক ছিলেন। তিনি ফ্রান্স রিপাবলিকের ১৮তম প্রেসিডেন্ট (১৯৫৯-১৯৬৯) ছিলেন।

সরকার
Govt

* সরকার ব্যবস্থা: আধা-রাষ্ট্রপতি শাসিত গণতন্ত্র
* রাষ্ট্রপ্রধান: প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া ওলাঁদ। বর্তমানে প্রেসিডেন্টের মেয়াদকাল ৫ বছর।
* সরকার প্রধান: ম্যানুয়েল ভলস।
* ক্ষমতাসীন দল: সোসালিস্ট পার্টি।

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

এলিসি প্রাসাদ
Elysee Palace

* ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারী বাসভবন।
* নির্মাণকাল: ১৭১৮-১৭২২খ্রি:



আইফেল টাওয়ার
Eiffel Tower

* অবস্থান : ফ্রান্সের রাজধানী প্যারিসে সীন নদীর তীরে অবস্থিত।
* উদ্বোধন : ৩১ মার্চ, ১৮৮৯।
* উচ্চতা : ৩২৪ মিটার (১০৬৩ ফুট)।
* ডিজাইনার: গুস্তাভ আইফেল।

চ্যানেল টানেল
Channel Tunnel

৫০.৫ কিমি (৩১.৪ মাইল) দীর্ঘ এই রেল চ্যানেলটি ফ্রান্স এবং যুক্তরাজ্যকে ইংলিশ চ্যানেলের নিচ দিয়ে সংযুক্ত করে। এই চ্যানেলটি পরিচালনা করে 'ইউরো টানেল' নামক একটি প্রতিষ্ঠান। শুধুমাত্র সমুদ্রের তলদেশের অংশের বিবেচনায় এটি পৃথিবীর দীর্ঘতম টানেল। সামগ্রিক দৈর্ঘ্যের বিবেচনায় পৃথিবীর বৃহত্তম টানেল ৫৩.৮৫ কিমি দীর্ঘ জাপানের সেইকান টানেল (Seikan Tunnel)।



বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ **ফরাসি বিপ্লবের মূল শ্লোগান কি ছিল?** *[মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তাঃ ০৭/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭/মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]*

ক. মুক্তি, একতা ও সমতা খ. গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা
গ. বিপ্লব, শিল্পায়ন ও উন্নয়ন ঘ. ভ্রাতৃত্ব, সমতা ও স্বাধীনতা উত্তর: ঘ

◊ **French Revolution-এর slogan কি ছিল?** *[মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তাঃ ০৭/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৬-০৭/মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক': ৯৮]*

ক. Workers of the World unite
খ. Liberty, Equality and Fraternity
গ. Down with divine rights of kings
ঘ. Expansion of Trade and Commerce উত্তর: খ

◊ ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেন কোন লেখকদ্বয়? *[Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 90]* অথবা,
কোন দুইজন দার্শনিক লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালকঃ ৯৯]*

ক. প্লেটো ও রুশো খ. রুশো ও ভলটেয়ার
গ. প্লেটো ও এরিস্টটল ঘ. শেক্সপিয়ার ও ভলটেয়ার উত্তর: খ

◊ ফরাসি বিপ্লবের মতবাদ বা শ্লোগানের প্রবক্তা কে ছিলেন? *[মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকঃ ০৫]*

ক. মোপাসাঁ খ. ভলতেয়ার
গ. বার্ট্রান্ড রাসেল ঘ. রুশো উত্তর: ঘ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ **ফরাসি বিপ্লবের মেয়াদকাল-** *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ১০-১১]*

ক. ১৮৮৯-১৮৯৯ খ. ১৭৮৯-১৭৯৯
গ. ১৭৭৬-১৭৮৬ ঘ. ১৮৮৬-১৮৯৬ **উত্তর: খ**

◈ **কোন বিপ্লবের মধ্য দিয়ে বাস্তিল দুর্গের পতন ঘটে?** *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঙ ইউনিটঃ ০৫-০৬]*

ক. আমেরিকান বিপ্লব খ. ফরাসি বিপ্লব
গ. বলশেভিক বিপ্লব ঘ. ইংলিশ বিপ্লব
ঙ. সাংস্কৃতিক বিপ্লব **উত্তর: খ**

◈ **ফরাসী বিপ্লব সংঘটিত হয়েছিল** *-[৩১তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৫-০৬/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাঃ ০৬/ দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শকঃ ০৪/ থানা নির্বাচন অফিসারঃ ০৪/ শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৩-০৪/ সাব-রেজিস্ট্রারঃ ০১]*

ক. ১৬৪০ সালে খ. ১৭৬৯ সালে
গ. ১৭৮৯ সালে ঘ. ১৮১৫ সালে **উত্তর: গ**

◈ **কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৮৯ সালটি বিখ্যাত?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সমাজবিজ্ঞান): ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৫-০৬]*

ক. যুক্তরাষ্ট্রের স্বাধীনতা খ. ওয়াটার লুর যুদ্ধ
গ. ফরাসি বিপ্লব ঘ. শিল্প বিপ্লব **উত্তর: গ**

◈ **বাস্তিল দুর্গের পতন ঘটেছিল---** *[১২তম বিসিএস/ পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালকঃ ৯৪]*

ক. ১৪ জুলাই, ১৭৮৯ খ. ৭জুন, ১৭৮৮
গ. ৫ অক্টোবর, ১৭৮৮ ঘ. ২৬ আগস্ট, ১৭৮৮ **উত্তর: ক**

◈ **কোন রাজার শাসন আমলে ফরাসি বিপ্লব সুচিত হয়?** *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০২-০৩]*

ক. ত্রয়োদশ লুই খ. চতুর্দশ লুই
গ. পঞ্চদশ লুই ঘ. ষোড়শ লুই **উত্তর: ঘ**

◈ **ফরাসি বিপ্লবের শিশু বলা হয়-** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান): ০৫-০৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]*

ক. রুশোকে খ. জনলককে
গ. ভলতেয়ারকে ঘ. নেপোলিয়নকে **উত্তর: ঘ**

◈ **নেপোলিয়ান কোথায় জন্মগ্রহণ করেন?** *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট:১০-১১]*

ক. সিসিলি খ. মাল্টা
গ. কর্সিকা ঘ. সার্দিনিয়া **উত্তর: গ**

◈ **ফ্রান্সের নেপোলিয়ান বোনাপার্ট ক্ষমতায় এসেছিলেন?** *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট:০৯-১০]*

ক. ১৭৮৯ খ. ১৭৯৯
গ. ১৮০২ ঘ. ১৭৫৪ **উত্তর: খ**

◈ **আটলান্টিক মহাসাগরের কোন দ্বীপে নেপোলিয়নকে কারারুদ্ধ করে রাখা হয়েছিল?** *[শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তাঃ ০৩/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহ-রসায়নবিদঃ ০১/ সাব-রেজিস্ট্রারঃ ০১]*

ক. সেন্ট চার্লস খ. সেন্ট হেলেনা
গ. সেন্ট জন ঘ. সেন্ট পল **উত্তর: খ**

◈ **ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়নের জীবনাবসান হয় কোথায়?** *[২৬তম বিসিএস]*

ক. ওয়াটার লু নামক স্থানে খ. দ্বীপ এনাবার্তে
গ. ভার্সাই নগরিতে ঘ. সেন্ট হেলেনা দ্বীপে **উত্তর: ঘ**

◈ **ফ্রান্সের স্বাধীনতা যুদ্ধের নেতৃত্ব দেন?** *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে পুলিশ সহকারী রাসায়নিকঃ ০২]*

ক. চার্লস ডি গ্যালে খ. নেলসন ম্যান্ডেলা
গ. জুমো কেনিয়াটা ঘ. কিনেথ কাউন্ডা **উত্তর: ক**

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◆ **Eifel Tower এর পাশ দিয়ে কোন নদী প্রবাহিত?** *[শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (খ ইউনিট)]ঃ ০৫-০৬]*
ক. Saar খ. Daniub
গ. Rhine ঘ. Seine **উত্তরঃ ঘ**

◆ **আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?** *[২১তম বিসিএস/অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী ২০১১/জেলা সহকারী শিক্ষা অফিসারঃ ০৩/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে সহকারী শ্রম অফিসারঃ ০৩/ শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালকঃ ০১/ জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিবঃ ৯৬]*
ক. লন্ডনে খ. মিউনিখে
গ. হংকং-এ ঘ. প্যারিসে **উত্তরঃ ঘ**

◆ আইফেল টাওয়ারের উচ্চতা কত? *[আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭]*
ক. ৯৮৫ ফুট খ. ৮৮৫ ফুট
গ. ৯৭৫ ফুট ঘ. ৯৯৫ ফুট **উত্তরঃ খ**

◆ আইফেল টাওয়ার কোথায় অবস্থিত? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২]*
ক. প্যারিস খ. মস্কো
গ. মিউনিখ ঘ. লন্ডন **উত্তরঃ ক**

◆ **ফ্রান্সের প্রেসিডেন্টের মেয়াদকাল কত বৎসর?** *[আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্টঃ-০৫]*
ক. ৪ বৎসর খ. ৫ বৎসর
গ. ৬ বৎসর ঘ. ৭ বৎসর **উত্তরঃ খ**

◆ **ফ্রান্স এর সরকার পদ্ধতি কোন ধরনের?** *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,সরকার ও রাজনীতি বিভাগঃ ০৯-১০]*
ক. রাষ্ট্রপতি শাসিত খ. আধা রাষ্ট্রপতি শাসিত
গ. সংসদীয় ঘ. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র **উত্তরঃ খ**

◆ **ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারী বাসভবনের নাম কি?** *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, চ ইউনিটঃ ০৭-০৮]*
খ. মারদেকা প্রসাদ খ. এলিসি প্রাসাদ
গ. বাকিংহাম প্রাসাদ ঘ. মানালা প্রাসাদ **উত্তরঃ খ**

◆ **এলিসি প্রাসাদ হলো**–*[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ছ ইউনিটঃ ০৩-০৪]*
ক. স্পেনের রানীর প্রাসাদ খ. ফরাসি প্রেসিডেন্টের সরকারি বাসভবন
গ. ভারতের রাষ্ট্রপতির বাসভবন ঘ. ব্রিটেনের প্রধানমন্ত্রীর বাসভবন **উত্তরঃ খ**

◆ **এলিসি প্রাসাদ অবস্থিত**–*[বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী ২০১২]*
ক. প্যারিস খ. ওয়াশিংটন
গ. কাঠমান্ডু ঘ. নিউইয়র্ক **উত্তরঃ ক**

◆ **ফ্রান্স ও ইংল্যান্ডকে সংযোগকারী সমুদ্র তলদেশ দিয়ে নির্মিত টানেলটির দৈর্ঘ্য**-- *[দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শকঃ ০৪/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শকঃ ০৩]*
ক. ২০ কিলোমিটার খ. ২৫ কিলোমিটার
গ. ৪০ কিলোমিটার ঘ. ৫০ কিলোমিটার **উত্তরঃ ঘ**

◆ **পৃথিবীর দীর্ঘতম টানেল কোথায়?** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসারঃ ৯৯]*
ক. চীনে খ. যুক্তরাজ্যে
গ. ফ্রান্সে ঘ. জাপানে **উত্তরঃ ঘ**

◆ **ফ্রান্সের নতুন প্রেসিডেন্টের নাম কি?** *[তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২]*
ক. নিকোলাই সারকোজি খ. ফ্রাঁসোয়া ওঁলাদ
গ. ফ্রাঁসোয়া মিতেরা ঘ. জ্যাক সিরাক **উত্তরঃ খ**

◆ **কোন দেশে ল্যুভর মিউজিয়াম অবস্থিত?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২]*
ক. যুক্তরাজ্য খ. যুক্তরাষ্ট্র
গ. রাশিয়া ঘ. ফ্রান্স **উত্তরঃ ঘ**

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

সরকার **Govt**	* সরকার ব্যবস্থা: সংসদীয় গণতন্ত্র * রাষ্ট্রপ্রধান: জোয়াচিম গাউক। * সরকার প্রধান: চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল। * ক্ষমতাসীন দল: Christian Democratic Union (CDU)
চ্যান্সেলর **Chancellor**	* প্রধানমন্ত্রীর সমতুল্য পদ। * জার্মানির প্রথম চ্যান্সেলর অটোভন বিসমার্ক। (১৮৭১-৯০) তিনি আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা। * অ্যাঞ্জেলা মার্কেল জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর।
এডলফ হিটলার **Adolf Hitler**	এডলফ হিটলার ১৮৮৯ সালে অস্ট্রিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি National Socialist German Worker's Party সংক্ষেপে নাৎসি পার্টির (Nazi Party) নেতা ছিলেন। তার বিখ্যাত গ্রন্থ মেইন ক্যাম্প (Mein Kampf) ইংরেজি অর্থ 'My Struggle' ১৯২৫ সালে প্রকাশিত হয়। এটি তার আত্মজীবনীমূলক গ্রন্থ। এই গ্রন্থে তার রাজনৈতিক মতাদর্শ তুলে ধরেন। তিনি ১৯৩৩ থেকে ১৯৪৫ সাল পর্যন্ত জার্মানির চ্যান্সেলর ছিলেন। ১৯৩৩ সালে তিনি গোপন পুলিশ বাহিনী 'গেস্টাপো' (Gestapo) গঠন করেন। হিটলারের উগ্র জাতীয়তাবাদ নীতির জন্য দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরু হয়। ১৯৪৫ সালের ৩০ মে বার্লিনের ফুয়েরার বাঙ্কারে সস্ত্রীক আত্মহত্যা করেন।
বার্লিন প্রাচীর  **Barlin Wall**	দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানির নিয়ন্ত্রণ নেয় মিত্রশক্তি। প্রাথমিকভাবে যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স এবং সোভিয়েত ইউনিয়নের অধীনে চার ভাগে বিভক্ত হয়ে যায় দেশটি। একইভাবে রাজধানী বার্লিনও চার ভাগে বিভক্ত হয়। পরে ১৯৪৯ সালে সোভিয়েত নিয়ন্ত্রণে থাকা পূর্ব জার্মানিকে 'জার্মান ডেমোক্রেটিক রিপাবলিক' হিসাবে ঘোষণা করা হয়। অন্যদিকে বাকি তিনদেশের নিয়ন্ত্রণে থাকা জার্মানির অংশকে একীভূত করে 'ফেডারেল রিপাবলিক অব জার্মানি' গঠন এবং পুঁজিবাদী ব্যবস্থা চালু করা হয়। সোভিয়েত নিয়ন্ত্রিত পূর্ব জার্মানির কমনিস্ট শাসকেরা ১৯৬১ সালে পশ্চিম জার্মানি থেকে আলাদা হওয়ার জন্য শহরের মাঝ দিয়ে ১৫৫ কি.মি. লম্বা কংক্রিটের প্রাচীর তুলে দিয়েছিল। পশ্চিম জার্মানির পুঁজিবাদের ধাক্কা যেন কমনিস্ট শাসিত পূর্ব জার্মানিতে না লাগে, সেজন্যই তৈরি করা হয়েছিল এ বিভেদ প্রাচীর। এই বিভেদ প্রাচীরের পতন ঘটেছিল ১৯৮৯ সালের ৯ নভেম্বর। ১৯৯০ সালের ৩ অক্টোবর (মধ্যরাতে) দুই জার্মানি একীভূত হয়।

www.fb.com/tanbir.ebooks

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ বিসমার্ক কে ছিলেন? *[থানা নির্বাচন অফিসার: ০৪]*

ক. ফ্রান্সের প্রেসিডেন্ট　　খ. জার্মানির চ্যান্সেলর

গ. ইংল্যান্ডের প্রধানমন্ত্রী　　ঘ. অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী　　উত্তর: খ

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◈ জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর কে? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সমাজবিজ্ঞান)ঃ ০৫-০৬]*

ক. মাইকেল অ্যাঞ্জেলা খ. অ্যাঞ্জেলা মার্কেল
গ. মাইকেল গ্রিফিন ঘ. পল উলফোভিৎস উত্তর: খ

◈ জার্মানির বর্তমান চ্যান্সেলরের নাম কি? *[সমাজ কল্যাণমন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল)ঃ ০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৫-০৬]*

ক. শ্রোয়েডার খ. এঞ্জেলা মার্কেল
গ. হেলমুট স্মিথ ঘ. হেলমুট কোল উত্তর: খ

◈ নিম্নের জার্মানির কোন রাজা ইংল্যান্ডের সিংহাসনে বসেন? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সহকারী: ১০]*

ক. প্রথম জর্জ খ. দ্বিতীয় জর্জ
গ. তৃতীয় জর্জ উত্তর: ক

ব্যাখ্যা: রাজা প্রথম জর্জ জার্মানিতে জন্মগ্রহণ করেন। ১৭১৪ সালে ব্রিটিশ রাজসিংহাসনে আরোহণ করেন।

◈ এডলফ হিটলার কোন দেশে জন্মগ্রহণ করেন? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৫-০৬]*

ক. অস্ট্রিয়া খ. ইতালি
গ. জার্মানি ঘ. ফ্রান্স উত্তর: ক

◈ হিটলারের দলের নাম– *[মৎস্য হিসাবরক্ষক ও লিপিকার এর অধীনে 'অডিটর': ১৮/ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১৭]*

ক. জাতীয় সমাজতান্ত্রিক দল খ. সমাজতান্ত্রিক দল
গ. জাতীয়তাবাদী দল ঘ. জার্মান ফ্যাসীবাদী দল উত্তর: ঘ

◈ **Mein-Kampf**-এর লেখক কে? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৫-০৬]*

ক. উইনস্টোন চার্চিল খ. কার্ল মার্কস
গ. এডলফ হিটলার ঘ. আবুল কালাম উত্তর: গ

◈ হিটলারের গোপন পুলিশ বাহিনীর নাম কি ছিল? *[উপজেলা ও থানা শিক্ষা অফিসারঃ ০৫/জেলা প্রাথমিক শিক্ষা অফিসারঃ ৯৩]*

ক. ফুয়েরার খ. সি.আই.এ
গ. কে.জি.বি ঘ. গেস্টাপো উত্তর: ঘ

◈ বার্লিনের দেওয়াল **(Barlin Wall)** কোন সালে নির্মিত হয়েছিল? *[১৬তম বিসিএস/ আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্টঃ ০৫/ সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক ঃ ০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০২-০৩/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০০-০১/ সাব-রেজিস্ট্রারঃ ০১]*

ক. ১৯৪৬ খ. ১৯৪৮
গ. ১৯৬১ ঘ. ১৯৬২ উত্তর: গ

◈ বার্লিন প্রাচীর তৈরি করেছিল– *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়কঃ ০৫/ পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটরঃ ০২]*

ক. সাবেক পূর্ব জার্মানি খ. সাবেক পশ্চিম জার্মানি
গ. দুই জার্মানি একত্রে ঘ. রাশিয়া উত্তর: ক

◈ বার্লিন দেওয়াল কোন সালে ভেঙে ফেলা হয়? *ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩)ঃ ০৮/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৩-০৪]*

ক.১৯৬১ খ. ১৯৭৫
গ. ১৯৮৯ ঘ. ১৯৯০ উত্তর: গ

◈ আনুষ্ঠানিকভাবে দুই জার্মানি একত্রিত হয়– *[১৩তম বিসিএস /ইসলামী ব্যাংকের সহকারী অফিসার (গ্রেড-৩)ঃ ০৮]*

ক. ২ অক্টোবর, ১৯৯০ খ. ৩ অক্টোবর, ১৯৯০
গ. ৪ নভেম্বর, ১৯৯০ ঘ. ৫ ডিসেম্বর, ১৯৯০ উত্তর: খ

◈ পূর্ব ও পশ্চিম জার্মানি কোন সালে একীভূত হয়? *[৫ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১০/ নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসারঃ ০৪]*

ক. ১৯৮০ খ. ১৯৭০ গ. ১৯৯০
ঘ. ১৯৬০ ঙ. ১৯৫০ উত্তর: গ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ পূর্ব জার্মানি রাষ্ট্রের অবলুপ্তি ঘোষিত হয় কত সালে? *[সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসারঃ ০৬/ মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা কর্মকতাঃ ০৫]*

ক. ১৯৮৭ খ. ১৯৯০
গ. ১৯৯১ ঘ. ১৯৯২ উত্তর: খ

◈ **GIZ** কোন দেশের সংস্থা? *[বিসিআইসির সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১]*

ক. জাপান খ. জার্মানি
গ. সুইজারল্যান্ড ঘ. বেলজিয়াম উত্তর: খ

◈ ব্ল্যাক ফরেস্ট কোন দেশে অবস্থিত? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]*

ক. জার্মানিতে খ. যুক্তরাষ্ট্রে
গ. জাপানে ঘ. রাশিয়ায় উত্তরঃ ক

ইতালি (Italy)

European Rennaissance ইউরোপে রেনেসাঁ	* Renaissance ইতালিয়ান শব্দ। এর অর্থ 'rebirth' বা নবজীবন। * ইউরোপের রেনেসাঁ বলতে ইউরাপের সাংস্কৃতিক আন্দোলনকে বোঝায়। * সময়কাল: চতুর্দশ-সপ্তদশ শতাব্দী। ইউরোপে রেনেসাঁ শুরু হয় ইতালির ফ্লোরেন্স শহর হতে। * লিওনার্দো দ্য ভিঞ্চি এবং মাইকেল অ্যাঞ্জেলাকে Renaissance man বলা হয়।
 বেনিটো মুসোলিনী Benito Mussolini	* ইতালির ৪০ তম প্রধানমন্ত্রী ছিলেন। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অক্ষশক্তির নেতা ছিলেন। * তাঁর রাজনৈতিক দলের নাম ছিল জাতীয়তাবাদী ফ্যাসিস্ট পার্টি (National Fascist Party) । তিনি ফ্যাসিজমের প্রবর্তক।
সরকার Government	* সরকার ব্যবস্থা: সংসদীয় গণতন্ত্র। * রাষ্ট্রপ্রধান: প্রেসিডেন্ট জর্জিও নেপোলিতনো। * সরকার প্রধান: প্রধানমন্ত্রী মাত্তিও রেনজি। * ক্ষমতাসীন দল : Democratic Party.

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **Renaissance** কথাটির অর্থ কি? *[মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অধীক্ষক'ঃ ৯৮]*

ক. মৃত্যু খ. বার্ধক্য
গ. পৌঢ়ত্ব ঘ. নবজীবন উত্তর: ঘ

◈ **Rennaissance is :** *[Standard Bank officer: 09]*

ক. An event of Russian revolution
খ. An event of Frence Revolution
গ. A period of revival or rebirth of learning
ঘ. A war which took place between England and France উত্তর: গ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- ইউরোপে রেনেসাঁ শুরু হয়-*[দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ৯৭]*
  ক. পঞ্চদশ শতাব্দীতে খ. ষোড়শ শতাব্দীতে
  গ. চতুর্দশ শতাব্দীতে ঘ. সপ্তদশ শতাব্দীতে উত্তর: গ
- **European Renaissance refers to :** *[IFIC Bank Proationary Officer: 96]*
  ক. Religious reforms in Europe
  খ. European conquest of the Americas
  গ. Regeneration of the arts and literature starting in Italy
  ঘ. Unification of certain European states উত্তর: গ
- **The beginning of the Renaissance may be traced to the city of :** *[শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক: ০১]*
  ক. Venice খ. London
  গ. Paris ঘ. Florence উত্তর: ঘ
- বেনিটো মুসোলিনী কোন দেশের নেতা ছিলেন? *[প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা: ০৪]*
  ক. ফ্রান্স খ. ব্রিটেন
  গ. ইটালি ঘ. পর্তুগাল উত্তর: গ
- ফ্যাসিজম এর প্রবর্তক কে ছিলেন? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান): ০৫-০৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬/ ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০২-০৩/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নিয়োগ পরীক্ষা: ৯৩]*
  ক. হিটলার খ. জেনারেল ফ্রাঙ্ক
  গ. স্ট্যালিন ঘ. মুসোলিনি উত্তর: ঘ

রাশিয়া (Russia)

রাশিয়ার সম্রাট
Russian Empire
(১৭২১-১৯১৭)

* রাশিয়ার সম্রাটদের জার বলা হত।
* এ সময় রাশিয়ার রাজধানী ছিল সেন্টপিটার্সবার্গ।
* পিটার দি গ্রেট: রাশিয়ার প্রথম সম্রাট। তিনি দাড়ির উপর কর বসিয়েছিলেন।

পিটার দি গ্রেট

দ্বিতীয় নিকোলাস জার

* দ্বিতীয় নিকোলাস জার: রাশিয়ার সর্বশেষ সম্রাট। রুশ বিপ্লব (১৯১৭খ্রি) এর মাধ্যমে জারতন্ত্রের পতন হয়।

রুশ বিপ্লব
Russian Revolution
1917

* প্রথম পর্যায়: ১৯১৭ সালের ফেব্রুয়ারি মাসে পেট্রোগ্রাডে শ্রমিক ধর্মঘট শুরু হয়। জার দ্বিতীয় নিকোলাস বিদ্রোহ দমনে ব্যর্থ হলে পদত্যাগ করতে বাধ্য হন। ডুমার নির্বাচিত প্রতিনিধিগণ 'অস্থায়ী রাশিয়ান সরকার' গঠন করেন।
* দ্বিতীয় পর্যায়: অস্থায়ী রাশিয়ান

রুশ বিপ্লব

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

সরকার জনগণের দাবি পূরণে ব্যর্থ হলে দেশে তীব্র অসন্তোষ দেখা দেয়। বলশেভিক দলের নেতা লেনিন বিপ্লবের ডাক দেন। তাঁর সহকর্মী ট্রটস্কি ও স্ট্যাটিলের সহায়তায় শাসন ক্ষমতা দখল করেন। ১৯১৭ সালের অক্টোবরে সংঘটিত সাড়া জাগানো এ রুশ বিপ্লবের স্থায়িত্ব ছিল মাত্র ১০দিন। এই বিপ্লব 'অক্টোবর বিপ্লব' নামেও পরিচিত।

* রুশ বিপ্লবের পর ১৯১৮ সালের ১২ মার্চ রাশিয়ার রাজধানী পেট্রোগ্রাড হতে মস্কোয় স্থানান্তর করা হয়।

ভ্লাদিমির লেনিন
Vladimir Lenin

* রুশ বিপ্লবের মহান নায়ক।
* পুরো নাম: ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেনিন।
* ১৯২৪ সালে মৃত্যুবরণ করেন। তাঁর মৃতদেহ মস্কোর রেড স্কোয়ারে লেনিন যাদুঘরে সংরক্ষিত আছে।

রেড আর্মি
Red Army

রুশ বিপ্লব ও রাশিয়ার গৃহযুদ্ধের সময়কালীন বিপ্লবী রুশ বাহিনী 'রেড আর্মি' নামে খ্যাতি লাভ করে। পরবর্তীতে সোভিয়েত সেনাবাহিনীর নাম 'রেড আর্মি' করা হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সোভিয়েত সেনাবাহিনীর নাম রেড আর্মি'র পরিবর্তে 'সোভিয়েত আর্মি' রাখা হয়।

সোভিয়েত ইউনিয়ন
Union of Soviet Socialist Republic (USSR)

* ১৯২২ সালের ১২ ডিসেম্বর সোভিয়েত ইউনিয়ন গঠিত হয়। এটি পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র।
* ১৯৯১ সালে ২৬ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়। যথা-

- রাশিয়া
- মালদাভিয়া
- বেলারুশ
- আজারবাইজান
- আর্মেনিয়া
- কাজাকিস্তান
- উজবেকিস্তান
- তুর্কমেনিস্তান
- তাজাকিস্তান
- কিরঘিজস্তান
- ইউক্রেন
- এস্তোনিয়া
- লিথুয়ানিয়া
- ল্যাটভিয়া
- জর্জিয়া



চিত্র: সাবেক সোভিয়েত ইউনিয়নের দেশসমূহ

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

Common Wealth of Independent States (CIS)	* প্রতিষ্ঠাকাল: ১৯৯১ সালের ৮ ডিসেম্বর। * সদর দপ্তর: মিনস্ক, বেলারুশ। * সদস্য: প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের কয়েকটি দেশ ১০টি দেশ । • রাশিয়া • মালদাভিয়া • বেলারুশ • আজারবাইজান • আর্মেনিয়া • কাজাকিস্তান • উজবেকিস্তান • তুর্কমেনিস্তান • তাজাকিস্তান • কিরঘিজস্তান * অংশগ্রহণকারী দেশ (**Participating Countries**): ইউক্রেন। * প্রাক্তন সদস্য: জর্জিয়া।
মিখাইল গর্ভাচেভ Mikhail Gorbachev	* ১৯৮৫-৯০ সাল পর্যন্ত সোভিয়েত কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ১৯৮৮-১৯৯১ সাল পর্যন্ত সোভিয়েত ইউনিয়নের রাষ্ট্রনায়কের দায়িত্ব পালন করেন। * **Perestroika:** পেরেস্ত্রইকা শব্দের অর্থ সংস্কার বা পুনর্গঠন। গর্ভাচেভ ১৯৮৭ এই রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কার কর্মসূচি চালু করেন। * **Glasnost:** গ্লাস্তনস্ত অর্থ খোলামেলা আলোচনা। গর্বাচেভ ছিলেন এই নীতির প্রবক্তা। এই নীতির কারণে সোভিয়েত ইউনিয়নের জনগণ খোলামেলাভাবে মত প্রকাশের সুযোগ পায়।
চেচনিয়া সমস্যা Chechnya Dispute	ককেশাস অঞ্চল অবস্থিত মুসলিম অধ্যুষিত অঞ্চল। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পর অঞ্চলটি স্বাধীনতা ঘোষণা করে। প্রথম চেচেন যুদ্ধের (১৯৯৪-১৯৯৬) পর এ অঞ্চলটি মূলত স্বাধীন হয়ে পড়ে। দ্বিতীয় চেচেন যুদ্ধের (১৯৯৯-২০০০) পর রাশিয়া এ অঞ্চলে কর্তৃত্ব পুনঃ প্রতিষ্ঠায় সক্ষম হয়।
রুশ ফেডারেশন	প্রতিষ্ঠাকাল: ২৬ ডিসেম্বর, ১৯৯১
সরকার Govt.	* সরকার ব্যবস্থা: ফেডারেল আধারাষ্ট্রপতি শাসিত গণতন্ত্র। * রাষ্ট্রপ্রধান: ভ্লাদিমির পুতিন। * সরকার প্রধান: দিমিত্রি মেদভেদেভ । * ক্ষমতাসীন দল: ইউনাইটেড রাশিয়া।
সীমানা	আর্কটিকের বৃহত্তম সীমান্ত রাশিয়ার সাথে অবস্থিত।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ মহান পিটার যে দেশের শাসক ছিলেন? *[জাতীয় বিশ্ববিদ্যালয় মানবিক ঃ ০৮-০৯]*

ক. অস্ট্রিয়া খ. রাশিয়া
গ. প্রুশিয়া ঘ. ডেনমার্ক উত্তর: খ

◊ রাশিয়ায় জারতন্ত্রের অবসান ঘটে কবে? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগ: ০৯-১০]*

ক. ১৯১৫ খ্রিস্টাব্দে খ. ১৯১৭ খ্রিস্টাব্দে
গ. ১৯২০ খ্রিস্টাব্দে ঘ. ১৯২৭ খ্রিস্টাব্দে উত্তর: খ

◊ লেনিনের নেতৃত্বে রুশ বিপ্লব সংঘটিত হয়েছিল? *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরে সহকারী পরিচালক: ০৭/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬/ মাধ্যমিক অধিদপ্তরের সহকারী অফিসার: ০৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৩-০৪]*

অথবা,

রুশ বিপ্লব সংঘটিত হয়– *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরে সহকারী পরিচালক ২০০৭/ সহকারী জজ প্রিলিমিনারি টেস্ট-২০০৭]*

ক. ১৯১৫ সালে খ. ১৯১৬ সালে
গ. ১৯১৭ সালে ঘ. ১৯১৮ সালে উত্তর: গ

◊ যে বছর রাশিয়ায় বলশেভিক বিপ্লব সংঘটিত হয়– *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৭-০৮]*

ক. ১৯১৬ খ. ১৯১৭
গ. ১৯৪৯ ঘ. ১৯৬২ উত্তর: খ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ 'অক্টোবর বিপ্লব' কোন দেশে সংঘটিত হয়েছিল? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৯-১০]
ক. জার্মানি খ. ফ্রান্স
গ. রাশিয়া ঘ. যুক্তরাষ্ট্র উত্তর: গ

◈ কোন ঘটনাটি আগে ঘটেছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৪-০৫]
ক. রাশিয়ার বলশেভিক বিপ্লব খ. ভারতের স্বাধীনতা লাভ
গ. জাতিসংঘের জন্ম ঘ. দ্বিতীয় মহাযুদ্ধ উত্তর: ক
ব্যাখ্যা: রাশিয়ার বলশেভিক বিপ্লব-১৯১৭ খ্রি:, ভারতের স্বাধীনতা লাভ-১৯৪৭ খ্রি:, জাতিসংঘের জন্ম- ১৯৪৫ খ্রি; দ্বিতীয় বিশ্বযুদ্ধ: ১৯৩৯-৪৫

◈ ১৯১৮ সালের পূর্বে রাশিয়ার রাজধানী কোথায় ছিল? [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ক. সুরগুভ খ. কোটলাস
গ. পেট্রোগ্রাড ঘ. ভলগাদা উত্তর: গ

◈ পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম কী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, খ-ইউনিট: ০৮-০৯]
ক. ভিয়েতনাম খ. সোভিয়েত রাশিয়া
গ. ফ্রান্স ঘ. চীন
ঙ. কিউবা উত্তর: খ

◈ সাবেক সোভিয়েত ইউনিয়নে গর্ভাচেভ ক্ষমতাসীন হয়েছিলেন? [দুর্নীতি দমন পরিদর্শক: ০৪]
ক. ১৯৮৫ সালে খ. ১৯৮৬ সালে
গ. ১৯৮৭ সালে ঘ. ১৯৯০ সালে উত্তর: ক

◈ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]
ক. স্টালিন খ. লেনিন
গ. রুজভেল্ট ঘ. হিটলার উত্তর: ক

◈ 'গ্লাসনস্ত'-এর অর্থ কি? [১৪তম বিসিএস/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. সমাজতন্ত্রের সংগঠন খ. সমাজতন্ত্র ও গণতন্ত্রের মধ্যে সামঞ্জস্য বিধান
গ. খোলামেলা আলোচনা ঘ. সমাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র প্রতিষ্ঠান উত্তর: গ

◈ Perestroika ও Glasnost এর উদ্যোক্তা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৬-০৭]
ক. প্রেসিডেন্ট ক্লিনটন খ. প্রেসিডেন্ট বুশ
গ. মিখাইল গর্বাচেভ ঘ. বরিস ইয়েলৎশিন উত্তর: গ

◈ কার নেতৃত্বে পেরেস্ত্রইকা বাস্তবায়িত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৭-০৮]
ক. ভাদিমির পুতিন খ. গর্বাচেভ
গ. স্টালিন ঘ. ইয়ালৎসিন উত্তর: খ

◈ আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন কত সালে বিলুপ্ত করা হয়? [সমাজসেবা অফিসার: ০৬]
ক. ১৯৯০ সালে খ. ১৯৯১ সালে
গ. ১৯৯৩ সালে ঘ. ১৯৯৪ সালে উত্তর: খ

◈ সাবেক সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে কয়টি রাষ্ট্র গঠন করা হয়েছিল? [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]
ক. ১০টি খ. ১৫টি
গ. ১২টি ঘ. ১৬টি উত্তর: খ

◈ কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস গঠিত হয়েছে – [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ: ০৯-১০]
ক. সাবেক ব্রিটিশ কলোনিসমূহ নিয়ে খ. ল্যাটিন আমেরিকার দেশগুলো নিয়ে
গ. এশিয়া ও আফ্রিকার জাতি-রাষ্ট্র এর সমন্বয়ে ঘ. সোভিয়েত ইউনিয়ন ভেঙে স্বাধীনতাপ্রাপ্ত রাষ্ট্রসমূহ নিয়ে উত্তর: ঘ

◈ সিআইএস (CIS)-এর সদর দপ্তর- [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব: ০৫]
ক. মস্কোতে খ. বাকুতে
গ. মিনস্কে ঘ. দুশানবে উত্তর: গ

www.facebook.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- CIS বা কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস-এর সদস্য সংখ্যা-*[পিএসসি সহকারী পরিচালকঃ ৯৮]*

ক. ১৪ খ. ১২
গ. ১১ ঘ. ১০ **উত্তর: ঘ**

- কোন দেশটি কমনওয়েলথ অফ ইনডিপেনডেন্ট স্টেটস (CIS) এর সদস্য রাষ্ট্র?

ক. পোল্যান্ড খ. চীন *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৩-০৪]*
গ. বেলারুশ ঘ. জার্মানি **উত্তর: গ**

- রাশিয়ার কোন অংশে চেচনিয়া অবস্থিত? *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৫-০৬]*

ক. সাইবেরিয়ায় খ. তাতারিস্তানে
গ. কাস্পিয়ানে ঘ. ককেশাসে **উত্তর: ঘ**

- কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত? *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ১০-১১]*

ক. আমেরিকা খ. নরওয়ে
গ. কানাডা ঘ. রাশিয়া **উত্তর: ঘ**

- বিশ্বের কোন রাষ্ট্রটি সর্বাধিক প্রতিবেশী রাষ্ট্র দ্বারা পরিবেষ্টিত? *[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১১]*

ক. চীন খ. রাশিয়া
গ. ভারত ঘ. আর্জেন্টিনা **উত্তর: খ**

- ডুমা কোন দেশের পার্লামেন্ট? *[আমদানি-রপ্তানি অধিদপ্তরের নির্বাহী অফিসার ২০০৭]*

ক. সুইডেন খ. জার্মানি
গ. রাশিয়া ঘ. নেদারল্যান্ড **উত্তর: গ**

গণচীন (People's Republic of China)

প্রতিষ্ঠাকাল	১ অক্টোবর, ১৯৪৯
প্রতিষ্ঠাতা	মাও সেতুং (Mao Zedong)
সরকার Govt.	* সরকার পদ্ধতি: কমিউনিস্ট রাষ্ট্র। * রাষ্ট্রপ্রধান: প্রেসিডেন্ট শি জিনপিং। * সরকার প্রধান: প্রধানমন্ত্রী লি কেকিয়াং। * ক্ষমতাসীন দল: Communist Party of China
চীনের গৃহযুদ্ধ (১৯২৭-১৯৪৯)	চীনা কমিউনিস্ট পার্টি (CPC) এবং চীনা জাতীয়তাবাদী দল (KMT)-এর অনুসারীদের মধ্যে যুদ্ধ হয়। মাও সেতুং এর নেতৃত্বাধীন চীনা কমিউনিস্ট পার্টির অনুসারীরা যুদ্ধে জয়ী হয় এবং People's Republic of China (গণচীন) প্রতিষ্ঠা করে। চায়না জাতীয়তাবাদী দলের নেতৃবৃন্দ তাইওয়ানে আশ্রয় নেন এবং Republic of China (তাইওয়ান) প্রতিষ্ঠা করেন। গণচীন প্রতিষ্ঠার ঘোষণা (১৯৪৯)
সাংস্কৃতিক বিপ্লব Cultural revolution	১৯৬৬ সালে চীনা কমিউনিস্ট পার্টির নেতা মাও সে তুং এর আহবানে চীনের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক উন্নয়নের লক্ষ্যে চীনে বিপ্লবের সূত্রপাত হয়। ১৯৭৬ সালে মাও সে তুং এর মৃত্যুর মাধ্যমে এই বিপ্লবের পরিসমাপ্তি ঘটে।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

তিয়েন আনমেন স্কোয়ার আন্দোলন
Tiananmen Square protests

১৯৮৯ সালে ১৪ এপ্রিল বেইজিং এর তিয়েন আনমেন স্কোয়ারে প্রায় ১০০০০ ছাত্র-বুদ্ধিজীবী অধিক গণতন্ত্র এবং মত প্রকাশের স্বাধীনতার দাবিতে সমেবেত হয়। চীনের সরকার এই সমাবেশে ব্যাপক হত্যাযজ্ঞ চালায়। এই সময় প্রায় ৩০০০ আন্দোলনকারীকে নির্মমভাবে হত্যা করা হয়।



তিয়েন আনমেন স্কোয়ারে এক আন্দোলনকারীকে হত্যার দৃশ্য

তিব্বত (Tibbet)

* তিব্বতের ধর্মীয় নেতাকে দালাইলামা (Dalai Lama) বলে।
* চীন ১৯৫০ সালে তিব্বতের উপর চীনের সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করে। বর্তমানে তিব্বত চীনের একটি স্বায়ত্তশাসিত অঞ্চল।
* ১৯৫৯ সালে চতুর্দশ দালাইলামা তাঁর অনুসারীদের নিয়ে ভারতে ধর্মশালায় পালিয়ে যান এবং নির্বাসিত তিব্বত সরকার প্রতিষ্ঠা করেন। চীন এই সরকারকে প্রত্যাখ্যান করে।

ম্যাকাও (Macau)

* চীনের একটি বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল। বর্তমানে 'এক দেশ, দুই পদ্ধতি' (One Country, Two System)-তে পরিচালিত হয়- ২০৪৯ সাল পর্যন্ত এ পদ্ধতি চালু থাকবে।
* <u>ম্যাকাওয়ের রাজনৈতিক ইতিহাস:</u>

পর্তুগিজ নিয়ন্ত্রিত বাণিজ্য কেন্দ্র (১৫৫৭ খ্রি:)

↓

পর্তুগিজ কলোনিতে (১৮৮৭ খ্রি:)

↓

১৯৯৯ সালের ২০ ডিসেম্বর পর্তুগাল গণচীনের নিকট ম্যাকাও ফেরত দেয়।

হংকং (Hongkong)

* চীনের একটি বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল। বর্তমানে 'এক দেশ, দুই পদ্ধতি' (One Country, Two System)-তে পরিচালিত হয়- ২০৪৭ সাল পর্যন্ত এ পদ্ধতি চালু থাকবে।

<u>হংকংয়ের রাজনৈতিক ইতিহাস:</u>

নানকিং চুক্তি (Treaty of Nanking)-১৮৪২ খ্রিষ্টাব্দ প্রথম আফিমের যুদ্ধে ব্রিটেনের নিকট চীন পরাজিত হলে হংকং ব্রিটিশ কলোনিতে পরিণত হয়।

↓

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

	কনভেনশন অব এক্সটেনশন অব হংকং টোরটোর (Convention for the Extension of Hong Kong Territory)- ১৮৯৮ খ্রিষ্টাব্দ চীন ৯৯ বছরের জন্য হংকং ব্রিটিশ সরকারের নিকট লিজ দেয়। ↓ ব্রিটিশ সরকার ১৯৯৭ সালের ১ জুলাই হংকং চীনের নিকট ফেরত দেয়।
...চীনের মহাপ্রাচীর  ...at Wall of China	* প্রাচীরের দৈর্ঘ্য: - পরিখা, প্রাকৃতিক প্রতিবন্ধকসহ ৮৮৫০ কি.মি.(৫৫০০ মাইল) - প্রকৃত প্রাচীরের দৈর্ঘ্য ৬২৬০ কি.মি. (৩৮৯০ মাইল) * অবস্থান: চীনের উত্তর সীমান্তে অবস্থিত। * নির্মাণকাল: খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দী-ষোড়শ শতাব্দী - কিন শাসনামলে (খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দী-খ্রিস্টপূর্ব ২২১ অব্দ) - মিনগ শাসনামলে (১৪৪০-১৪৬০ খ্রিস্টাব্দ) * মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা।
...ল অব দ্য পিপলস ...Hall of the People	অবস্থান: বেইজিং, চীন। পরিচিতি: চীনের পার্লামেন্ট ভবন। 
...মা	চীনের সাথে বিশ্বের সর্বাধিক ১৪ টি দেশের জল ও স্থল সীমান্ত রয়েছে। (উল্লেখ্য- রাশিয়ার সাথেও সর্বাধিক ১৪টি দেশের সীমান্ত রয়েছে।)
...তি	চীনের অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বর্তমানে বিশ্বের মধ্যে সর্বোচ্চ।
...ং (Falun Gong)	চীনের একটি আধ্যাত্মিক আন্দোলন

<u>বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর</u>

...গণচীনের প্রতিষ্ঠাতা কে? *[তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালক: ০১]*

ক. মাও সেতুং — খ. সান ইয়াৎ সেন

গ. চিয়াং কাইশেক — ঘ. লিও শাও চি — উত্তর: ক

...চীনে কত সালে কমিউনিজম প্রতিষ্ঠিত হয়? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ: ০৯-১০]*

ক. ১৯৭১ — খ. ১৯৫০

গ. ১৯৮০ — ঘ. ১৯৪৯ — উত্তর: ঘ

...সাংস্কৃতিক বিপ্লব কোথায় সংঘটিত হয়? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ই ইউনিট: ০৯-১০]*

ক. কিউবা — খ. চীন

গ. রাশিয়া — ঘ. চিনি — উত্তর: খ

...চীনের সাথে কয়টি দেশের জল ও স্থল সীমান্ত রয়েছে? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (লোকপ্রশাসন বিভাগ): ০৫-০৬]*

ক. ১২টি — খ. ১৪টি

গ. ১৬ টি — ঘ. ১৮টি — উত্তর: খ

...'তিয়েন আনমেন স্কোয়ার' কোথায় অবস্থিত? *[পরিবেশ ও বন মন্ত্রণালয়ের পরিবেশ অধিদপ্তরের ফিল্ড ইনভেস্টিগেটর এবং রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬]*

ক. বেইজিং — খ. সাংহাই

গ. হংকং — ঘ. ক্যান্টন — উত্তর: ক

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ কত সালে নানকিং চুক্তি স্বাক্ষরিত হয়েছিল, যে চুক্তির অধীনে হংকংকে ব্রিটিশ কলো
হিসেবে ঘোষণা দেয়া হয়েছিল? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তাঃ ০৬]*

ক. ১৮৩৯ খ. ১৮৪২
গ. ১৮৪৩ ঘ. ১৮৫৬ উত্তর: গ

◈ কত খ্রিস্টাব্দে ইংল্যান্ড চীনের কাছ থেকে হংকং শহর লিজ গ্রহণ করে? *[Sonali, Jana Agrani and Rupali Bank Senior Officer: 98]*

ক. ১৬৯৮ খ. ১৭৯৮
গ. ১৮৯৮ ঘ. ১৯৪৪ উত্তর: গ

◈ হংকং কোন সালে যুক্তরাজ্যের কর্তৃত্ব থেকে চীনের হাতে চলে আসে? *[কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার ০৭/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ব ইউনিট: ০৬-০৭/ এলজিইডিতে সহকারী প্রকৌশলীঃ ০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৪-০৫]*

অথবা,

কোন সালে চীনের নিকট হংকং হস্তান্তর করা হয়? *[সহকারী জজ প্রিলিমিনারি টেস্ট-২০০৭]*

ক. ১ জানুয়ারী, ১৯৯৭ খ. ১ মার্চ, ১৯৯৭
গ. ১ জুলাই, ১৯৯৭ ঘ. ১ সেপ্টেম্বর, ১৯৯৭ উত্তর: গ

◈ ১৯৯৭ সালে এশিয়ার কোন রাষ্ট্রে 'এক দেশ, দুই পদ্ধতি' নীতি চালু হবে? *[১৪তম বিসিএস]*

ক. লাওস খ. ভিয়েতনাম
গ. মঙ্গোলিয়া ঘ. গণচীন উত্তর: ঘ

◈ চীনের "দ্বৈত অর্থনীতির" ধারণা প্রধানত কোন বাস্তবতার নিরীখে গৃহীত? *[২০তম বিসিএস]*

ক. বাজার অর্থনীতিকে গ্রহণযোগ্য করা খ. মতাদর্শগত ধারণার সমন্বয় সাধন
গ. হংকং এর অর্থনীতিকে সচল রাখা ঘ. তাইওয়ানকে চীনের অন্তর্ভূক্তিকরণ উত্তর: গ

◈ 'এক দেশ দুই নীতি' কোন দেশে চালু আছে? *[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রারম্ভিক পরীক্ষা ২০১১]*

ক. কানাডায় খ. ভারতে
গ. চীনে ঘ. যুক্তরাষ্ট্রে উত্তর: গ

◈ 'ম্যাকাও' চীন সাগরে অবস্থিত একটি দ্বীপ যা কিনা একটি ইউরোপীয় দেশের কলোনী। ইউরোপীয় দেশটি কি ? *[২০তম বিসিএস/ পিএসসি সহকারী পরিচালকঃ ৯৮]*

ক. নেদারল্যান্ড খ. স্পেন
গ. পর্তুগাল ঘ. ইউ. কে উত্তর: গ

◈ কোনটি বিংশ শতাব্দীর শেষভাগে উপনিবেশবাদের নিগড় থেকে মুক্ত হয়? *[২৭ তম বিসিএস]*

ক. হংকং খ. শ্রীলংকা
গ. ম্যাকাউ ঘ. বাংলাদেশ উত্তর: গ

◈ চীনের প্রাচীরের দৈর্ঘ্য কত মাইল? *[বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালকঃ ৯০]*

ক. ২৪৮০ খ. ২২০০
গ. ৩৪২৪ ঘ. ৩২০০ উত্তর: গ

◈ চীনের প্রাচীরের দৈর্ঘ্য কত? *[শ্রম মন্ত্রণালয়ের শ্রম পরিচালক: ০৩]*

ক. ৬৪০০ কি.মি. খ. ৬০০০ কি.মি.
গ. ৫০০০ কি.মি. ঘ. ৪৮০০ কি.মি. উত্তর: ক

◈ বর্তমান বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনৈতিক ক্ষমতাধর রাষ্ট্র- *[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রারম্ভিক পরীক্ষা ২০১১]*

ক. ভারত খ. জাপান
গ. চীন ঘ. আমেরিকা উত্তর: গ

◈ 'চীনের প্রাচীর' চীন দেশের কোন সীমান্তে অবস্থিত? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাঃ ০১]*

ক. উত্তর খ. পশ্চিম
গ. পূর্ব ঘ. দক্ষিণ উত্তর: ক

খ্রিস্টধর্মের প্রবর্তক যীশুখ্রিষ্ট। ১লা খ্রিষ্টাব্দে তিনি জেরুজালেমের বেথেলহামে জন্মগ্রহণ করেন। তাঁর মায়ের নাম মেরী। প্যালেস্টাইন সে সময় ছিল রোম সম্রাজ্যের অধীন একটি প্রদেশ। এর অধিবাসীরা ছিল ইহুদী। ইহুদিধর্ম তখন নানা অনাচারে ভরে গিয়েছিল। যীশু খ্রিস্ট সর্বশক্তিমান এক আল্লাহর উপাসনা করা ও খারাপ কাজের জন্য অনুতাপ করার আহবান জানিয়েছিলেন। এতে ইহুদীরা ভীষণ ক্ষেপে যায়। তারা যীশুর বিরুদ্ধে দেশদ্রোহিতা ও ধর্মদ্রোহিতার অভিযোগ আনে। রোম সম্রাট অগাস্টীন সিজারের প্রতিনিধি পন্টিয়াস পাইলেট তাঁর প্রাণদণ্ডের আদেশ দেন। খ্রিস্টধর্মালম্বীদের মতে, তাঁকে ক্রুশবিদ্ধ করে হত্যা করা হয়।

যীশুখ্রিস্ট (Jesus Christ)

খ্রিস্টানদের পবিত্র ধর্মগ্রন্থের নাম বাইবেল। এটি হিব্রু ভাষায় রচিত হলেও পৃথিবীর বিভিন্ন ভাষায় এর অনুবাদ হয়েছে। খ্রিস্টানরা গির্জায় গিয়ে উপাসনা করে। জেরুজালেম তাদের পবিত্র তীর্থস্থান এবং জর্ডান তাদের পবিত্র নদী।

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

পৃথিবীতে বর্তমানে খ্রিস্টান ধর্মাবলম্বীদের সংখ্যা সর্বাধিক। খ্রিস্টান ধর্মাবলম্বীরা দুইটি ধারায় বিভক্ত। যথা- ক্যাথলিক এবং প্রোটেস্ট্যান্ট। রোমের ভ্যাটিকান শহরে খ্রিষ্টান জগতের শ্রেষ্ঠ ধর্মগুরু পোপ বাস করেন। তিনি ক্যাথলিক চার্চের প্রধান। পোপের দেহরক্ষী বাহিনীকে 'সুইস গার্ড' (Swiss Guard) বলে। জার্মান বংশোদ্ভূত মার্টিন লুথার ছিলেন খ্রিস্টধর্মের একজন বড় সংস্কারক। তাঁর অনুসারীদের প্রটেস্ট্যান্ট বলা হয়।

মুসলমানরা যীশুকে বলেন হযরত ঈসা (আ.) নবী এবং মাতা মেরীকে বলেন বিবি মরিয়ম। বাইবেলকে মুসলমানরা ইনজিল কেতাব বলে থাকেন।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ পৃথিবীতে সর্ববৃহৎ জনসংখ্যা- *[কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসারঃ ০১]*

ক. হিন্দুদের খ. খ্রিস্টানদের
গ. মুসলমানদের ঘ. বৌদ্ধদের **উত্তর: খ**

◊ ইতিহাস খ্যাত 'বেথেলহাম' কোথায় অবস্থিত? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (আইন বিভাগ)ঃ ০৪-০৫]*

ক. সিরিয়া খ. ফিলিস্তিন
গ. জর্ডান ঘ. লিবিয়া **উত্তর: খ**

◊ বাইবেল প্রথম কোন ভাষায় লেখা হয়? *[টেলিফোন বোর্ডের সহকারী পরিচালকঃ৯৫]*

ক. ল্যাটিন খ. হিব্রু
গ. গ্রিক ঘ. রোমান **উত্তর: খ**

◊ মার্টিন লুথার একজন- *[ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিটঃ ০৮-০৯]*

ক. ধর্ম সংস্কারক খ. নাগরিক অধিকার আন্দোলনকারী
গ. গায়ক ঘ. শিল্পী **উত্তর: ক**

◊ সুইস গার্ড কার নিরাপত্তা বিধান করে? *[শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৫-০৬]*

ক. পোপ খ. জাতিসংঘ মহাসচিব
গ. সুইস প্রেসিডেন্ট ঘ. সেক্রেটারী জেনারেল **উত্তর: ক**

◊ ভ্যাটিকান কি? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক ২০১০]*

ক. উত্তর আমেরিকার পর্বতমালা খ. যুক্তরাষ্ট্রের পপ সঙ্গীত গোষ্ঠী
গ. ক্যাথলিক ধর্মীয় রাষ্ট্র ব্যবস্থা ঘ. বস্তুবাদী নাস্তিক ইউরোপীয় সংগঠন **উত্তর: গ**

এক নজরে বিশ্বের প্রধান ধর্ম, প্রবর্তক, ধর্মগ্রন্থ ও পবিত্র স্থান

ধর্ম	প্রবর্তক	ধর্মগ্রন্থ	উপাসনালয়	পবিত্রস্থান
ইসলাম	হযরত মুহম্মদ (সা.)	কুরআন	মসজিদ	মক্কা, মদীনা, জেরুজালেম
হিন্দু	আর্য ঋষিগণ	বেদ	মন্দির	কাশী, গয়া, বৃন্দাবন, সীতাকুন্ড
খ্রিস্টান	যীশু খ্রিস্ট	বাইবেল	গির্জা	জেরুজালেম
বৌদ্ধ	গৌতম বুদ্ধ	ত্রিপিটক	কিয়াং	বুদ্ধগয়া, সারনাথ
ইহুদি	হযরত মুসা (আ:)	তাওরাত	সিনাগগ	জেরুজালেম
শিখ	গুরু নানক	গ্রন্থসাহেব	গুরুদুয়ারা	পাঞ্জাবের অমৃতসরের স্বর্ণমন্দির

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ শিখ ধর্মের প্রবর্তক ছিলেন- *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগঃ ০৮-০৯]*

ক. গুরু নানক খ. রণজিৎ সিং
গ. সিরওয়ান্দ সিং ঘ. ভগৎ সিং **উত্তর: ক**

◊ শিকদের ধর্মগ্রন্থের নাম কি? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (দর্শন বিভাগ)ঃ ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০১-০২]*

ক. ত্রিপিটক খ. জিন্দাবেস্তা
গ. গ্রন্থসাহেব ঘ. বেদ **উত্তর: গ**

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ কোন শহর মুসলমান, খ্রিস্টান ও ইহুদী কর্তৃক সমাদৃত? [আবহাওয়া অধিদপ্তরে সহকারী আবহাওয়াবিদঃ ১৫/ সাব-রেজিস্ট্রারঃ ১২]

ক. মদিনা খ. জেরুজালেম
গ. মক্কা ঘ. জেদ্দা উত্তর: খ

◈ তিনটি প্রধান ধর্মের মিলনকেন্দ্র- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মার্কেটিং বিভাগ)ঃ ০১-০২/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসারঃ ১১]

ক. জেরুজালেম খ. আজমির শরীফ
গ. ভ্যাটিকান সিটি ঘ. বাগদাদ উত্তর: ক

◈ শিখদের বিখ্যাত স্বর্ণমন্দির নিম্নলিখিত শহরে অবস্থিত-- [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্টঃ ৮৮]

ক. চণ্ডীগড় খ. কেরালা
গ. হরিয়ানা ঘ. অমৃতসর উত্তর: ঘ

◈ সিনাগগ - ধর্মীয় স্থাপত্য- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, প্রত্নতত্ত্ব বিভাগ:০৯-১০]

ক. ইহুদি খ. সনাতন
গ. বৌদ্ধ ঘ. হিব্রু উত্তর: ক

প্রাচীন সভ্যতাসমূহ
The Ancient Civilizations

❑ প্রাচীন মিশরীয় সভ্যতা

Ancient Civilization of Egypt

মিশরে নগর সভ্যতা গড়ে উঠেছিল খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে। নীল নদকে কেন্দ্র করে মিশরের এ সভ্যতা গড়ে উঠেছিল বলে গ্রিক ইতিহাসবিদ হেরোডোটাস মিশরকে বলেছেন 'নীল নদের দান' (Gift of the Nile)। ৫০০০-৩২০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত সময়ের মিশরকে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় মিশর কতগুলো ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। এগুলোকে বলা হত 'নোম'। ৩২০০ খ্রিস্টপূর্বাব্দে 'মেনেস' নামের এক রাজা সমগ্র মিশরকে একত্রিত করে একটি নগর রাষ্ট্র গড়ে তোলেন। দক্ষিণ মিশরের 'মেম্ফিস' হয় এর রাজধানী। এভাবে মিশরে রাজবংশের সূচনা হয়।

ধর্মঃ ফারাও চতুর্থ আমেনহোটেপ বহুদেবতার পরিবর্তে একমাত্র সূর্যদেবতার আরাধনার কথা প্রচার করেন। সূর্যদেবতার নাম দেওয়া হয় 'এটন'। দেবতার নামের সাথে মিল রেখে তিনি নিজের নাম রাখেন 'ইখনাটন'। এভাবে ইখনাটন সভ্যতার ইতিহাসে সর্বপ্রথম ঈশ্বরের ধারণা দেন।

স্থাপত্য ও ভাস্কর্যঃ প্রাচীন মিশরের রাজাদের বলা হত 'ফারাও' (Pharaoh)। মিশরীয়রা মৃত্যুর পর আরেকটি জীবনের অস্তিত্বের প্রতি বিশ্বাসী ছিল। সে জীবনেও রাজা হবেন ফারাও। তাই ফারাওর মৃতদেহ সংরক্ষণের জন্য তৈরি করা হয় পিরামিড। মিশরের সবচেয়ে বড় পিরামিড হচ্ছে ফারাও খুফুর পিরামিড। খুফুর পিরামিড গড়ে উঠেছিল তের একর জায়গা জুড়ে। এর উচ্চতা ছিল প্রায় সাড়ে চারশত ফুট। মিশরীয় ভাস্করদের সবচেয়ে বড় গৌরব 'স্ফিংস' তৈরিতে। বহুখণ্ড পাথরের গায়ে ফুটিয়ে তোলা হত এ ভাস্কর্য। স্ফিংসের দেহ সিংহের আকৃতির, আর মাথা ছিল ফারাওয়ের। ফারাওদের আভিজাত্য শক্তির প্রতীক ছিল এ মূর্তি।

চিত্রঃ পিরামিড এবং স্ফিংস (Pyramid & Sphinx)

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks



চিত্রঃ হায়ারোগ্লিফিক

... লিপির উদ্ভাবনঃ মিশরীয়রা একটি লিখন পদ্ধতি ... । প্রথম দিকে ছবি এঁকে এঁকে মিশরীয়রা ... প্রকাশ করত। এক একটি ছবি ছিল এক ... প্রতীক। তাই এ লেখার নাম দেওয়া ... (Pictograph)। অক্ষরভিত্তিক মিশরীয় ... বলা হয় 'হায়ারোগ্লিফিক' (...glyphic)। গ্রিক শব্দ 'হায়ারোগ্লিফিক' ... লিপি। 'প্যাপিরাস' নাম বকে ধরনের নল ... দিয়ে তারা সাদা রঙের কাগজও তৈরি ...।

...ঃ মিশরীয়রা সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি চালু করেন। যেহেতু ... মৃত্যুর পর পরকালে রাজা হবেন সেহেতু তাঁর মৃতদেহকে পচন থেকে রক্ষার জন্য মিশরীয় ...রা মমি তৈরি করতে শেখেন।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- **Which one is the oldest civilization?/ কোন সভ্যতাটি সবচেয়ে প্রাচীন?** *[AB Bank Probationary officer: 92]*

  ক. Egyptian (মিশরীয়)   খ. Indus (সিন্ধু)
  গ. Chinese (চৈনিক)   ঘ. Greek (গ্রিক)   **উত্তর: ক**

- **কোন সভ্যতা সবচাইতে প্রাচীন-** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইতিহাস) ঃ ০৭-০৮]*

  ক. মেসোপটেমীয়   খ. মিশরীয়
  গ. চৈনিক   ঘ. পারসিক   **উত্তর: খ**

- **The earleast civilization was flourished in:/প্রাচীনতম সভ্যতার বিকাশ ঘটেছিল-** *[IFIC Bank Proationary Officer: 96]*

  ক. Babylon   খ. Sumeria
  গ. Egypt   ঘ. China   **উত্তর: গ**

- **প্রাচীন মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?** *[সহকারী পরিচালক (পাসপোর্ট এবং ইমিগ্রেশন)ঃ ০৩]*

  ক. ইউফেট্রিস   খ. সিন্ধু
  গ. নীল   ঘ. হোয়াংহো   **উত্তর: গ**

- **পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কি?** *[মেডিকেল ভর্তি পরীক্ষাঃ ০৩-০৪]*

  ক. পিরামিড   খ. তাজমহল
  গ. আইফেল টাওয়ার   ঘ. কুতুবমিনার   **উত্তর: ক**

- **স্ফিংকস কোথায় অবস্থিত?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ)ঃ ০৫-০৬]*

  ক. মিশর   খ. লিবিয়া
  গ. মরক্কো   ঘ. ইতালি   **উত্তর: ক**

- **প্রাচীন মিশরীয়রা কোন বর্ণ দিয়ে তাদের ভাব প্রকাশ করতো?** *[থানা শিক্ষা অফিসার ঃ ৯৯]*

  ক. হায়ারোগ্লিফিক   খ. রগ্রোগ্লিফিক
  গ. নাম্রোগ্লিফিক   ঘ. ক্যারোগ্লিফিক   **উত্তর: ক**

- **'প্যাপিরাস' কোন সংস্কৃতির সাথে সম্পর্কিত?** *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নৃবিজ্ঞান বিভাগঃ ০৯-১০]*

  ক. ইতালীয়   খ. চৈনিক
  গ. হরপ্পা   ঘ. মিশরীয়   **উত্তর: ঘ**

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◊ ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনারীতি কাদের দ্বারা সূচিত? [প্রাথমিক বিদ্যা...
নিয়োগ পরীক্ষাঃ২০১২ /ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৫-০৬]
ক. গ্রিক খ. মিশরীয়
গ. খ্রিস্টান ঘ. ফরাসি উত্ত...

◊ প্রথম একশ্বরবাদী ধর্ম কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগঃ ০৮-০৯]
ক. প্রাচীন মিশরীয় ধর্ম খ. হিব্রু ধর্ম
গ. ইসলাম ধর্ম ঘ. খ্রিস্ট ধর্ম উত্ত...

◊ প্রাচীন মিশরের ফারাও রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয় ইংরেজি সালে [...
মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাঃ ০১]
ক. ১৮৭৮ সালে খ. ১৯২২ সালে
গ. ১৯৩৪ সালে ঘ. ১৯৪৬ সালে উত্ত...

ব্যাখ্যাঃ ফারাও তুতেনখামেন খ্রিষ্টপূর্ব ১৩৩৩- ১৩২৪ অব্দে মিশরে রাজত্ব করেন। ... সালে হাওয়ার্ড কার্টার তুতেনখামেনে সমাধি আবিষ্কার করে বিশ্বব্যাপী আলোড়ন তোলে...

❑ মেসোপটেমিয়া সভ্যতা

The Mesapotamian Civilization

আনুমানিক খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে মিশরে যখন নগর সভ্যতা গড়ে উঠেছিল, তখন প্রায় একই... আজকের ইরাক অঞ্চলে গড়ে উঠে আরো কিছু উন্নত নগর সভ্যতা। টাইগ্রিস ও ইউফ্রেটিস... উর্বর তীরাঞ্চলে সময়ের পরিবর্তনে বেশ কয়েকটি সভ্যতার বিকাশ ঘটে। এদের ভিন্ন ভি... থাকলেও একই ভূখণ্ডে গড়ে উঠায় একত্রিতভাবে এ সভ্যতাসমূহকে বলা হয় মেসোপটেমীয় স... 'মেসোপটেমিয়া' একটি গ্রিক শব্দ। এর অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। মেসোপটেমিয়ার পূর্বে ... এবং পশ্চিমে ইউফ্রেটিস নদী প্রবাহিত। মেসোপটেমিয়া সভ্যতার অন্তর্ভূক্ত রয়েছে সুমেরীয় স... ব্যাবিলনীয় সভ্যতা, অ্যাসেরীয় সভ্যতা ও ক্যালডেরীয় সভ্যতা।

ক) সুমেরীয় সভ্যতা (The Sumerian Civilization) : মেসোপটেমিয়ার সবচেয়ে ... সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ। সুমেরীয়দের আদিবাস ছিল এলামের পাহাড়ি অঞ্চলে। খ্রিস্টপূর্ব ৪০০০ অব্দে এদের একটি শাখা মেসোপটেমিয়ার দক্ষিণে বসতি গড়ে তোলে।

চিত্রঃ কিউনিফর্ম

* সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। তারা উন্নত সেচব্যবস্থা গড়ে তুলেছিল।
* সুমেরীয়গণ 'কিউনিফর্ম' (Cuneifom) নামে একটি নতুন লিপির উদ্ভাবন করে। কিউনিফর্মকে বলা হয় অক্ষরভিত্তিক বর্ণলিপি (Letter Based alphabet)। সুমেরীয়দের বর্ণমালার কোন কোনটি দেখতে ইংরেজি বর্ণমালার V এর মত।
* জলঘড়ি ও চন্দ্রপঞ্জিকার আবিষ্কার সুমেরীয়দের গুরুত্বপূর্ণ অবদান। সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান 'চাকা' (Wheel) আবিষ্কার।

www.fb.com/tanbi...

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

খ) ব্যাবিলনীয় সভ্যতা (The Babylonian Civilization) ঃ সিরিয়ার মরুভূমি অঞ্চলের আমোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিস্টপূর্বাব্দে মেসোপটেমিয়া অঞ্চলে একটি নগর সভ্যতা গড়ে তোলে। ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন বিখ্যাত আমোরাইট নেতা হাম্মুরাবি।



চিত্রঃ ব্যাবিলনীয় সভ্যতার ধ্বংসাবশেষ (বাগদাদ, ইরাক)

- ব্যাবিলনীয় সভ্যতার সবচেয়ে বড় অবদান আইনের ক্ষেত্রে। আইন সংকলক হিসাবে হাম্মুরাবি অমর হয়ে আছেন।
- সুমেরীয়দের অনুকরণে তাঁরা সাহিত্য রচনা করে। কিউনিফর্ম লিপিতে লেখা হয় বিখ্যাত মহাকাব্য 'গিলগামেশ' (Gilgamesh)।
- পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে। এটি ছিল ভ্রমণকারীদের পথ নির্দেশ করার জন্য সহজ ও সরল প্রকারের মানচিত্র।

গ) আসেরীয় সভ্যতা (The Assyrian Civilization)ঃ ব্যাবিলন থেকে প্রায় দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে 'আশুর' নামে একটি সমৃদ্ধ শহর গড়ে উঠে। আসিরীয় সম্রাট নিজেকে মনে করতেন সূর্যদেবতা শামসের প্রতিনিধি। ইতিহাসে আসিরিয়ার পরিচয় সামরিক রাষ্ট্র হিসাবে। তারাই প্রথমে লোহার অস্ত্রে সজ্জিত বাহিনী গঠন করে এবং যুদ্ধরথের ব্যবহার করে।

- আসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে।
- পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশ (Latitudes) ও দ্রাঘিমাংশে (Longitudes) ভাগ করেছিল।

ঘ) ক্যালডীয় সভ্যতা (The Chaldean Civilization) ঃ ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠা ক্যালডীয় সভ্যতা ইতিহাসে 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা' নামেও পরিচিত। ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার।

সম্রাট নেবুচাদনেজারের সম্রাজ্ঞী খুব পছন্দ করতেন বাগান করতে। তাঁরই উৎসাহে সম্রাট নগর দেওয়ালের উপর তৈরি করলেন আশ্চর্য সুন্দর এক বাগান। ইতিহাসে যা 'শূন্যউদ্যান' নামে পরিচিত। 'ব্যাবিলনের শূন্যউদ্যান' (The Hanging Garden of Babylon) প্রাচীন পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি।

শিল্পীর তুলিতে ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান

ব্যাবিলনের ঝুলন্ত উদ্যানের ধ্বংসাবশেষ

ক্যালডেরীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় ভাগ করার পদ্ধতি বের করে। বছরের দৈর্ঘ্যও তারা বের করতে পেরেছিল।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

* ক্যালডেরীয়রা ১২ টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২ টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **Which of the following is the oldest civilization of the world?**
অথবা, *[Dutch Bangla Bank Officer: 04]*
পৃথিবীর প্রাচীনতম সভ্যতা কোনটি? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ): ০৫-০৬]*
ক. Greece (গ্রিক) খ. Mesopotamia (মেসোপটেমিয়া)
গ. Rome (রোমান) ঘ. India (সিন্ধু) উত্তর: খ

◈ কোন যুগে মানুষের আবির্ভাব ঘটেছে ? *[প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]*
ক. ক্রিটেসাস যুগে খ. ট্রায়াসিক যুগে
গ. প্রোটেরোজোয়িক যুগে ঘ. সিনোজোয়িক যুগে উত্তর: ক

◈ বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? *[২৪তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৮]*
ক. গ্রিসে খ. মেসোপটেমিয়া
গ. রোমে ঘ. ভারতে উত্তর: খ

◈ মেসোপটেমিয়া সভ্যতা কোথায় অবস্থিত? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]*
ক. জর্ডান খ. ইরান
গ. ইরাক ঘ. সিরিয়া উত্তর: গ

◈ 'মেসোপটেমিয়া' কোন দেশের পূর্বনাম? *[নির্বাচন কমিশন সচিবালয়ে সহকারী পরিচালক: ৯৫]*
ক. ইরাক খ. ইরান
গ. তুরস্ক ঘ. মিশর উত্তর: ক

◈ 'মেসোপটেমিয়া' এলাকার বেশির ভাগ বর্তমান কোন দেশে? *[১৮তম বিসিএস/ সহকারী গবেষণা কর্মকর্তা: ৯৮]*
ক. ইরাক খ. ইরান
গ. তুরস্ক ঘ. সিরিয়া উত্তর: ক

◈ কারা সপ্তাহের সাত দিনকে বিভক্ত করে? *[তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩]*
ক. মিসরীয়রা খ. গ্রিকরা
গ. ক্যালডিয়রা ঘ. ককেসীয়রা উত্তর: গ

◈ সেচ নির্ভর প্রাচীন সভ্যতা কোনটি? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নৃবিজ্ঞান বিভাগ: ০৯-১০]*
ক. সিন্ধু খ. গ্রিক
গ. রোমান ঘ. মেসোপটেমীয় উত্তর: ঘ

◈ কোন সভ্যতার প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়? *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগ: ০৮-০৯]*
ক. মিশরীয় খ. সুমেরীয়
গ. ব্যাবিলনীয় ঘ. ক্যালডীয় উত্তর: খ

◈ ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (আইন বিভাগ): ০৫-০৬]*
ক. জুলিয়াস সিজার খ. হাম্মুরাবি
গ. সম্রাট আলেকজান্ডার ঘ. এরিস্টটল উত্তর: খ

◈ পৃথিবীর কোথায় প্রথম লিখিত আইনের প্রচলন হয়? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক: ০৫]*
ক. স্পেন খ. ব্যাবিলন
গ. গ্রিস ঘ. তেহরান উত্তর: খ

◈ ব্যাবিলন কোথায়? *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৭-০৮/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]*
ক. তুরস্কে খ. ইরাকে
গ. মিশরে ঘ. স্পেনে উত্তর: খ

www.fb.com/tanvir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত? /১০ম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০০-০১/

ক. ইরান খ. ইরাক
গ. তুরস্ক ঘ. সিরিয়া উত্তর: খ

- 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কে গড়ে তুলেছিল? /প্রাথমিক সহকারী শিক্ষক: ০৮/

ক. নেবুচাদ নেজার খ. সাইরাস
গ. র‍্যামজেজ ঘ. দারিউস উত্তর: ক

- পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়- /পরিবেশ ও বন মন্ত্রণালয়ে সহকারী পরিচালক: ৯৫/

ক. চীনের প্রাচীরের কাছে
খ. দক্ষিণ আফ্রিকার ভিক্টোরিয়া প্রদেশে
গ. ব্যবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে
ঘ. ইরানের সিরাজ শহরের ধ্বংসাবশেষে উত্তর: গ

- নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় বিভক্ত করা হয়? /মেডিকেল ভর্তি পরীক্ষা: ১০-১১/

ক. রোমান খ. গ্রীক
গ. ক্যালডীয় ঘ. পারস্য উত্তর: গ

সিন্ধু সভ্যতা
The Indus Civilization

মিশর ও মেসোপটেমিয়ায় যখন গড়ে উঠেছিল নগর সভ্যতা, প্রায় কাছাকাছি সময়ে ভারতবর্ষেও গড়ে উঠেছিল নগর সভ্যতা। এটি ব্রোঞ্জযুগের সভ্যতা। এখানে লোহার কোন জিনিস পাওয়া যায়নি। এ প্রাচীন সভ্যতা আবিষ্কৃত হয় ১৯২১ সালে। সভ্যতাটি সিন্ধু নদীর তীরে গড়ে উঠেছিল বলে এটি 'সিন্ধু সভ্যতা' নামে পরিচিত। দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল বলে মনে করা হয়। হরপ্পা নগরীটি গড়ে উঠেছিল সিন্ধুর উপনদী রাভী'র তীরে। এটি অবস্থিত বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে। আর মূল সিন্ধুনদের তীরে এক বর্গমাইল এলাকা জুড়ে গড়ে উঠেছিল মহেঞ্জোদারো নগরী। ১৯২২ সালে পাকিস্তানের লারকানা জেলায় মাটি খুঁড়ে আবিষ্কার করা হয় মহেঞ্জোদারো নগরীর ধ্বংসাবশেষ। সিন্ধু সভ্যতার আবিষ্কারক জন মার্শাল, দয়ারাম সাহনী ও রাখালদাস বন্দ্যোপাধ্যায়। সিন্ধু সভ্যতায় পাওয়া সীল ও মাটির পাত্রের সাথে মেসোপটেমিয়ার দ্রব্যের মিল আছে। তাই বিখ্যাত প্রত্নতত্ত্ববিদ স্যার জন মার্শাল মনে করেন যে, সিন্ধু সভ্যতা গৌরবের শিখরে উঠেছিল খ্রিস্টপূর্ব ৩২৫০ থেকে ২৭৫০ অব্দের মধ্য।



চিত্রঃ সিন্ধু সভ্যতার ভৌগলিক অবস্থান

নগর পরিকল্পনাঃ সভ্যতার ইতিহাসে সিন্ধু সভ্যতা পরিকল্পিত একটি নগরীর ধারণা দিয়েছে। উভয় শহরে রাস্তার দুপাশে দোতলা তিনতলা বাড়ি ছিল। প্রতি বাড়িতে ছিল চৌবাচ্চাসহ গোছলখানা, কূপ। দুইটি শহরেই পাকা নর্দমা ছিল।

পেশাঃ সিন্ধু সভ্যতার বেশিরভাগ লোক কৃষিকাজ করত।

পরিমাপ পদ্ধতিঃ সিন্ধু সভ্যতার একটি গুরুত্বপূর্ণ অবদান হল পরিমাপ পদ্ধতি উদ্ভাবন করা। দ্রব্য

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

ওজনের জন্য নগরবাসী বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করত। দৈর্ঘ্য পরিমাপের জন্য তারা বিভিন্ন স্কেল ব্যবহার করত।

সীলমোহর: মহেঞ্জোদারো ও হরপ্পায় হাড় ও পাথরের তৈরি সীলমোহর পাওয়া গেছে।

সিন্ধু সভ্যতা ধ্বংসের কারণ: সিন্ধু সভ্যতার পতন শুরু হয় আনুমানিক **২৭৫০** খ্রিস্টপূর্বাব্দে। **কিভাবে** সিন্ধু সভ্যতার ধ্বংস হয় সে বিষয়ে পণ্ডিতগণ সঠিক কোন সিদ্ধান্তে আসতে পারেননি। **হয়তো** বাহিরের কোন শত্রুর আক্রমণ অথবা প্রচন্ড কোন ভূমিকম্প বা ভয়াবহ কোন বন্যার ফলে এ **সভ্যতা** ধ্বংস হয়ে যায়।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **সিন্ধু সভ্যতার প্রতিষ্ঠাতা--** *[খাদ্য অধিদপ্তরের পরিদর্শকঃ ৯৬]*

ক. আর্যগণ　খ. কৃষাণগণ
গ. শকগণ　ঘ. দ্রাবিড়গণ　উত্তর: ঘ

◈ **Moenzo-daro & Harappa civilization is nearly:/ মহেঞ্জোদারো ও হরপ্পা সভ্যতা প্রায়-** *[IFIC Bank Proationary Officer: 96]*

ক. Two thousand years old (দুই হাজার বছরের প্রাচীন)
খ. Three and half thousand years old (সাড়ে তিন হাজার বছরের প্রাচীন)
গ. One thousand years old (এক হাজার বছরের প্রাচীন)
ঘ. One and half thousand years old (দেড় হাজার বছরের প্রাচীন)　উত্তর: খ

◈ **সিন্ধু সভ্যতা আবিষ্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—** *[জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, মানবিক: ০৯-১০]*

ক. আর. সি. মজুমদার　খ.রাখালদাস বন্দ্যোপাধ্যায়
গ. নীহাররঞ্জন রায়　ঘ. কালিদাস নাগ　উত্তর: খ

◈ **প্রাচীন কোন সভ্য দেশের অধিবাসীদের সাথে সিন্ধু উপত্যকার অধিবাসীদের সাদৃশ্য লক্ষ্য করা যায়?** *[শ্রম অধিদপ্তরে অফিসারঃ ৯৪]*

ক. ব্যাবিলন　খ. গ্রিস
গ. মিশর　ঘ. চীন　উত্তর: ক

◈ **সিন্ধু সভ্যতা কোন যুগের সভ্যতা?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় অ-বাণিজ্য গ্রুপ, ব্যবস্থাপনা বিভাগ ০৮-০৯]*

ক. তাম্র যুগের　খ. আর্য যুগের
গ. সুমেরীয় যুগের　ঘ. শহরভিত্তিক যুগের　উত্তর: ক

◈ **সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগ: ০৮-০৯]*

ক. প্রশাসনিক ব্যবস্থা　খ. জল নিষ্কাশন ব্যবস্থা
গ. লিখন পদ্ধতি　ঘ. লোহার অস্ত্র　উত্তর: ঘ

◈ **কত খ্রিস্টপূর্বাব্দে সিন্ধু সভ্যতার পতন হয়?** *[তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩]*

ক. ১৫০০　খ. ২৭৫০
গ. ৩০০০　ঘ. ১২৮০　উত্তর: খ

❑ ফিনিশীয় সভ্যতা

The Phoenician Civilization

লেবানন পর্বত এবং ভূমধ্যসাগরের মাঝামাঝি এক ফালি সরু ভূমিতে ফিনিশীয় রাষ্ট্র গড়ে উঠেছিল। কৃষিকাজ করার মত এখানে উর্বর জমি ছিলনা। তাদের আয়ের একমাত্র উৎস ছিল বাণিজ্য।

ফিনিশীয়দের অবদান: প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের পরিচয় শ্রেষ্ঠতম নাবিক ও জাহাজ নির্মাতা হিসাবে। ধ্রুবতারা (North Star) দেখে তারা দিক নির্ণয় করত। এ কারণে ধ্রুবতারা অনেকের কাছে 'ফিনিশীয় তারা' (Phonecian Star) নামে পরিচিত ছিল।

www.facebook.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

সাংস্কৃতিক উন্নতি: সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান হল বর্ণমালা (Alphabet) এর উদ্ভাবন। তারা ... টি ব্যঞ্জনবর্ণের (Consonants) উদ্ভাবন করে। আধুনিক বর্ণমালার সূচনা হয় এখান থেকে। ফিনিশীয়দের উদ্ভাবিত বর্ণমালার সাথে পরবর্তীতে গ্রিকরা স্বরবর্ণ (Vowels) যোগ করে বর্ণমালাকে সম্পূর্ণ করে।

কারিগরি দক্ষতা: ফিনিশীয়রা মাটির পাত্র তৈরি করতে পারত। দক্ষতার সাথে কাপড় তৈরি ও রং করতে পারত।



চিত্রঃ ফিনিশীয় বর্ণমালা.

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **প্রথম কারা বর্ণমালা উদ্ভাবন করে?** *[তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার ২০১৩]*

ক. ফিনিশীয়রা খ. মিসরীয়রা

গ. গ্রিকরা ঘ. রোমানরা **উত্তর: ক**

◈ **সভ্যতার ইতিহাসে ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান কি?** *[সহকারী জজ প্রিলিমিনারি পরীক্ষা-২০০৯] [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ব ইউনিট: ০১-০২]*

ক. বর্ণমালা খ. আগ্নেয়াস্ত্রের ব্যবহার

গ. মুদ্রার প্রচলন ঘ. চিত্রলেখা **উত্তর: ক**

❑ পারস্য সভ্যতা

The Persian Civilization

আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্যে এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে। এ সভ্যতার অধিবাসীরা সামরিক শক্তিতে খ্যাতিমান ছিল। সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা। জরথুষ্ট্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুষ্ট্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুষ্ট্রবাদ' নামে পরিচিত। পারস্যের ইতিহাসে কাইরাস ও দারিয়ুস ছিলেন সবচেয়ে সফল শাসক। ৩০০ খ্রিষ্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সম্রাজ্যকে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **পারসিক ধর্মের প্রবর্তক কে?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগ: ০৮-০৯]*

ক. গৌতম বুদ্ধ খ. বর্ধমান মহাবীর

গ. আইড্রো ঘ. জরথুস্ট্র **উত্তর: ঘ**

freesoftpdfdownload.blogspot.com
Any Kind of e-book & Software : www.tanbirpox.blogspot.com

❑ হিব্রু সভ্যতা

The Hebrew Civilization

প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি সেমাটিক ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত। হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা তাদের অবদানের পুরোটাই রেখেছে ধর্মীয় ক্ষেত্রে। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে। অবশ্য অনেককাল পূর্বে মিশরের ফারাও ইখনাটন এক দেবতার আরাধনার আহবান জানিয়েছিলেন। কিন্তু তা তেমন জনপ্রিয় হতে পারেনি। হিব্রুদের নবী হযরত মুসা (আ.), হযরত দাউদ (আ.) এবং হযরত সুলায়মান (আ.) মানুষের প্রচলিত ধর্মীয় চেতনায় নতুন আলোড়ন তোলেন।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **প্যালেস্টাইনে কোন সভ্যতা গড়ে উঠেছিল?** *[মহা হিসাবরক্ষক ও নিরীক্ষক এর অধীনে 'অডিটর':৯৮/ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকঃ ৯৭]*

ক. ফিনিশীয় সভ্যতা খ. পারসিক সভ্যতা
গ. হিব্রু সভ্যতা ঘ. ব্যাবিলনীয় সভ্যতা উত্তর: গ

◈ **বর্তমান ইসরাইলের অধিবাসীরা কাদের বংশধর?** *[দুর্নীতি দমন ব্যুরোর উপ সহকারী পরিদর্শক: ০৪]*

ক. পারসিকদের খ. হিব্রুদের
গ. আরবীয়দের ঘ. মিশরীয়দের উত্তর: খ

❑ প্রাচীন চৈনিক সভ্যতা

The Ancient Chinese Civilization

তিনটি অঞ্চলে প্রাচীন চৈনিক সভ্যতা বেড়ে উঠতে থাকে। প্রথমটি হোয়াংহো (পীত নদী) নদীর তীরে, দ্বিতীয়টি ইয়াংজেকিয়াং নদীর তীরে আর তৃতীয়টি দক্ষিণ চীনে গড়ে উঠেছিল।

দর্শনঃ চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তাঁর মতবাদের নাম ছিল তাওবাদ। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস (৫৫১-৪৭৯ খ্রি.পূ.)। কনফুসিয়াসের প্রধান অনুসারী ছিলেন মেনসিয়াস।

চীনা দার্শনিক কনফুসিয়াস

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল- *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইতিহাস) ঃ ০৭-০৮]*

ক. ইয়াংসি নদীর অববাহিকায় খ. হোয়াংহো নদীর মোড়ে
গ. ইয়ালু নদের মোড়ে ঘ. পীত সাগরের তীরে উত্তর: খ

◈ কোন নদীর তীরে চীনের প্রথম সভ্যতা গড়ে উঠেছিল? *[রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইতিহাস বিভাগঃ ০৮-০৯]*

ক. হান খ. পীত
গ. ইয়াংসী ঘ. স্যালুউইন উত্তর: খ

◈ কনফুসিয়াস নামটি কোন দেশের সাথে সম্পর্কযুক্ত? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা): ০৫-০৬]*

ক. জাপান খ. চীন
গ. থাইল্যান্ড ঘ. কোরিয়া উত্তর: খ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◆ কনফুসিয়াস কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৯-১০]

ক. চীনা দার্শনিক খ. ভিয়েতনামের নেতা

গ. চীনের সম্রাট ঘ. মঙ্গোলীয় নেতা উত্তর: ক

❑ ইজিয়ান সভ্যতা
The Aegean Civilization

গ্রিস ও এশিয়া মাইনরকে পৃথক করেছে ইজিয়ান সাগর। এই ইজিয়ান সাগর জুড়ে ছিল ছোট বড় অনেক দ্বীপ। ইজিয়ান সাগরের দ্বীপমালা ও এশিয়া মাইনরের উপকূলে একটি উন্নত নগর সভ্যতা গড়ে উঠে। ইতিহাসে এ সভ্যতা ইজিয়ান সভ্যতা নামে পরিচিত। গ্রিসে সভ্যতা গড়ে তোলার পূর্বাতপর্ব ছিল এ সভ্যতা। ১২০০ খ্রিষ্টপূর্বাব্দে ইজিয়ান সভ্যতার পতন ঘটে।

❑ গ্রিক সভ্যতা
The Greek Civilization

গ্রিসের ভৌগোলিক পরিবেশ ছিল একটু ভিন্ন ধরনের। এ অঞ্চলে অনেকগুলো পাহাড় দাঁড়িয়ে ছিল দেয়ালের মত। ফলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কয়েকটি অঞ্চলে ভাগ হয়ে যায় দেশটি। এ ছোট দেশগুলোর নাম হয় নগর রাষ্ট্র। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স। স্পার্টা ছিল একটি সামরিক নগর রাষ্ট্র। রাষ্ট্রনেতারা ছিল স্বৈরাচারী। পক্ষান্তরে প্রতিবেশী এথেন্স ছিল গণতান্ত্রিক রাষ্ট্র। রাষ্ট্র পরিচালনায় জনগণের অংশগ্রহণের অধিকার থাকলে সে ব্যবস্থাকে বলে গণতন্ত্র। প্রাচীন পৃথিবীতে এথেন্সই সর্বপ্রথম গণতন্ত্রের সূচনা করে। রাষ্ট্র পরিচালনায় তখন দুইটি সংসদ ছিল। গোত্র প্রধানদের নিয়ে গড়া সংসদকে বলা হত 'এরিওপেগাস' এবং সাধারণ নাগরিকদের সমিতিকে বলা হত 'একলেসিয়া'। এথেন্সে চূড়ান্তভাবে গণতন্ত্র প্রতিষ্ঠা করেন পেরিক্লিস। পেরিক্লিস এথেন্সের ক্ষমতায় আসেন ৪৬০ খ্রিস্টাব্দে।

পেলোপনেসীয় যুদ্ধঃ স্পার্টা ও এথেন্স উভয় দেশ একে অন্যের শত্রু ছিল। এথেন্স তার বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে। এর নাম হয় 'ডেলিয়ান লীগ'। অন্যদিকে স্পার্টা তাঁর বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে গঠন করে আরেকটি জোট। এ জোটের নাম হয় 'পেলোপনেসীয় লীগ'। এক সময় এই দুই জোটের মধ্য যুদ্ধ বেধে যায়। ইতিহাসে এ যুদ্ধ 'পেলোপনেসীয় যুদ্ধ' নামে পরিচিত। ৪৬০ থেকে ৪০৪ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত মোট তিনবার যুদ্ধ হয়। এ যুদ্ধে চূড়ান্ত পতন ঘটে এথেন্সের।

ভৌগোলিক অবস্থান: ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' (Hellenic) এবং অন্যটি 'হেলেনিস্টিক' (Hellenistic)। গ্রিসের প্রধান শহর এথেন্সে শুরু থেকেই যে সংস্কৃতি গড়ে উঠেছিল, তাকে বলা হয় হেলেনিক সংস্কৃতি। গ্রিস উপদ্বীপ ছিল এ সংস্কৃতির মূল কেন্দ্র। খ্রিষ্টপূর্ব ৩৩৭ অব্দ পর্যন্ত হেলেনিক সভ্যতা টিকে ছিল। এ সময় মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক সংস্কৃতি ও অগ্রিক সংস্কৃতির মিশ্রণে এক নতুন সংস্কৃতির জন্ম হয়। ইতিহাসে এ সংস্কৃতির পরিচয় হয় হেলেনিস্টিক সংস্কৃতি নামে।

সভ্যতায় গ্রিসের অবদানঃ

দর্শনঃ গ্রিকদের সবচেয়ে বড় অবদান ছিল দর্শন চর্চায়। প্রথম দিকের বিখ্যাত দার্শনিক ছিলেন থ্যালেস। থ্যালেস কল্পকাহিনীর বদলে প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন। ধীরে ধীরে গ্রিসে এক ধরনের যুক্তিবাদী দার্শনিকের আবির্ভাব ঘটে। এঁদের বলা হত সফিস্ট। সক্রেটিস ছিলেন এ দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান। আদর্শ রাষ্ট্র ও সৎ নাগরিক গড়ে তোলা ছিল তাঁর শিক্ষার মূল উদ্দেশ্য। অন্যায় শাসনের প্রতিবাদ করার শিক্ষা দেন তিনি। এতে শাসক শ্রেণী ভীত হয়ে পড়ে। ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে শাসক গোষ্ঠী এ মহান দার্শনিককে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

সক্রেটিস

প্লেটো

এরিস্টটল

সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান। তিনি তাঁর চিন্তাগুলো ধরে রাখেন 'রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করে। তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে 'ডায়ালগস অব সক্রেটিস' নামে আরেকটি গ্রন্থ রচনা করেন। প্লেটো ৩৮৫ খ্রিষ্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'akademia' প্রতিষ্ঠা করেছিলেন। প্লেটোর ছাত্র এরিস্টটল একজন বড় দার্শনিক ছিলেন। তাঁর একটি বিখ্যাত গ্রন্থের নাম 'পলিটিক্স'।

ধর্ম: গ্রিকরা বহুদেবতায় বিশ্বাসী ছিল। গ্রিকদের প্রধান দেবতা ছিলেন জিউস। দেবতা এপোলো ও দেবী এথেনাও ছিলেন বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রিকবাসী বিশ্বাস করত দেবতাদের বাস উত্তর গ্রিসে অলিম্পাস পর্বতের চূড়ায়।

সাহিত্য: গ্রিক মহাকবি হোমার হাজার হাজার বছরের পুরোনো কাহিনী নিয়ে রচনা করেন মহাকাব্য 'ইলিয়ড' আর 'ওডিসি'। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন 'এস্কাইলাস'। তাঁর বিখ্যাত দুইটি নাটকের নাম 'প্রমেথিউস বাউন্ড' ও 'আগামেমনন'। নাট্যকার সফোক্লিস একশটিরও বেশি নাটক লেখেন। এর মধ্যে জনপ্রিয় দুইটি হচ্ছে 'এন্টিগনে' ও 'ইলেক্ট্রা'। সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি 'রাজা ঈদিপাস'। ইতিহাস রচনার ক্ষেত্রেও সমান কৃতিত্ব ছিল গ্রিকদের। গ্রিক ইতিহাসবেত্তা হেরোডোটাসকে ইতিহাসের জনক বলা হয়। অন্য খ্যাতিমান ইতিহাসবিদ ছিলেন 'থুকুডাইডিস'। তাঁকে বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয়।

অলিম্পিক খেলা: অলিম্পিক খেলা শুরু হয় ৭৭৬ খ্রিষ্টপূর্বাব্দে। প্রতি চার বছর অন্তর অনুষ্ঠিত এ খেলায় বিভিন্ন নগর রাষ্ট্রের খেলোয়াড়রা অংশ নিত। এ খেলার সূত্র ধরে পারস্পরিক শত্রুতার বদলে গ্রিকদের মধ্যে সাংস্কৃতিক ঐক্য গড়ে উঠে।

বিজ্ঞান: গ্রিক বিজ্ঞানীরা পৃথিবীর মানচিত্র অঙ্কন করেছিলেন। তারাই প্রথম প্রমাণ করেছিলেন যে পৃথিবী একটি গ্রহ এবং তা নিজ কক্ষপথে আবর্তিত হয়। বিখ্যাত গ্রিক গণিতবিদ 'পিথাগোরাস' খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকে জন্ম নিয়েছিলেন। খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে জন্ম নেন বিজ্ঞানী এনাক্সাগোরাস'। চিকিৎসাবিজ্ঞানী হিপোক্রেটিস যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন।

স্থাপত্য ও ভাস্কর্য: কয়েকজন খ্যাতিমান গ্রিক ভাস্কর হচ্ছেন মাইনর, ফিদিয়াস এবং প্রাকসিটেলেস।

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

গ্রিক দেবী বা দেবতার নাম	পরিচিতি
আফ্রোডায়িট (Aphrodite)	ভালবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী
অ্যাপোলো (Apollo)	সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা
এরিস (Ares)	যুদ্ধদেবতা
আরটেমিস (Artemis)	শিকার, বন, উর্বরতা এবং চাঁদের দেবী
এথেনা (Athena)	প্রজ্ঞার দেবী। (জিউসের কন্যা)
ডিমিটার (Demeter)	কৃষি বিষয়ক দেবী
হারমেস (Hermes)	ব্যবসা বিষয়ক দেবতা (রোমান নাম মারকারি)
হেরা (Hera)	বিবাহ বন্ধন অটুট রাখার দেবী। (জিউসের স্ত্রী)
জিউস (Zeus)	দেবতাদের রাজা

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ নিচের কোন দেশে গণতন্ত্রের জন্ম হয়েছিল? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১/খাদ্য অধিদপ্তরের পরিদর্শকঃ ৯৬]*

ক. মিসর খ. চীন
গ. গ্রিস ঘ. রোম উত্তর: গ

◈ গণতন্ত্রের সুতিকাগার কোনটি? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ফেকলোর) ঃ ০৭-০৮]*

ক. যুক্তরাজ্য খ. ইতালি
গ. ফ্রান্স ঘ. গ্রিস উত্তর: ঘ

◈ গণতন্ত্রের প্রাণ হলো- *ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষাঃ ০৫-০৬]*

ক. সরকার খ. রাষ্ট্র
গ. সংবিধান ঘ. জনগণ উত্তর: ঘ

◈ গণতন্ত্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি? *[শ্রম অধিদপ্তরের শ্রম অফিসারঃ ৯৬/ সাব-রেজিস্ট্রারঃ ৯২]*

ক. নির্বাচন খ. আইনের শাসন
গ. বহুদলীয় ব্যবস্থা ঘ. সরকারের জবাবদিহিতা উত্তর: ক

◈ ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে কোন দুটি সংস্কৃতির নাম জড়িত? *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০২-০৩]*

ক. হেলেনিক ও মিনায় খ. হেলেনিক ও হেলেনিস্টিক
গ. এচিয়ান ও হেলেনিস্টিক ঘ. মিনীয় ও এচিয়ান উত্তর: খ

◈ সফোক্লিস কোন দেশের নাট্যকার? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নৃবিজ্ঞান বিভাগ: ০৯-১০]*

ক. ফ্রান্স খ. গ্রিস
গ. ইতালি ঘ. জার্মানি উত্তর: খ

◈ 'রাজা ঈদিপাস' নাটকের রচিয়তা- *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ: ০৯-১০]*

ক. সফোক্লিস খ. শেক্সপিয়ার
গ. মলিয়েঁর ঘ. টমাস কীড উত্তর: ক

◈ সফিস্ট সম্প্রদায়ের উদ্ভব হয়েছে কোন দেশে? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, দর্শন বিভাগ: ০৯-১০]*

ক. ভারত খ. ইংল্যান্ড
গ. গ্রিস ঘ. মিশর উত্তর: গ

◈ গ্রীসের দার্শনিক নন- *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৩-০৪]*

ক. এ্যারিস্টটল খ. প্লেটো
গ. সক্রেটিস ঘ. ভলটেয়ার উত্তর: ঘ

[ব্যাখ্যাঃ ভলটেয়ার ছিলেন ফরাসি দার্শনিক।]

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◊ সক্রেটিসকে হেমলক পানে হত্যা করা হয়--*[শ্রম অধিদপ্তরে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-পরিচালক: ০১]*

ক. সেন্ট হেলেনায় খ. গ্রিসে
গ. রোমে ঘ. ফ্রান্সে **উত্তর: খ**

◊ **প্লেটোর শিক্ষক ছিলেন-** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান): ০৪-০৫]*

ক. হেরোডোটাস খ. সক্রেটিস
গ. জেনো ঘ. এরিস্টটল **উত্তর: খ**

◊ প্লেটো কোন দেশে জন্মগ্রহণ করেন? *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০২-০৩]*

ক. ইতালি খ. অস্ট্রিয়া
গ. গ্রিস ঘ. ফ্রান্স **উত্তর: গ**

◊ **Plato is the citizen of -** *[মার্কেন্টাইল ব্যাংক অফিসার: ০৬]*

ক. France খ. Greece
গ. USA ঘ. Germany **উত্তর: খ**

◊ **'রিপাবলিক' গ্রন্থের প্রণেতা কে?** *[শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ব ইউনিট: ০৩-০৪]*

ক. প্লেটো খ. এরিস্টটল
গ. হেরাক্লিটাস ঘ. সক্রেটিস **উত্তর: ক**

◊ **Academy was established by-/ 'একাডেমি' কে প্রতিষ্ঠা করেন?** *[রাজশাহী বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগ: ০৮-০৯]*

ক. Socrates খ. Plato
গ. Aristotle ঘ. Rousseau **উত্তর: খ**

◊ দার্শনিক প্লেটো রচিত বিখ্যাত পুস্তকের নাম- *[বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট: ৮৮]*

ক. দি প্রিন্স খ. দি পলিটিক্স
গ. দি গড ফাদার ঘ. দি রিপাবলিক উত্তর: ঘ

◊ ইতিহাসের জনক বা পিতা- *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৫-০৬/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (সমাজবিজ্ঞান): ০৫-০৬]*

ক. যুসিডাইডিস খ. হেরোডোটাস
গ. এরিস্টটল ঘ. টয়েনবি উত্তর: খ

◊ অলিম্পিক প্রতিযোগিতার জন্ম কোন দেশে? *[Sonali, Janata, Agrani and Rupali Bank Senior Officer: 99]*

ক. ইংল্যান্ড খ. ইতালি
গ. গ্রিস ঘ. স্পেন উত্তর: গ

◊ গ্রিসে কখন প্রথম অলিম্পিক খেলা শুরু হয়? *[ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, গ ইউনিট : ০৩-০৪/ ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ভ ইউনিট : ০৩-০৪]*

ক. খ্রিস্টপূর্ব ৪০০০ খ. খ্রিস্টপূর্ব ৭৬৬
গ. খ্রিস্টপূর্ব ৭৭৬ ঘ. খ্রিস্টপূর্ব ৩৯৯ উত্তর: গ

◊ নিচের কাকে গ্রিকদের 'ফার্টিলিটির দেবী' বলা হয়? *[মেডিকেল ভর্তি পরীক্ষা: ০৯-১০]*

ক. সিরেস খ. এরিস
গ. অ্যাজটেক ঘ. আরটেমিস উত্তর: ঘ

◊ গ্রিক পুরাণে 'ভালবাসার দেবতা' কে ছিলেন? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ১০-১১]*

ক. আফ্রোডাইট খ. এথেনা
গ. হেরা ঘ. ভেনাস উত্তর: ক

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

❑ রোমান সভ্যতা

The Roman Civilization

ইতালির পশ্চিমাংশে অবস্থিত ছোট্ট শহর রোমকে কেন্দ্র করে রোমান সভ্যতার বিকাশ ঘটেছিল। ইন্দো ইউরোপীয় গোষ্ঠীর একদল মানুষ ২০০০ খ্রিষ্টপূর্বাব্দে উত্তর ইতালিতে বসতি গড়ে তোলে। এদের বলা হত ল্যাটিন। ক্রমে এদের ভাষা 'ল্যাটিন ভাষা' নামে পরিচিতি পায়। ল্যাটিন রাজা রোমিউলাস একটি নগরীর পত্তন করেন। রাজার নামেই নগরীর নাম হয় রোম।

দাসশ্রমের উপর নির্ভরশীল ছিল রোমের অর্থনীতি। দাসদের উপর অমানবিক অত্যাচার করা হত। অবশেষে স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে সংঘটিত হয় দাস বিদ্রোহ। বিদ্রোহী দাসরা দুই বছর দক্ষিণ ইতালিতে টিকে ছিল। স্পার্টাকাস ৭১ খ্রিস্টপূর্বাব্দে নিহত হলে দাস বিদ্রোহের অবসান হয়।

রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার। তিনি ৪৬ খ্রিষ্টপূর্বাব্দে রোমের সম্রাট হন। কিন্তু রোমে ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটাস ও ক্যাসিয়াস নামের দুই অভিজাতের হাতে জুলিয়াস সিজার নিহত হন। এবার গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে রোম। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। ত্রয়ী শাসনবেশিদিন টেকেনি। অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রাকে বিয়ে করে শক্তি সঞ্চয় করেছিলেন। কিন্তু তিনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে। এভাবে রোমান সম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে অক্টেভিয়াস সিজার অগাস্টাস সিজার উপাধি গ্রহণ করেন। অগাস্টাস সিজারের রাজত্বকালের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল খ্রিস্টধর্মের প্রবর্তক যীশুখ্রিস্টের জন্ম। অগাস্টাস সিজার ১৪ সালে মারা যান। ৪৭৬ খ্রিষ্টাব্দে রোমান সম্রাজ্যের পতন হয়। শেষ রোমান সম্রাট ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।

মিশরের রানী ক্লিওপেট্রা

দর্শন : রোমের সবচেয়ে জনপ্রিয় দার্শনিক মতবাদের নাম 'স্টোয়িকবাদ'। এ দর্শনের উন্নয়নের পিছনে তিন ব্যক্তির বিশেষ ভূমিকা ছিল। এরা ছিলেন ধনী রোমান 'সেনেকা', অন্যজন এক দাস 'এপিকটেটাস' এবং শেষ ব্যক্তিত্ব হলেন রোমান সম্রাট 'মার্কাস অরেলিয়াস'। তাঁরা মনে করতেন, সুখ লাভ করার জন্য প্রয়োজন শৃঙ্খলা ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠা এবং সত্যবাদী হওয়া।

সাহিত্য: এ যুগের কবি হোরাস ও ভার্জিল যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন। ভার্জিলের মহাকাব্য 'ইনিড' বহুভাষায় অনূদিত হয়েছে। ওভিদ ও লিভি এ যুগের অন্য দুই খ্যাতিমান কবি। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জন্ম নিয়েছিলেন।

স্থাপত্য ও ভাস্কর্য: রোমের একটি বিখ্যাত স্থাপত্য নিদর্শন হচ্ছে সম্রাট হাড্রিয়ানের তৈরি ধর্মমন্দির প্যানথিয়ন। কলোসিয়াম নামে রোমে তৎকালীন বিশ্বের সবচেয়ে বড় নাট্যশালা তৈরি হয়েছিল। এখানে একসাথে ৫৬০০ দর্শক বসতে পারত।

আইন: রোমানদের সবচেয়ে বড় কৃতিত্ব আইনের ক্ষেত্রে। বাইজেন্টাইন সম্রাট জাস্টিনিয়ান সর্বপ্রথম সম্পূর্ণ রোমান আইন সংকলিত করেন। আইনের ক্ষেত্রে আধুনিক বিশ্ব সম্পূর্ণভাবে রোমান আইনের উপর নির্ভরশীল।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ কোনটি নদীমাতৃক সভ্যতা নয়? [শাহজালাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৩-০৪]
ক. সিন্ধু খ. ব্যাবিলনীয়
গ. রোমান ঘ. চৈনিক উত্তর: গ

◈ 'জুলিয়াস সীজার' কেন বিখ্যাত? [৩২তম বিসিএস/ ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা. ঙ ইউনিট ঃ ০৩-০৪]
ক. রোমান সম্রাট হিসেবে খ. বর্ণবাদ বিরোধী হিসেবে
গ. বৃটেনের রাজা হিসেবেঘ. আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে উত্তর: ক

◈ **Julius Caesar was the ruler of Rume about.........** [২৮ তম বিসিএস]
ক. 1000 Years agoখ. 1500
গ. 2000 ঘ. 3000 উত্তর: গ

◈ 'এলাম, দেখলাম, জয় করলাম' কথাটি বলেছেন--[পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালকঃ ০০]
ক. আলেকজান্ডার খ. জুলিয়াস সিজার
গ. নেপোলিয়ন ঘ. হিটলার উত্তর: খ

◈ ক্লিওপেট্রা ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৪-০৫/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাঃ ০৪]
ক. মিশরের রানী খ. গ্রিসের রানী
গ. তুরস্কের রানী ঘ. রোমের রানী উত্তর: ক

◈ প্রাচীনযুগে নগর রাষ্ট্র কোথায় ছিল?[মাধ্যমিক সহকারী শিক্ষক: ৯৮]
ক. গ্রেট ব্রিটেনে খ. প্রাচীন গ্রিস ও রোমে
গ. আমেরিকায় ঘ. জার্মানিতে উত্তর: খ

❑ ইনকা সভ্যতাঃ

The Inca Civilization

পেরুর দক্ষিণাংশে শক্তিশালী ইনকা সভ্যতার বিকাশ ঘটেছিল। ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩২ খ্রিষ্টাব্দ পর্যন্ত। ইনকা সভ্যতার শক্তিশালী সম্রাটগণ তাদের বাসস্থান হিসাবে মাচু পিচু নগরী গড়ে তুলেছিলেন।

ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ ইনকা সভ্যতার ব্যাপ্তিকাল ছিল- [থানা সহকারী শিক্ষা অফিসারঃ ৯৯]
ক. ১৪৩৫ থেকে ১৫৩৫ খ্রিস্টাব্দ খ. ১৫৪৬ থেকে ১৫৩৯ খ্রিস্টাব্দ
গ. ১৪৩৮ থেকে ১৫৩৩ খ্রিস্টাব্দ ঘ. ১৪৩০ থেকে ১৫৩০ খ্রিস্টাব্দ উত্তর: গ

◈ ইনকা সভ্যতার ধ্বংসাবশেষ পাওয়া গেছে- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৭-০৮]
ক. ব্রাজিলে খ. ভেনিজুয়েলায়
গ. পেরুতে ঘ. বলিভিয়ায় উত্তর: গ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

আদিমানব (Ancient Human)

জাভা মানব (Java Man)

১৮৯১ সালে ইন্দোনেশিয়ার অন্তর্গত পূর্ব জাভার সোলো নদীর তীরে প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি আবিষ্কৃত হয়। এই আদি মানবের নাম দেওয়া হয় জাভা মানব।

হেইডেলবার্গ মানব (Heidelberg Man)

১৯০৭ সালে জার্মানির হেইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক প্রাগৈতিহাসিক মানুষের নিচের চোয়ালের হাড় আবিষ্কার করেন এবং নামকরণ করেন 'হেইডেলবার্গ মানব'।

জাভা মানবের মাথার খুলি


হেইডেলবার্গ মানবের চোয়ালের হাড়

পিকিং মানবের মাথার খুলি

পিকিং মানব (Peking Man)

১৯২৯ সালে পিকিংয়ের (আধুনিক বেইজিং) নিকট পাওয়া যায় প্রাগৈতিহাসিক মানুষের মাথার খুলি। এ আদি মানুষের নাম দেওয়া হয় পিকিং মানব।

অস্ট্রালোপিতিসিন্স লুসি (Lucy)

১৯৭৪ সালের ২৪ নভেম্বর ইথিওপিয়ায় ৩.২ মিলিয়ন বছরের পুরোনো কংকাল আবিষ্কৃত হয়। কংকালটির নামকরণ করা হয় লুসি (Lucy)। এর স্পেসিস *Australopithecus afarensis*।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ জাভা মানব কোথায় পাওয়া যায়? *[কুমিল্লা বিশ্ববিদ্যালয়, মানবিক: ০৮-০৯]*

ক. ইন্দোনেশিয়ায় খ. জার্মানিতে
গ. চীনে ঘ. ভারতে উত্তর: ক

◈ হাইডেলবার্গ মানব কোথায় পাওয়া যায়? *[কুমিল্লা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, বিবিএ ০৮-০৯]*

ক. ইতালিতে খ. জার্মানিতে
গ. ভারতে ঘ. চীনে উত্তর: খ

◈ প্রায় সম্পূর্ণ 'অস্ট্রালোপিতিসিন্স লুসি'র কংকাল ১৯৭৪ সালে নিচের কোন দেশে আবিষ্কৃত হয়? *[মেডিকেল ভর্তি পরীক্ষা: ০৯-১০]*

ক. কেনিয়া খ. ইরিত্রিয়া
গ. ইথিওপিয়া ঘ. তানজানিয়া উত্তর: গ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

চুক্তি ও সনদ (Treaty and Protocol)

প্যারিসের শান্তি ১৭৮৩ [Peace of Paris 1783]

১৭৮৩ সালে আমেরিকার স্বাধীনতা যুদ্ধের অবসানের জন্য যে সকল চুক্তি স্বাক্ষরিত হয়, তাদেরকে একত্রে 'পিস অব প্যারিস' বলা হয়।

ক) ৩ সেপ্টেম্বর ১৭৮৩ ব্রিটেনের রাজা তৃতীয় জর্জের প্রতিনিধি যুক্তরাষ্ট্রের প্রতিনিধির সাথে প্যারিসে একটি চুক্তি স্বাক্ষর করেন - যা প্যারিস চুক্তি (১৭৮৩) নামে পরিচিত।

খ) ব্রিটেনের রাজা তৃতীয় জর্জের প্রতিনিধি ফ্রান্সের ভার্সাই -এ ফ্রান্সের রাজা ষোড়শ লুই এর প্রতিনিধি এবং স্পেনের রাজা তৃতীয় চার্লসের প্রতিনিধির সাথে অন্য দুটি চুক্তি স্বাক্ষর করেন। চুক্তি দুটি একত্রে ভার্সাই চুক্তি নামে পরিচিত।

দ্বিতীয় প্যারিস চুক্তি ১৭৮৩ [Second Treaty of Paris 1783]

স্থান	প্যারিস, ফ্রান্স
স্বাক্ষরকাল	৩ সেপ্টেম্বর, ১৭৮৩
পক্ষসমূহ	ব্রিটেন এবং যুক্তরাষ্ট্র
ফলাফল	ব্রিটেন যুক্তরাষ্ট্রকে একটি স্বাধীন দেশ হিসাবে স্বীকৃতি দেয় এবং আনুষ্ঠানিকভাবে আমেরিকার স্বাধীনতা যুদ্ধের অবসান হয়।

প্যারিস প্যাক্ট (Pact of Paris)

স্থান	প্যারিস, ফ্রান্স
স্বাক্ষরকাল	২৭ আগস্ট, ১৯২৮
বিষয়বস্তু	আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকরণ

প্যারিস শান্তি চুক্তি, ১৯৭৩ (The Paris Peace Accords of 1973)

স্থান	প্যারিস, ফ্রান্স
স্বাক্ষরকাল	২৭ জানুয়ারি, ১৯৭৩
ফলাফল	ভিয়েতনাম যুদ্ধের অবসান

ভার্সাই চুক্তি ১৯১৯ [Treaty of Versailles 1919]

স্থান	ফ্রান্সের ভার্সাই নগরী
স্বাক্ষরকাল	২৮ জুন, ১৯১৯
পক্ষসমূহ	প্রথম বিশ্বযুদ্ধের মিত্রশক্তি (যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ইতালি ও জাপান) এবং জার্মানি
ফলাফল	জার্মানি প্রথম বিশ্বযুদ্ধের ক্ষতিপূরণ দিতে বাধ্য হয় এবং আনুষ্ঠানিকভাবে প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়।

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

মানবাধিকারের অন্যতম গুরুত্বপূর্ণ দলিল ম্যাগনাকার্টা। ম্যাগনাকার্টা ল্যাটিন শব্দ। এর অর্থ মহা সনদ (Great Charter)। ১২১৫ সালে ইংল্যান্ডের রাজা জন ইহা জারি করেন। একে 'স্বাধীনতার মহাসনদ' (Great Charter of Freedom) বলা হয়। একে ব্রিটিশ 'শাসনতন্ত্রের বাইবেল'ও বলা হয়।


ম্যাগনাকার্টা

Petition of Right

১৬২৮ সালে ব্রিটিশ পার্লামেন্টে মানবাধিকার সম্পর্কিত **'Petition of Right'** আইন পাস হয়।

English Bill of Rights

১৬৮৯ সালে ব্রিটিশ পার্লামেন্টে মানবাধিকার সম্পর্কিত 'Bill of Rights' আইন পাস হয়। এটি 'English Bill of Rights' নামেও পরিচিত।

International Bill of Human Rights

জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত দুটি আন্তর্জাতিক চুক্তি এবং একটি ঘোষণাকে একত্রে International Bill of Human Rights বলা হয়। যথা-

১. **মানবাধিকারের সর্বজনীন ঘোষণা [The Universal Declaration of Human Rights]:** ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ মানবাধিকারের সর্বজনীন ঘোষণা গৃহীত হয়। এতে মোট ৩০ টি ধারা আছে। ফ্রান্সের প্যারিসে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

২. **বেসামরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি:** [International Convent on Civil and Political Rights] ১৬ ডিসেম্বর, ১৯৬৬ জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত হয়। ২৩ মার্চ, ১৯৭৬ এই চুক্তি কার্যকর হয়।

৩. **অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি: [International Covenant on Economic, Social and Cultural Rights]:** ১৬ ডিসেম্বর, ১৯৬৬ জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত হয়। ৩ জানুয়ারি, ১৯৭৬ এই চুক্তি কার্যকর হয়।

চতুর্থ জেনেভা কনভেনশন [Fourth Geneva Convention]

স্থান	জেনেভা, সুইজারল্যান্ড
স্বাক্ষরকাল	২৮ জুন, ১৯৪৯
অন্য নাম	চারটি রেডক্রস কনভেনশন
বিষয়বস্তু	* প্রথম জেনেভা কনভেনশন : যুদ্ধকালীন সময়ে স্থলভূমিতে আহত ও অসুস্থ সৈন্যদের জন্য রক্ষাকবচ। * দ্বিতীয় জেনেভা কনভেনশন : যুদ্ধকালীন সময়ে জলভূমিতে আহত ও অসুস্থ সৈন্যদের জন্য রক্ষাকবচ। * তৃতীয় জেনেভা কনভেনশন : যুদ্ধবন্দীদের প্রতি আচরণ সম্পর্কিত। * চতুর্থ জেনেভা কনভেনশন : যুদ্ধকালীন সময়ে বেসামরিক লোকদের জন্য রক্ষাকবচ।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

কিয়োটো প্রটোকল [Kyoto Protocol]	
স্থান	কিয়োটো, জাপান
আয়োজক	United Nations Framework Convention on Climate Chan
স্বাক্ষরকাল	১১ ডিসেম্বর, ১৯৯৭
কার্যকর হয়	১৬ ফেব্রুয়ারি, ২০০৫
মেয়াদ শেষ হয়	৩১ ডিসেম্বর, ২০১২
স্বাক্ষরকারী দেশ	১৮৭ টি দেশ। এখানে উল্লেখ্য যে, যুক্তরাষ্ট্র কিয়োটো প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়েছে।
বিষয়বস্তু	বিশ্বের উষ্ণতা বৃদ্ধি রোধ করা। এ চুক্তি অনুসারে ২০১২ সাল নাগাদ চুক্তিতে স্বাক্ষরকারী দেশসমূহ তাদের গ্রিন হাউজ গ্যাসের নির্গমন ১৯৯০ সালের পর্যায়ের চেয়ে গড়ে ৫.২% হ্রাস করবে।

কার্টাগেনা প্রটোকল [Cartagena Protocol]	
স্বাক্ষরকাল	২৯ জানুয়ারি, ২০০০
বিষয়বস্তু	জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি

তাসখন্দ চুক্তি [The Tashkent Treaty]	
স্থান	তাসখন্দ, উজবেকিস্তান
স্বাক্ষরকাল	১০ জানুয়ারি, ১৯৬৬
পক্ষসমূহ	ভারত-পাকিস্তান।
স্বাক্ষরকারী	ভারতের পক্ষে তৎকালীন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী (বামে) এবং পাকিস্তানের পক্ষে তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খান (মাঝে)
মধ্যস্থতাকারী	সাবেক সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট কোসিগান (ডানে)
ফলাফল	১৯৬৫ সালে সংঘটিত পাক-ভারত যুদ্ধের যুদ্ধবিরতি।

www.fb.com/tanvir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

সিমলা চুক্তি [The Simla agreement]	
[illegible]	সিমলা, হিমাচল প্রদেশ, ভারত
রকাল	২ জুলাই, ১৯৭২
সমূহ	ভারত-পাকিস্তান।
রকারী	ভারতের পক্ষে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী (বামে) এবং পাকিস্তানের পক্ষে তৎকালীন প্রেসিডেন্ট জুলফিকার আলী ভুট্টো (ডানে)।
বিষয়বস্তু	* দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় বিরোধপূর্ণ বিষয়াবলি শান্তিপূর্ণভাবে সমাধান। * স্থায়ী সমাধান না হওয়া পর্যন্ত জম্মু ও কাশ্মীরে Line of Control কে দুই দেশের সীমানা হিসাবে নির্ধারণ।

আলজিয়ার্স চুক্তি [Algiers agreement]	
স্বাক্ষরকাল	১৩ জুন, ১৯৭৫
পক্ষসমূহ	ইরাক-ইরান
বিষয়বস্তু	শাত-ইল-আরবসহ বিরোধপূর্ণ সীমানা নিয়ে ইরাক-ইরান চুক্তি

ক্যাম্প ডেভিড চুক্তি [Camp Devid Accords]	
স্থান	যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে অবস্থিত প্রেসিডেন্ট অবকাশ যাপন কেন্দ্র ক্যাম্প ডেভিডে
স্বাক্ষরকাল	১৭ সেপ্টেম্বর, ১৯৭৮
পক্ষসমূহ	মিশর ও ইসরাইল
স্বাক্ষরকারী ও মধ্যস্থতাকারী	 মিশরের তৎকালীন প্রেসিডেন্ট আনোয়ার সাদাত (বামে) ইসরাইলের তৎকালীন প্রধানমন্ত্রী মেনাহেম বেগিন (ডানে) এবং মধ্যস্থতাকারী তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জিমিকার্টার (মাঝে)
বিষয়বস্তু	মধ্যপ্রাচ্য শান্তিপ্রক্রিয়ার রূপরেখা প্রণয়ণ এবং শান্তিস্থাপন

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

শেনজেন চুক্তি	
স্থান	শেনজেন, লুক্সেমবার্গ
স্বাক্ষরকাল	১৪ জুন, ১৯৮৫
পক্ষসমূহ	বেলজিয়াম, ফ্রান্স, সাবেক পশ্চিম জার্মানী, লুক্সেমবার্গ ও নেদারল্যান্ড
ফলাফল	এটি ইউরোপে জল, স্থল ও আকাশপথে এক ভিসায় বা ভিসা ব্যতীত অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি। এর ফলশ্রুতিতে ১৯৯৫ সালের ১৬ মার্চ ভিসামুক্ত ইউরোপের যাত্রা শুরু হয়।

অসলো চুক্তি [Oslo Accords]	
নামকরণ	১৯৯৩ সালের ২০ আগস্ট নরওয়ের রাজধানী অসলোতে গোপন বৈঠকের মাধ্যমে পি.এল.ও এবং ইসরাইল এই চুক্তির ব্যাপারে একমত হয়। ১৩ সেপ্টেম্বর ১৯৯৩ যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে আনুষ্ঠানিকভাবে চুক্তিটি স্বাক্ষরিত হয়। ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে আইজ্যাক রবিন (বামে), বিল ক্লিনটন (মাঝে) এবং ইয়াসির আরাফাত (বামে)
পক্ষসমূহ	পিএলও এবং ইসরাইল
ফলাফল	পিএলও-ইসরাইল পরস্পরকে স্বীকৃতি দেয়। ফিলিস্তিনিদের স্বায়ত্তশাসনের রোডম্যাপ প্রণয়ন করা হয়।

উই রিভার চুক্তি [Wye River Memorandum]	
স্থান	উই রিভার, মেরিল্যান্ড, যুক্তরাষ্ট্র
স্বাক্ষরকাল	২৩ অক্টোবর ১৯৯৮
পক্ষসমূহ	পিএলও এবং ইসরাইল

ম্যাসট্রিচট চুক্তি [Maastricht Treaty]	
স্থান	ম্যাসট্রিচট, নেদারল্যান্ড
স্বাক্ষরকাল	৭ ফেব্রুয়ারি, ১৯৯২
কার্যকর হয়	১ নভেম্বর, ১৯৯৩
ফলাফল	এ চুক্তির ফলে 'ইউরোপীয় ইউনিয়ন' এবং ইউনিয়নভূক্ত দেশসমূহের একক মুদ্রা 'ইউরো' চালু হয়।

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

ডেটন চুক্তি [Dayton Agreement]	
অন্য নাম	প্যারিস প্রোটোকল, ডেটন-প্যারিস চুক্তি
স্থান	প্যারিস, ফ্রান্স
নামকরণ	নভেম্বর ১৯৯৫ যুক্তরাষ্ট্রের ওহিও রাজ্যের ডেটনে এ চুক্তির ব্যাপারে মতৈক্য হয় কিন্তু চুক্তিটি আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হয় ১৪ ডিসেম্বর, ১৯৯৫।
মধ্যস্থতাকারী	সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন
ফলাফল	বসনিয়া সঙ্কট নিরসনের পথ সুগম হয়।

বেলফাস্ট চুক্তি [Belfast Agreement]	
স্থান	বেলফাস্ট, নেদারল্যান্ড
স্বাক্ষরকাল	১০ এপ্রিল, ১৯৯৮
পক্ষসমূহ	ব্রিটেন ও আয়ারল্যান্ড
ফলাফল	উত্তর আয়ারল্যান্ডের শান্তির জন্য অন্যতম মাইলফলক।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ডের মধ্যে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক 'স্বাধীনতা চুক্তিটি' কি নামে পরিচিত? *[উপজেলা ও থানা শিক্ষা অফিসার: ০৫]*

ক. ওয়াশিংটন চুক্তি খ. স্বাধীনতা চুক্তি
গ. প্রথম ভার্সাই চুক্তি ঘ. বার্লিন চুক্তি উত্তর: গ

◈ প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়? *[জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০৬-০৭/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিট: ০৪-০৫]*

ক. সেভার্স চুক্তি খ. লুজেন চুক্তি
গ. ভার্সাই চুক্তি ঘ. প্যারিস চুক্তি উত্তর: গ

◈ ভার্সাই নগরীটি কোথায় অবস্থিত? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ক্লাস্টার ও কো বিভাগ: ০৫-০৬/ উপজেলা ও থানা শিক্ষা অফিসার: ০৫]*

ক. জার্মানি খ. ফ্রান্স
গ. ইংল্যান্ড ঘ. আমেরিকা উত্তর: খ

◈ আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয়- *[৫ম বিসিএস]*

ক. ১৯২৭ সনের ১২ আগস্ট খ. ১৯২৮ সনের ২৭ আগস্ট
গ. ১৯২৮ সনের ৩ নভেম্বর ঘ. ১৯২৯ সনের ৫ জানুয়ারি উত্তর: খ

◈ ম্যাগনাকার্টা হচ্ছে--- *[দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক: ০৪]*

ক. ফরাসি শাসনতন্ত্রের বাইবেল খ. ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল
গ. স্পেনীয় শাসনতন্ত্রের বাইবেল ঘ. জার্মান শাসনতন্ত্রের বাইবেল উত্তর: খ

◈ ম্যাগনাকার্টা কি? *[মহিলা বিষয়ক ও শিশুদের মন্ত্রণালয়ের অফিস সহকারী - ৯৬]*

ক. বিট্রিশ সংবিধানের অলিখিত অংশ
খ. ব্রিটিশ জনগণের অধিকার আদায়ের সনদ
গ. আমেরিকান নাগরিক অধিকার সনদ
ঘ. আমেরিকান নাগরিক অধিকার সনদ উত্তর: খ

◈ নিচের কোনটি **Great Charteer** হিসেবে পরিচিত? *[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইংরেজি বিভাগ: ০৮-০৯]*

ক. Magna Carta খ. Bill of Rights
গ. Retition of Rights ঘ. French Revolation উত্তর: ক

◈ ইংল্যান্ডের কোন রাজা ম্যাগনাকার্টায় স্বাক্ষর করেন? *[গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ার: ৯৯/ সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]*

ক. জন খ. জেমস
গ. এডওয়ার্ড ঘ. জর্জ উত্তর: ক

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ ম্যাগনাকার্টা কোন সালের কত তারিখে স্বাক্ষরিত হয়? *[পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক: ০৪]*

ক. ১৫২১ সালের ১৫ জুন খ. ১২১৩ সালের ৭ ডিসেম্বর

গ. ১২১৫ সালের ১৫ জুন ঘ. ১৩২৫ সালের ৭ জুলাই **উত্তর: গ**

◈ ১৬৮৯ সালে মানবাধিকার প্রতিষ্ঠায় স্বাক্ষরিত হয়- *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, চ ইউনিট: ০৩-০৪]*

ক. Magna Carta খ. Petition of Rights

গ. English Bill of Rights ঘ. French Declaration of Rights of man and of the Citizen

উত্তর: গ

◈ সর্বজনীন মানবাধিকার ঘোষণা কোন সালে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়? *[নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার: ০৪]*

ক. ১৯৪৬ খ. ১৯৪৮

গ. ১৯৫২ ঘ. ১৯৭৬ **উত্তর: খ**

◈ মানবাধিকার চুক্তি স্বাক্ষরিত ও স্বীকৃত হয়েছিল- *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা: ৯৭]*

ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৭ সালে

গ. ১৯৪৮ সালে ঘ. ১৯৫০ সালে **উত্তর: গ**

◈ জাতিসংঘের 'মানবাধিকার কমিশন' গঠিত হয়-- *[সাব-রেজিস্ট্রার: ০১]*

ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৬ সালে

গ. ১৯৪৭ সালে ঘ. ১৯৪৮ সালে **উত্তর: ঘ**

◈ মানবাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কখন আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়? *[২৪তম বিসিএস]*

ক. ১৯৫০ সালে খ. ১৯৫৫ সালে

গ. ১৯৬৫ সালে ঘ. ১৯৬৬ সালে **উত্তর: ঘ**

◈ জেনেভা কনভেনশন হলো- *[ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৩-০৪]*

ক. বাণিজ্য সম্মেলন খ. যুদ্ধবন্দীদের প্রতি আচরণ বিধি

গ. যুদ্ধ বিরতিকরণ সম্মেলন ঘ. বিচার বিভাগীয় সম্মেলন **উত্তর: খ**

◈ যুদ্ধ ও সশস্ত্র সংঘর্ষ সংক্রান্ত আইন প্রণয়ন বিষয়ে ১৯৪৯ সনের জেনেভা কনভেনসনসমূহ অভিহিত- *[২৪তম বিসিএস]*

ক. 'দুটি রেডক্রস কনভেনশন' নামে খ. 'তিনটি রেডক্রস কনভেনশন' নামে

গ. 'চারটি রেডক্রস কনভেনশন' নামে ঘ. 'পাঁচটি রেডক্রস কনভেনশন' নামে **উত্তর: গ**

◈ যুদ্ধবন্দীদের প্রতি আচরণ সম্পর্কিত জেনেভা কনভেনশন যে সনে স্বাক্ষরিত হয়- *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১/ পিএসসি'র সহকারী পরিচালক: ০১/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৩-০৪]*

ক. ১৯২৫ সনে খ. ১৯৪৯ সনে

গ. ১৯৬৬ সনে ঘ. ১৯৭২ সনে **উত্তর: খ**

মঙ্গল [Mars]	* মঙ্গল গ্রহের আকাশের রঙ গোলাপী। * মঙ্গল গ্রহের বায়ুমণ্ডলের প্রধান উপাদান কার্বন ডাইঅক্সাইড (৯৯%)। * মঙ্গল গ্রহ লালচে দেখায় কারণ মঙ্গল গ্রহের বায়ুমণ্ডলে খুবই স্বল্প পরিমাণ অক্সিজেন রয়েছে। অক্সিজেনের সংস্পর্শে এ গ্রহের পাথরগুলো মরচে পড়ে গেছে। * ফোবোস এবং ডিমোস মঙ্গল গ্রহের দুইটি উপগ্রহ।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

বৃহস্পতি [Jupiter]	* সৌরজগতের বৃহত্তম গ্রহ। সবচেয়ে বড় গ্রহ বলে একে গ্রহরাজ বলা হয়। আয়তনে বৃহস্পতি পৃথিবীর চেয়ে ১,৩০০ গুণ বড়। * বৃহস্পতির প্রধান উপগ্রহ লো, ইউরোপা, গ্যানিমেড ও ক্যালিস্টো।
শনি [Saturn]	* সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ। * শনি গ্রহকে ঘিরে রয়েছে হাজার হাজার বলয়। * শনির প্রধান উপগ্রহ টাইটান, হূয়া, ডাইওন, ক্যাপিটাস, টেথিস।
ইউরেনাস [Uranus]	* ইউরেনাসকে সবুজ গ্রহ বলা হয়। * মিরিন্ডা, এরিয়েল, আম্ব্রিয়েল, টাইটানিয়া এবং ওবেরন ইউরেনাসের ৫টি উপগ্রহ।
নেপচুন [Neptune]	* সূর্য থেকে সবচেয়ে দূরবর্তী গ্রহ। * গ্রহসমূহের মধ্যে নেপচুনের সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে বেশি সময় লাগে। সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে ১৬৫ বছর সময় লাগে। * নেপচুনের দুইটি উপগ্রহ রয়েছে। যথা- ট্রাইটন ও নেরাইড।
প্লুটো [Pluto]	* ২০০৬ সালের ২৪ আগস্ট প্লুটো গ্রহের মর্যাদা হারায়। প্লুটোকে বর্তমানে 'বামন গ্রহ' (dwarf planet) এর মর্যাদা দেওয়া হয়। * প্লুটোর উপগ্রহের নাম ক্যারন।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **সূর্যকে কেন্দ্র করে ঘূর্ণীয়মান জ্যোতিষ্কমন্ডলীকে বলা হয়-** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১]*

ক. নক্ষত্র খ. পৃথিবী
গ. সৌরজগত ঘ. বুধ **উত্তরঃ গ**

◈ **সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী সূর্যের চতুর্দিকে পরিভ্রমণ করিতেছে- এই তত্ত্ব দিয়েছিলেন কে?** *[জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব: ৯৬]*

ক. গ্যালিলিও খ. কেপলার
গ. কোপার্নিকাস ঘ. টাইকো ব্রাহে **উত্তর: গ**

◈ **পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে -এ মতবাদ প্রথম প্রমাণ করেন-** *[বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেডে সহকারী কর্মকর্তাঃ ০৬]*

ক. গ্যালিলিও খ. হ্যানিম্যান
গ. কোপার্নিকাস ঘ. লুইপাস্তুর **উত্তর: গ**

◈ **সূর্যের মধ্য কোন মৌলিক গ্যাস বেশি রয়েছে?** *[সরকারি শিক্ষা অধিদপ্তরে ইন্সট্রাক্টর (নন্টেক): ০৩]*

ক. নাইট্রোজেন খ. হাইড্রোজেন
গ. ইথাইল ঘ. হিলিয়াম **উত্তর: খ**

◈ **সূর্যের নিজ অক্ষের উপর আবর্তন করতে সময় লাগে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০]*

ক. ২৫ ঘন্টা খ. ২৮ ঘন্টা
গ. ২৫ বছর ঘ. ২৫ দিন **উত্তর: ঘ**

◈ **সূর্যপৃষ্ঠের উত্তাপ কত?** *[শ্রম অধিদপ্তরে রেজিস্ট্রার: ০৩]*

ক. ৬০০০° সেঃ খ. ১০০০০° সেঃ
গ. ১২০০০° সেঃ ঘ. ৮০০০° সেঃ **উত্তর: ক**

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

◆ সূর্য চন্দ্র অপেক্ষা কত গুণ বড়? [মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে প্রদর্শকঃ ০৪]

ক. ২ কোটি ৩০ লক্ষ গুণ খ. ২ কোটি ৪০ লক্ষ গুণ
গ. ২ কোটি ৫০ লক্ষ গুণ ঘ. ২ কোটি ৬০ লক্ষ গুণ উত্তর: ক

◆ সূর্যের আয়তন পৃথিবী অপেক্ষা বড়- [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক২০১১]

ক.১৩ মিলিয়ন গুণ খ. ১০ মিলিয়ন গুণ
গ. ১.৩ মিলিয়ন গুণ ঘ. ১.০ মিলিয়ন গুণ উত্তরঃ গ

◆ সূর্যের কয়টি গ্রহ আছে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শকঃ ০৯]

ক. ৮ খ. ৯
গ. ১০ ঘ. ১১ উত্তর: ক

◆ **Which of the following is not the name of the Greek God?**/ নিচের কোন নামটি গ্রিক দেবতার নাম নয়? [ইস্টার্ন ব্যাংক অফিসারঃ ০৫]

ক. Venus খ. Jupiter
গ. Neptune ঘ. Pluto
ঙ. Earth উত্তর: ঙ

◆ গ্রহটির নামকরণ রোমান যুদ্ধদেবতার নামে হয়েছে- [ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট: ০৮-০৯]

ক. মার্স খ. স্যাটার্ন
গ. জুপিটার ঘ. এপোলো উত্তর: ক

◆ **Which of these is not a planet in the Solar system?**/ নিচের কোনটি সৌরজগতের গ্রহ নয়? [বাংলাদেশ কৃষি ব্যাংক সহকারী অফিসারঃ ০৭]

ক. Mars খ. Neptune
গ. Venus ঘ. Pluto
ঙ. None these উত্তর: ঘ

◆ **Which one is the largest planet in the solar system?** [ইস্টার্ন ব্যাংক অফিসারঃ ০৫] অথবা,
সৌরজগতের সর্ববৃহৎ গ্রহ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১/কুমিল্লা বিশ্ববিদ্যালয়, ঘ ইউনিটঃ ০৮-০৯/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬/ সহকারী থানা শিক্ষা অফিসারঃ ০৫/প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভেঃ ০৫/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তাঃ ০৪]

ক. Jupitar (বৃহস্পতি) খ. Saturn (শনি)
গ. Mars (মঙ্গল) ঘ. Earth (পৃথিবী)
ঙ. None of these উত্তর: ক

◆ কোন গ্রহকে গ্রহরাজ বলা হয়? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৬]

ক. নেপচুন খ. পৃথিবী
গ. বৃহস্পতি ঘ. মঙ্গল উত্তর: গ

সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের [illegible] সহকারী [illegible]

[illegible] খ. শনি
গ. বুধ ঘ. বৃহস্পতি উত্তর: খ

◆ সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরে প্রদর্শকঃ ০৪/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০১]

ক. পৃথিবী খ. শনি
গ. বুধ ঘ. নেপচুন উত্তর: গ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০/ থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]

ক. বৃহস্পতি | খ. শনি
গ. বুধ | গ. শুক্র | উত্তর: গ

Which planet is the nearest to sun? [Standard bank probationary Officer: 08/ IFIC ব্যাংক প্রবেশনারী অফিসার: ০৪ / বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ০১] অথবা,

সূর্যের নিকটতম গ্রহের নাম কি? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ২০১১/ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা খ ইউনিট: ০৭-০৮/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (হিসাববিজ্ঞান) : ০৭-০৮]

ক. Mercury | খ. Venus
গ. Jupiter | ঘ. Mars | উত্তর: ক

সৌরজগতের কোন গ্রহের সূর্যকে প্রদক্ষিণ করতে সবচেয়ে কম সময় লাগে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]

ক. শুক্র | খ. বুধ
গ. পৃথিবী | ঘ. বৃহস্পতি | উত্তর: খ

'শুকতারা' একটি - [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী গবেষণা কর্মকর্তা: ১৮/ থানা শিক্ষা অফিসার: ১৬]

ক. গ্রহ | খ. উপগ্রহ
গ. নক্ষত্র | ঘ. নীহারিকা | উত্তর: ক

শুক্রগ্রহের অপর নাম কি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৪]

ক. শুকতারা | খ. সন্ধ্যাতারা
গ. সিরিয়াস | ঘ. ক ও খ | উত্তর: ঘ

পৃথিবী মহাকাশে একটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (লোকপ্রশাসন বিভাগ): ০২-০৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ৯২]

ক. জ্যোতিষ্ক | খ. নীহারিকা
গ. নক্ষত্র | ঘ. উপগ্রহ | উত্তর: ক

পৃথিবী সৌরজগতের একটি- [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক, বরিশাল বিভাগ: ০৩/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]

ক. নক্ষত্র | খ. গ্রহ
গ. উপগ্রহ | ঘ. জ্যোতিষ্ক | উত্তর: খ

পৃথিবী সৌরজগতের কত নম্বর গ্রহ? [কর্মসংস্থান ব্যাংক এসিস্টেন্ট অফিসার: ০১]

ক. অষ্টম | খ. নবম
গ. চতুর্থ | ঘ. তৃতীয় | উত্তর: ঘ

পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫/মেডিকেল ভর্তি পরীক্ষা: ০৪/ প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক, খুলনা বিভাগ: ০৩/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯/ সাব-রেজিস্ট্রার: ৯২]

ক. বুধ | খ. শুক্র
গ. বৃহস্পতি | ঘ. মঙ্গল | উত্তর: খ

পৃথিবীর জমজ নামে পরিচিত কোন গ্রহ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০]

ক. শনি | খ. মঙ্গল
গ. বুধ | ঘ. শুক্র | উত্তর: ঘ

পৃথিবী থেকে সূর্যের দূরত্ব হলো - [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬/ ইসলামী ব্যাংক সহকারী অফিসার: ০৩]

ক. ৯৩ মিলিয়ন মাইল | খ. ৯০ মিলিয়ন মাইল
গ. ৭৫ মিলিয়ন মাইল | ঘ. ১২০ মিলিয়ন মাইল | উত্তর: ক

সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে? [১৮তম বিসিএস/ বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা: ০৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (লোকপ্রশাসন বিভাগ): ০২-০৩]

ক. ৮.৩২ মিনিট | খ. ৯.১২ মিনিট
গ. ৭.৯৬ মিনিট | ঘ. ১০.৬৫ মিনিট | উত্তর: ক

www.facebook.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- সূর্য হতে পৃথিবীতে আলো আসতে সময় লাগে - *[উপজেলা ও থানা শিক্ষা অফিসার ঃ ০৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (গণযোগাযোগ)ঃ ০৭-০৮]*

ক. ৭ মিনিট ৪০ সেকেন্ড খ. ৮ মিনিট ২০ সেকেন্ড
গ. ৭ মিনিট ৩০ সেকেন্ড ঘ. ৮ মিনিট উত্তর: খ

- যদি সূর্য থেকে হঠাৎ আলো বন্ধ হয়ে যায় তাহলে পৃথিবীর মানুষ কতক্ষণে এ পরিবর্তন প্রত্যক্ষ করবে? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মার্কেটিং বিভাগ)ঃ ০২-০৩]*

ক. তৎক্ষণাৎ খ. ৮মি. পরে
গ. ৮ মি. ৪০ সে. পরে ঘ. ৮ মি. ২০ সে. পরে উত্তর: ঘ

- পৃথিবীর উপগ্রহ কয়টি? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (লোকপ্রশাসন বিভাগ)ঃ ০২-০৩]*

ক. ৩ খ. ৭
গ. ৫ ঘ. ১ উত্তর: ঘ

- পৃথিবী চাঁদের তুলনায় কতগুণ বড়? *[সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসারঃ ০০]*

ক. ৩৯ খ. ৪৯
গ. ৫৯ ঘ. ৬৯ উত্তর: খ

- **The distance between the earth and the moon is about?** *[ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদঃ ৯৮]* অথবা,
পৃথিবী হতে চাঁদের দূরত্ব গড়ে কত মাইল? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অডিটরঃ ৯৮]*

ক. 2,39,000 miles খ. 2,49,000 miles
গ. 2,59,000 miles ঘ. 2,69,000 miles উত্তর: ক

- **Approximate distance of the moon from the earth:/** পৃথিবী হতে চাঁদের দূরত্ব প্রায়- *[IFIC ব্যাংক প্রবেশনারী অফিসারঃ ৯২]*

ক. 257×10^5 miles খ. 250×10^3 miles
গ. 930×10^5 miles ঘ. 67×10^5 miles উত্তর: খ

- পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২]*

ক. ৩,৮৪,০০০ কিমি খ. ৩,৯৫,০০০ কিমি
গ. ৪,০৫,০০০ কিমি ঘ.৪,২০,০০০ কিমি উত্তরঃ ক

- আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌছাতে কত সময় লাগবে? *[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তাঃ ০৬]*

ক. ১৫ সেকেন্ড খ. প্রায় ১.৫ সেকেন্ড
গ. ১.৫ মিনিট ঘ. প্রায় ১৫ মিনিট উত্তর: খ

- কোন গ্রহের কোন চাঁদ নেই? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ১০]*

অথবা,

সৌরজগতের কোন গ্রহের উপগ্রহ নেই? *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সহকারীর অফিসার ২০১২]*

ক. মঙ্গল খ. বুধ
গ. বৃহস্পতি ঘ. শনি উত্তর: খ

- পৃথিবীকে একবার প্রদক্ষিণ করতে চাঁদ-এর সময় লাগে- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২/অর্থমন্ত্রণালয়ের ক্লাস্টার আইটি অ্যাসিসটেন্ট/ডাটা এন্ট্রি অপারেটর ২০১২]*

ক. ২৭ দিন ৮ ঘন্টা খ. ২৭ দিন ১৭ ঘন্টা
গ. ২৮ দিন ২ ঘন্টা ঘ. ২৮ দিন ৫ ঘন্টা উত্তরঃ ক

- কোন গ্রহের উপগ্রহ সবচেয়ে বেশি? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ*

ক. শনি খ. বৃহস্পতি
গ. ইউরেনাস ঘ. প্লুটো উত্তর: ক

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

❖ কোন গ্রহের হাজার বলয় আছে? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১]*

ক. বুধ
খ. মঙ্গল
গ. শনি
ঘ. বৃহস্পতি

উত্তর: গ

❖ 'মঙ্গল' গ্রহের' কয়টি উপগ্রহ আছে ? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২]*

ক. ২টি
খ. ৩টি
গ. ৪টি
ঘ. ৫টি

উত্তর: ক

❖ ডিমোস কোন গ্রহের উপগ্রহ? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর - ২০১১]*

ক. শনি
খ. বুধ
গ. মঙ্গল
ঘ. বৃহস্পতি

উত্তর: গ

❖ সবচেয়ে বড় উপগ্রহ কোনটি? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০১]*

ক. টাইটান
খ. ফোবস
গ. ডিমোস
ঘ. ক্যারন

উত্তর: ক

❖ কোনটি অপর তিনটি থেকে আলাদা? *[ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন টেলিফোন বোর্ডের সহকারী পরিচালকঃ ৯৫]*

ক. ধ্রুবতারা
খ. বুধ
গ. শনি
ঘ. প্লুটো

উত্তর: ক

ব্যাখ্যাঃ ধ্রুবতারা একটি নক্ষত্র। পক্ষান্তরে বুধ, শনি ও প্লুটো হল গ্রহ।

❖ **Which one does not logically belong to the list : 'Mars, Jupiter, Comet, Earth, Neptune'?** *[স্ট্যান্ডার্ড ব্যাংক অফিসারঃ ০৬]*

ক. Mars
খ. Jupiter
গ. Comet
ঘ. Earth
ঙ. Neptune

উত্তর: গ

Id: www.facebook.com/tanbir.cox
Page: www.facebook.com/tanbir.ebooks
Web: www.tanbircox.blogspot.com
www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

সূর্যগ্রহণ (Solar Eclipse)

- অমাবস্যার তিথিতে হয়।
- পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে।
- এ সময় সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে। ফলে চাঁদের ছায়া পৃথিবীতে পড়ে।



Solar Eclipse



Lunar Eclipse

চন্দ্রগ্রহণ (Lunar Eclipse)

- ✓ পূর্ণিমার তিথিতে হয়।
- ✓ পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে।
- ✓ এ সময় সূর্য ও চাঁদের মধ্যে পৃথিবী অবস্থান করে। ফলে পৃথিবীর ছায়া চাঁদে পড়ে।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ **যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়--** *[২৩তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২/রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১/ সহকারী জজ প্রিলিমিনারি টেস্টঃ]*

ক. চন্দ্রগ্রহণ খ. সূর্যগ্রহণ
গ. অমাবস্যা ঘ. পূর্ণিমা **উত্তর: খ**

◊ **Lunar eclipse occurs on-/ চন্দ্রগ্রহণ হয়-** *[34th BCS]*

ক. A new moon day খ. A full moon day
গ. A half moon day ঘ. A moonless day **উত্তর: খ**

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ যখন সূর্য ও চন্দ্রের মধ্যে পৃথিবী অবস্থান করে তখন হয়- *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক২০১১]*

ক. সূর্য গ্রহণ   খ.চন্দ্র গ্রহণ
গ. পূর্ণিমা   ঘ. অমাবস্যা   উত্তরঃ খ

◈ চন্দ্রগ্রহণের সময়- *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ে গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসারঃ ০৫]*

ক. পৃথিবী, সূর্য ও চন্দ্রের মাঝে অবস্থান করে
খ. চন্দ্র, সূর্য ও পৃথিবীর মাঝে অবস্থান করে
গ. সূর্য, চন্দ্র ও পৃথিবীর মাঝে অবস্থান করে
ঘ. পৃথিবী ও চন্দ্র সোজাসুজি অবস্থান করে   উত্তর: ক

◈ জোয়ার-ভাটার তেজকটাল কখন হয়? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]*

ক. একাদশীতে   খ. পঞ্চমীতে
গ. অষ্টমীতে   ঘ. অমাবস্যায়   উত্তরঃ ঘ

মহাকাশ অভিযান

মহাশূন্য যাত্রার কিছু গুরুত্বপূর্ণ ঘটনা

মহাশূন্যযানের নাম	সাফল্যের প্রকৃতি
স্পুটনিক-I Sputnik-I	মহাশূন্যযাত্রার প্রথম পদক্ষেপটির সূচনা হয়েছে ১৯৫৭ সালের ৪ অক্টোবর। এই যাত্রার সূচনা করে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন মহাশূন্যে স্পুটনিক-১ নামক কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণের মাধ্যমে। এটি মহাশূন্যে পাঠানো প্রথম কৃত্রিম উপগ্রহ। স্পুটনিক শব্দের অর্থ Fellow Travellers (ভ্রমণসঙ্গী)।
স্পুটনিক-II Sputnik-II	জীবন্ত প্রাণী বহনকারী প্রথম মহাশূন্যযান। সোভিয়েত ইউনিয়ন নির্মিত এ মহাশূন্যযানের যাত্রী ছিল লাইকা (Laika) নামের একটি কুকুর।
স্কোর [Score]	মহাশূন্যে পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ।
লুনা-২ [Luna-2]	চন্দ্রপৃষ্ঠকে স্পর্শকারী প্রথম মহাশূন্যযান।
লুনা-৩ [Luna-3]	প্রথম উপগ্রহ যা চাঁদের অদৃশ্যমান অংশের ছবি পাঠায়।
ভস্টক-১ [Vostoc-1]	মানুষ নিয়ে যাওয়া প্রথম মহাশূন্য যাত্রা। পৃথিবীর প্রথম মহাশূন্যচারী মানুষ হলেন সোভিয়েত ইউনিয়নের ইউরি গ্যাগারিন (Yuri Gagarin)। ১৯৬১ সালের ১২ এপ্রিল তিনি পৃথিবীকে পরিক্রমণ করেন।
স্টক-৬ [Stock-6]	প্রথম মহিলা মহাশূন্যচারীবাহী মহাশূন্যযান। এই মহিলা ছিলেন সোভিয়েত ইউনিয়নের ভেলানটিনা তেরেসকোভা (valentina tereshkova)। ১৯৬৩ সালের ৪ ডিসেম্বর তিনি মহাশূন্য যাত্রা করেন।
ইনটেলসেট-১ Intelset-I	বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য পাঠানো প্রথম যোগাযোগ উপগ্রহ। পরবর্তীতে উপগ্রহটির নামকরণ করা হয় Early Bird.
ভেনেরা-৩ [Venera-3]	শুক্র গ্রহে অবতরণকারী প্রথম মহাশূন্যযান। ১৯৬৫ সালের ১৬ নভেম্বর এটি শুক্রগ্রহে অবতরণ করে।

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

া-৯ [Luna-9]	প্রথম সফলভাবে চাঁদের পৃষ্ঠে অবতরণকারী (Soft landing) মহাশূন্য অনুসন্ধানী যান।
য়োজ-৪ [Soyoge-4]	প্রথম পরীক্ষামূলক স্পেস স্টেশন।
্যাপোলো-১১ pollo-11	এই চন্দ্রযানের মাধ্যমে মহাশূন্যচারী নীল আর্মস্ট্রং (Neil Armstrong) ১৯৬৯ সালের ২০ জুন প্রথম মানুষ হিসাবে চন্দ্রপৃষ্ঠে প্রথম পা রাখেন। তার ৮ মিনিট পর এডুইন অলড্রিন তাঁকে অনুসরণ করেন। 
র্স-২ [Mars-2]	মঙ্গলগ্রহে অবতরণকারী প্রথম মহাশূন্য অনুসন্ধানী যান (Space Probe)
ায়োনিয়ার oneer	প্রথম মহাশূন্য অনুসন্ধানীযান যা বৃহস্পতি গ্রহে খুব নিকট হতে ছবি তুলতে সক্ষম হয়।
্যান্ডসেট-১ nd set-1	রিমোট সেনসিং বা দূর অনুধাবনের জন্য পাঠানো প্রথম উপগ্রহ।
পোলো-সায়োজ টেস্ট প্রজেক্ট llo Soyuz test Project	আন্তর্জাতিক যোগসূত্র স্থাপনের জন্য মহাশূন্যে পাঠানো প্রথম উপগ্রহ।
য়েজার oyager	বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন এবং প্লুটোর কক্ষপথে প্রেরিত যুক্তরাষ্ট্রের একটি মহাশূন্যযান।
কিং [Viking]	মঙ্গলগ্রহের উদ্দেশ্যে পাঠানো মার্কিন মহাশূন্য অনুসন্ধানী যান।
লিলিও [Galileo]	পৃথিবী থেকে পাঠানো বৃহস্পতির একটি কৃত্রিম উপগ্রহ।
ফাইন্ডার thfinder	'পাথ ফাইন্ডার' হল মঙ্গলগ্রহের উদ্দেশ্যে প্রেরিত একটি মার্কিন নভোযান। 'পাথ ফাইন্ডারের সাথে পাঠানো রোবটের নাম 'সোজার্নার'। রোবটটিকে পাঠানো হয়েছিল মঙ্গলগ্রহের শিলারাশি পরীক্ষা ও চিত্র প্রেরণের জন্য।
ন্দ্রযান-১ handrayaan-1	প্রথম ভারতীয় চন্দ্রযান হিসাবে ২০০৮ সালের ১৪ নভেম্বর সফলভাবে চাঁদে অবতরণ করে।

দেশভিত্তিক প্রথম সফল মহাশূন্যযান উৎক্ষেপণ

দেশ	উপগ্রহ	সময়কাল
[illegible]	স্পুটনিক-১ [Sputunik-1]	৪ অক্টোবর, ১৯৫৭
[illegible]	এক্সপ্লোরার-১ [Explorer-1]	১৯৫৮
[illegible]	এস্টেরিক্স [Asterix]	১৯৬৫
[illegible]	ওসুমি [Osumi]	১৯৭০
[illegible]	ডং ফং হং-১ [Dong Fong Hong-1]	১৯৭০
[illegible]	প্রোসপেরো এক্স-৩ [Prospero X-3]	১৯৭১
[illegible]	রোহিনি-১ [Rohini-1]	১৯৮০
[illegible]	ওফেক-১ [Ofeq-1]	১৯৮৮
[illegible]	সিক-১ [Sich-1]	১৯৯৫
[illegible]	উমিদ (Omid) [ইংরেজি নাম Hope]	২ ফেব্রুয়ারি, ২০০৯

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

দেশ	মহাশূন্যযান	প্রথম যাত্রী	মহাশূন্য যাত্রীদের বলা হয়	সময়ক
রাশিয়া	ভস্টক-১ Vostoc-1	ইউরি গ্যাগারিন	**Cosmonaut**	১২ এপ্রিল,
যুক্তরাষ্ট্র	মার্কারি-রেডস্টোন-৩ Mercury-Redstone 3	অ্যালান শেফার্ড Alan Shepard	**Astronaut**	৫ মে, ১
চীন	শেনঝিউ-৫ Shenzhou 5	ইয়াং লিওই Yang Liwei	**Taikonaut**	১৫ অক্টোবর,

হাবল টেলিস্কোপ [Hubble Space Telescope]

মহাশূন্য বিভিন্ন চিত্রগ্রহণ গ্রহণের জন্য ১৯৯০ সালের ২৪ এপ্রিল হাবল টেলিস্কোপ পৃথিবীর কক্ষপথে স্থাপিত হয়। এই টেলিস্কোপটি নাসা [NASA] এবং ইসা [ESA] এর যৌথ উদ্যোগে নির্মিত হয়।

আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র [International Space Station]



পৃথিবীর নিম্নকক্ষে স্থাপিত একটি কৃত্রিম উপগ্রহ। এ যাবৎকালের সর্ববৃহৎ মহাকাশ স্টেশন। এটি আকার এত বড় যে, এটি পৃথিবী থেকে খালি চোখে দৃশ্যমান হতে পারে।

আকার	৫১ মিটার× ১০৯ মিটার × ২০মিটার
ওজন	৩৬৯,৯১৪ কেজি
নির্মাণকাল	১৯৯৮-২০১১ খ্রিস্টাব্দ
নির্মাতা	* National Aeronautics and Space Administration (NA * European Space Agency (ESA) * Russian Federal Space Agency (RKA) * Japan Aerospace Exploration Agency (JAXA) * Canadian Space Agency (CSA).
স্কাইল্যাব	মার্কিন মহাকাশ স্টেশন।
মির	রুশ মহাকাশ স্টেশন।
স্পেস শাটল	স্পেস শাটল বহুবার মহাশূন্যচারীদের নিয়ে মহাকাশে যায় এবং ফিরে আসে প্রধান সুবিধা হল এটি বার বার ব্যবহার করা যায়। মার্কিন স্পেস শাটল ঃ 'আটলান্টিস', 'এন্ডেভার', 'ডিসকভারি'। রুশ স্পেস শাটল ঃ 'সয়ুজ'।
কলম্বিয়া	নাসার একটি বিধ্বস্ত স্পেস শাটল।
	* 'VSAT' এর পূর্ণরূপ Very Small Aparture Terminal. * ভূ-পৃষ্ঠ তে স্যাটেলাইটে যোগাযোগ করার জন্য VSAT ব্যবহার করা হ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

VSAT	
অনুধাবন note sensing	উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন।
শূন্যে পর্যটক	* মহাকাশে প্রথম পর্যটক মার্কিন ধনকুবের ডেনিস টিটো [Dennis Tito] * মহাকাশে প্রথম নারী পর্যটক ইরানি বংশোদ্ভূত মার্কিনি আনুশেহ আনসারি [Anousheh Ansari]

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

কোন দেশ প্রথম রকেট আবিষ্কার করে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিকেল অফিসার: ৮৪]

ক. যুক্তরাষ্ট্র খ. রাশিয়া

গ. চীন ঘ. জাপান

উত্তর: খ

প্রথম কৃত্রিম উপগ্রহ উড্ডয়ন করে কোন দেশ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২/থানা নির্বাচন অফিসার: ০৪/ ...অধিদপ্তরের অধীন সহকারী ব্যবস্থাপনাবিদ: ৯৫/ পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মেডিক্যাল অফিসার: ৮৪]

ক. যুক্তরাষ্ট্র খ. রাশিয়া

গ. চীন ঘ. জাপান

উত্তর: খ

মহাশূন্য প্রথম নভোচারী একজন - [জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিব: ৯৬]

ক. আমেরিকান খ. ব্রিটিশ

গ. ফরাসি ঘ. রাশিয়ান

উত্তর: ঘ

'Sputnik' is the name of: [IFIC ব্যাংক প্রবেশনারি অফিসার: ৯৬]

ক. A comet খ. An American space object

গ. The first space satellite ঘ. None of the above

উত্তর: গ

মহাশূন্যে উৎক্ষিপ্ত প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৭-০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট: ০৫-০৬/ স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে স্বাস্থ্য সহকারী: ০৪]

ক. অ্যাপোলো খ. চ্যালেঞ্জার

গ. স্পুটনিক ঘ. এক্সপ্লোরার

উত্তর: ক

স্পুটনিক-১ কখন ভূ-উপগ্রহ কক্ষপথে সাফল্যজনকভাবে নিক্ষেপ করা হয়? [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন ... সমাজসেবা অফিসার: ৯৯]

ক. ১৯৫৭ সালে খ. ১৯৬০ সালে

গ. ১৯৬৬ সালে ঘ. ১৯৬৯ সালে

উত্তর: ক

কোন সনে প্রথম নভোযান আকাশে পাঠানো হয়? [রূপালী ব্যাংক অফিসার: ৯৯]

ক. ১৯৫৭ খ. ১৯৫৯

গ. ১৯৬১ ঘ. ১৯৬৩

উত্তর: ক

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ মহাশূন্য প্রথম কোন দেশ কুকুর লাইকা পাঠায়?[পরিকল্পনা এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী পরিচালকঃ ০৬]

ক. যুক্তরাষ্ট্র | খ. রাশিয়া
গ. চীন | ঘ. জাপান | উত্তর: খ

◈ মহাকাশে কোন প্রাণী প্রথম গিয়েছিল? [সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়কঃ ০৫]

ক. বানর | খ. কুকুর
গ. মানুষ | ঘ. কোনটাই নয় | উত্তর: খ

◈ প্রথম মহাকাশচারী ---[খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্য পরিদর্শকঃ ১৬]

ক. আর্মস্ট্রং | খ. কনরেড
গ. অলড্রিন | ঘ. গ্যাগারিন | উত্তর: ঘ

◈ কোন নভোচারী সর্বপ্রথম পৃথিবী প্রদক্ষিণ করেন? [প্রতিরক্ষার মন্ত্রণালয়ের অধীন গুপ্ত সংকেত পরিদপ্ত সাইফার অফিসারঃ ০৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ঃ ০১]

ক. নেইল আর্মষ্ট্রং | খ ইউরি আন্দ্রোপভ
গ. জন পে | ঘ. ইউরি গ্যাগারিন | উত্তর: ঘ

◈ ইউরি গ্যাগারিন কোন মহাকাশযানে চড়ে পৃথিবী পরিভ্রমণ করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা -অবাণিজ্য]ঃ ০৫-০৬]

ক. মাকারি | খ. ভস্টক
গ. অ্যাপোলো | ঘ. ডিসকভারি | উত্তর: খ

◈ মহাকাশের প্রথম মহিলা অভিযাত্রীর নাম কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (হিসাববিজ্ঞান-অবাণিজ্য)ঃ ০৫-০৬]

ক. মাদাম কুরি | খ. ভ্যালেন্তিনা তেরেসকোভা
গ. তাসফিয়া রাজভিকো | ঘ. তাসনুভা গোরবাচেভ | উত্তর: খ

◈ কবে মানুষ প্রথম চাঁদে অবতরণ করে? [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/ এপ্রেইজার/প্রিভেন্টিভ অফিসার/গোয়েন্দা কর্মকর্তা .২০১০/ শ্রম অধিদ রেজিস্ট্রারঃ ০০/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় সহকারী গবেষণা কর্মকর্তাঃ ১৮]

In which year man landed on the moon? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদঃ ১৮]

ক. ২০ জুন, ১৯৬৯ | খ. ২৫ জুলাই, ১৯৬৮
গ. ২০ জুলাই, ১৯৬৯ | ঘ. ২০ আগস্ট, ১৯৬৯ | উত্তর: গ

◈ চন্দ্রপৃষ্ঠে প্রথম অবতরণকারী মানুষের নাম ও দেশ - [কেন্দ্রিক ২৪তম বিসিএস/ গণমাধ্যম ইন্সটিটিউটের সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ও উপসহপ্রকৌশলী (সিভিল)ঃ ০৩/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০১/ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হাইকোর্টের রেজিস্ট্রারঃ ৯৪]

ক. ইউরি গ্যাগারিন, রাশিয়া | খ. জন গ্লেন, যুক্তরাষ্ট্র
গ. রিচার্ড এলড্রিন, যুক্তরাষ্ট্র | ঘ. নেল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র | উত্তর: ঘ

◈ চাঁদের মাটিতে প্রথম পা রাখেন কে ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২ - সুরমা]

ক. মাইকেল কলিস | খ. ইউরি গ্যাগারিন
গ. নীল আর্মস্টং | ঘ. এডুইন অলড্রিন | উত্তর: গ

◈ চাঁদে মানুষ কোন মহাশূন্যযানে যায় - [জনসংখ্যা পরিবারকল্যাণ কর্মকর্তা ঃ ০৩]

ক. অ্যাপোলো-১০ | খ. অ্যাপোলো-১১
গ. স্পুটনিক | ঘ. চ্যালেঞ্জার | উত্তর: খ

◈ মহাশূন্যে মনুষ্যবাহীযান উৎক্ষেপণকারী তৃতীয় দেশ- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৫-০৬]

ক. জার্মানি | খ. জাপান
গ. চীন | ঘ. অস্ট্রেলিয়া
ঙ. ফ্রান্স | উত্তর: গ

◈ সর্বশেষ কোন দেশ মহাশূন্যে মানুষ প্রেরণ করে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তাঃ ০৪]

ক. চীন | খ. ফ্রান্স
গ. বৃটেন | ঘ. রাশিয়া | উত্তর: ক

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- পৃথিবীর প্রথম বাণিজিক যোগাযোগ কৃত্রিম উপগ্রহ কোনটি? [২৯তম বিসিএস]
  ক. আলিবার্ড হল খ. এস্ট্রোলার হল
  গ. ওবেরী হল ঘ. কসমস উত্তর: ক
- মঙ্গলগ্রহে প্রেরিত নভোযান কোনটি? [১৩তম বিসিএস/ থানা ও জেলা সমাজসেবা অফিসার: ৯৯/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ৯২]
  ক. সয়ুজ খ. এপোলো
  গ. ভয়েজার ঘ. ভাইকিং উত্তর: ঘ
- 'গ্যালিলিও' কি? [১৮তম বিসিএস/ বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
  ক. মঙ্গলগ্রহের একটি উপগ্রহ
  খ. বৃহস্পতি গ্রহের একটি উপগ্রহ
  গ. শনি গ্রহের একটি উপগ্রহ
  ঘ. পৃথিবী থেকে পাঠানো বৃহস্পতির একটি কৃত্রিম উপগ্রহ উত্তর: ঘ
- 'পাথ ফাইন্ডার' (Pathfinder) কি? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী গবেষণা কর্মকর্তা: ৯৮]
  ক. চাঁদে অবতরণকারী একটি যানের নাম
  খ. রাতের অন্ধকারে পথ দেখা যায় এরূপ একটি আলোর মেশিন
  গ. শুক্র গ্রহে অবতরণকারী যানটির নাম
  ঘ. মঙ্গল গ্রহে অবতরণকারী যানটির নাম উত্তর: ঘ
- মঙ্গলগ্রহে অবতরণ করা খেয়াযানটির নাম কি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]
  ক. ডিসকভারি খ. ক্যাসিনি
  গ. চ্যালেঞ্জার ঘ. পাথফাইন্ডার উত্তর: ঘ
- **The 'Hubble Telescope' is** [IFIC ব্যাংক প্রবেশনারি অফিসার: ৯৬]
  ক. The name of a book
  খ. An observatory in UK
  গ. Placed in orbit round the earth for cosmic observation
  ঘ. Used in space crafts উত্তর: গ
- **'VSAT' বলতে বুঝায়** - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক -টিভি প্রশিক্ষণ ও উপসহকারী প্রকৌশলী- টিভি: ০৩]
  ক. Virtual Satellite খ. Very Small Aparture Terminal
  গ. Vertical Satellite ঘ. Very Small Applitude Terminal
- VSAT ব্যবহার করা হয়-- [পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্ধারিত ১২টি পদ: ০১]
  ক. ভূ-পৃষ্ঠ হতে স্যাটেলাইটে যোগাযোগ করার জন্য
  খ. একটি স্যাটেলাইট থেকে অন্য স্যাটেলাইটে যোগাযোগ করার জন্য
  গ. ভূপৃষ্ঠের একস্থান থেকে অন্যস্থানে টেলিফোনের মাধ্যমে যোগাযোগ সহজতর করার জন্য
  ঘ. এক ধরনের আবহাওয়াজ্ঞাপক ভূ-উপগ্রহ উত্তর: ক
- রিমোট সেন্সিং বা দূর অনুধাবন বলতে বিশেষভাবে বুঝায়- [১২তম বিসিএস]
  ক. রেডিও ট্রান্সমিটার সহযোগে দূর থেকে তথ্য সংগ্রহ
  খ. রাডারের সাহায্যে চারদিকের পরিবেশের অবলোকন
  গ. কোয়াসার প্রভৃতি মহাজাগতিক উৎস থেকে সংকেত অনুধাবন
  ঘ. উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন উত্তর: ঘ
- মহাকাশে প্রথম আনন্দ ভ্রমণকারী কে? [দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক: ০১]
  ক. নেইল আর্মস্ট্রং খ. ডেনিস টিটো
  গ. মাইকেল কলিন্স ঘ. ইউরি গ্যাগারিন উত্তর: খ
- মহাকাশে প্রথম নারী পর্যটকের নাম কি? [যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
  ক. কল্পনা খ. ভ্যালেন্তিনা তেরেস্কোভা
  গ. শিরিন এবাদি ঘ. আনুশেহ আনসারি উত্তর: ঘ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

পৃথিবী

এক নজরে বিশ্ব	
পৃথিবীর আনুমানিক বয়স Age of the earth	৪৫৩ কোটি বছর বা ৪৫৩০ মিলিয়ন বছর।
পৃথিবীর আপেক্ষিক গুরুত্ব Specific gravity of the earth	৫.৫
পৃথিবীর ব্যাস Diameter of the earth	বিষুবরেখায় : ১২৭৫৬ কিঃমিঃ (৭৯২৬ মাইল)। উত্তর দক্ষিণে : ১২৭১৫ কিঃমিঃ (৭৯০১ মাইল)।
পৃথিবীর পরিধি Circumference of the earth	২৪৯০২ মাইল বা ৪০০৯২ কিমি।
পৃথিবীর আকৃতি Shape of the earth	অভিগত গোলক (Oblate Spheroid) অভিগত গোলক অর্থ উত্তর দক্ষিণে সামান্য চাপা এবং পূর্ব-পশ্চিমে সামান্য স্ফীত। আহ্নিক গতির জন্য পৃথিবীর আকৃতি এ রূপ হয়েছে।
পৃথিবীর আয়তন Surface of the World	৫১,০১,০০,৫০০ বর্গকিলোমিটার
স্থলভাগের আয়তন Surface covered by land	১৪,৮৯,৫০,৮৬০ বর্গকিলোমিটার (২৯.২%)
জলভাগের আয়তন Surface covered by water	৩৬,২৮,৫৩,১৪০ বর্গকিলোমিটার (৭০.৮%)
পৃথিবীর সর্ব-উত্তরের বিন্দু (মূলভূমি) Northernmost point of the world	কাফেকলুবেন দ্বীপ (গ্রিনল্যান্ডের উত্তরে) Kaffeklubben Island
পৃথিবীর সর্বদক্ষিণের বিন্দু Southernmost point of the world	দক্ষিণ মেরু (South Pole)
পৃথিবীর উচ্চতম স্থান (প্রাকৃতিক) Highest Point of the world	মাউন্ট এভারেস্ট, নেপাল Mount Everest, Nepal
পৃথিবীর নিম্নতম স্থান (প্রাকৃতিক) Lowest point of the world	চ্যালেঞ্জার ডিপ (মারিয়ানা ট্রেঞ্চ) Challenger Deep (Mariana Trench)
ভূমিতে পৃথিবীর নিম্নতম স্থান The lowest point on dry land	মৃত সাগর Dead Sea
বিশ্বে মোট রাষ্ট্রের সংখ্যা Number of countries	২৩৩ টি
বিশ্বে মোট স্বাধীন দেশের সংখ্যা Number of Sovereign countries	১৯৫ টি সর্বশেষ স্বাধীন দেশ- দক্ষিণ সুদান

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◊ পৃথিবীর আনুমানিক বয়স - *[পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক ও রিসার্চ অফিসার২০০৭/পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক ০৭]*

ক. ৩৬০ কোটি বছর খ. ৪৬০ কোটি বছর
গ. ৪৫০ কোটি বছর ঘ. ৬০০ কোটি বছর উত্তর: গ

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- পৃথিবীর আনুমানিক বয়স - [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৪]
  ক. ৫৫০০ মিলিয়ন বছর খ. ৫২০০ মিলিয়ন বছর
  গ. ৪৯০০ মিলিয়ন বছর ঘ. ৪৫০০ মিলিয়ন বছর উত্তর: ঘ
- পৃথিবীর গড় ব্যাসার্ধ হচ্ছে প্রায়- [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]
  ক. ৭০৭০ কিলোমিটার খ. ১২১০০ কিলোমিটার
  গ. ৮৩৩২ কিলোমিটার ঘ. ৬৩৭১ কিলোমিটার উত্তর: ঘ
- পৃথিবীর ব্যাসার্ধ কত? [থানা নির্বাচন অফিসার: ০৪]
  ক. ৬০০০ কিঃমিঃ খ. ৩৪৮৬ কিঃমিঃ
  গ. ৬৪৩৪ কিঃমিঃ ঘ. ৪০৭০ কিঃমিঃ উত্তর: গ
- পৃথিবীর ব্যাস আনুমানিক কত? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) ও উপসহপ্রকৌশলী (টিভি): ০৩]
  ক. ৪০০০ কিঃমিঃ খ. ৪০০০ মাইল
  গ. ৮০০০ মাইল ঘ. ৮ মাইল উত্তর: গ
- পৃথিবীর উত্তর দক্ষিণের ব্যাস কত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৪]
  ক. ১৫১০৯ কিঃমিঃ খ. ১৪৭০২ কিঃমিঃ
  গ. ১২৭০৯ কিঃমিঃ ঘ. ১১৩০৯ কিঃমিঃ উত্তর: গ
- পৃথিবী প্রকৃতপক্ষে একটি- [সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণীর গেজেটেড অফিসারঃ ৯৭]
  ক. পরিপূর্ণ গোলক খ. সমতল ক্ষেত্র
  গ. অভিগত গোলক ঘ. অর্ধবৃত্ত উত্তর: গ
- পৃথিবীর পরিধি হচ্ছে - [সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণীর গেজেটেড অফিসারঃ ৯৭]
  ক. ২৪৯০২ মাইল খ. ২৫০০০ মাইল
  গ. ৩০৯০০ মাইল ঘ. ৩১০০০ মাইল উত্তর: ক
- পৃথিবীর পরিধি হচ্ছে -[তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তাঃ ০৬/ সহকারী থানা শিক্ষা অফিসারঃ ৩]
  ক. ২৫,০০০ মাইল খ. ৩৫০০০ মাইল
  গ. ৩০,০০০ মাইল ঘ. ১৫,০০০ মাইল উত্তর: ক
- **What is the approximate circumference of the earth?** [শাহজালাল ইসলামী ব্যাংক সহকারী অফিসারঃ ০৩]
  ক. 50,000 km খ. 25,000 km
  গ. 16,000 km ঘ. 40,000 km উত্তর: খ
- **Average Sp.gr. of the earth-** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূতত্ত্ববিদঃ ১৮]
  ক. 3.517 খ. 4.517
  গ. 5.517 ঘ. 9.517 উত্তর: গ
- পৃথিবীতে প্রাণের সূচনা হয় আনুমানিক- [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১]
  ক. ১০০ কোটি বছর আগে খ. ১০ কোটি বছর আগে
  গ. ১ কোটি বছর আগে ঘ. ৫০ লক্ষ বছর আগে উত্তরঃ ক
- পৃথিবীতে নানা জাতি সৃষ্টির কারণ-[প্রাথমিক প্রধান শিক্ষকঃ ০৮]
  ক. প্রাকৃতিক খ. সামাজিক
  গ. রাজনৈতিক ঘ. ভৌগোলিক উত্তর: ঘ
- পৃথিবীতে স্বাধীন রাষ্ট্রের সংখ্যা কত? [পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালকঃ ০৭]
  ক. ১৯৩ খ. ১৯৪
  গ. ১৯৫ ঘ. ২৪০ উত্তর: গ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

পৃথিবীর গতি
The motion of the Earth

আহ্নিক গতি [Diurnal Motion]

সূর্যকে কেন্দ্র করে নিজ অক্ষ বা মেরুরেখার ওপর পৃথিবী পশ্চিম থেকে পূর্ব দিকে ঘুরছে। এ গতিকে আবর্তন গতি বা আহ্নিক গতি বলে। নিজ মেরুরেখার চারদিকে এক বার সম্পূর্ণ ঘুরে আসতে পৃথিবীর সময় লাগে ২৩ ঘন্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড অর্থাৎ প্রায় ঘন্টা। এ ২৪ ঘন্টাকে 'একদিন' হিসেবে গণনা করা হয়। পৃথিবীর একটি পূর্ণ আবর্তনের সৌরদিন (Solar day) বলে।

আহ্নিক গতির বেগ
The speed of Earth's Rotation

নিরক্ষরেখায় পৃথিবীর আহ্নিক গতির বেগ সবচেয়ে বেশি- ঘন্টায় ১,৬১০ কিলোমিটারের বেশি। নিরক্ষরেখা থেকে উত্তরে বা দক্ষিণে এই গতিবেগ ক্রমশ কমতে থাকে। পৃথিবীর উত্তর ও দক্ষিণ মেরুতে এ গতিবেগ শূন্যের কাছাকাছি।

আহ্নিক গতির ফল
Effect of Diurnal Motion

১) দিবারাত্রি সংগঠন (Occurance of day and night

পর্যায়ক্রমে দিবারাত্রি সংগঠিত হওয়া আহ্নিক গতির একটি ফল চিত্র: আহ্নিক গতি পৃথিবীর অর্ধাংশে চিরকাল দিন ও বিপরীত অর্ধাংশে চিরকাল রাত থাকত।

কোন একটি নির্দিষ্ট সময়ে পৃথিবীর একদিকে রাত, অপরদিকে দিন হয়। অর্থাৎ পৃ একদিকে আলোকিত থাকে অপরদিকে অন্ধকার থাকে। পৃথিবীর এই আলোকিত অংশ ও অংশের সীমারেখাকে ছায়াবৃত্ত (The Shadow circle) বলে।

আহ্নিক গতি বা আবর্তনের ফলে পৃথিবীর যে অংশ অন্ধকার থেকে ছায়াবৃত্ত পার হ সবেমাত্র আলোকিত অংশে পৌছায় সে অংশে হয় প্রভাত (Morning) । আর যে অংশ আলোকিত অংশ থেকে ছায়াবৃত্ত অতিক্রম করে সবেমাত্র অন্ধকারে পৌছায় সে অংশে হয় (Evening)। প্রভাতের কিছুক্ষণ পূর্বে যে ক্ষীর্ণ আলো দেখতে পাওয়া যায় তাকে বলা হ (Dawn)। আর সন্ধ্যার কিছুক্ষণ পূর্বে যে সময় ক্ষীণ আলো থাকে সে সময়কে বলা হয় (Twilight)।

২) তাপমাত্রার তারতম্য সৃষ্টি (Temperature differences)

৩) সমুদ্রস্রোত, জোয়ার-ভাঁটা ও বায়ুপ্রবাহ (Ocean currents, Tide & ebb and wind circu জোয়ার-ভাঁটার সৃষ্টি হয় পৃথিবীর আহ্নিক গতির কারণে। আহ্নিক গতির সমুদ্রস্রোত ও বায় উত্তর গোলার্ধে ডান দিকে ও দক্ষিণ গোলার্ধে বাম দিকে বেঁকে যায়।

৪) সময় নির্ধারণ (Determining the time)

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

। বার্ষিক গতি [Annual Motion]

নিজ অক্ষে ২৪ ঘন্টায় এক বার আবর্তনের সঙ্গে সঙ্গে পৃথিবী একটি নির্দিষ্ট পথে বছরে এক বার সূর্যের চারদিকে ঘুরে আসে। পশ্চিম থেকে পূর্ব দিকে পৃথিবীর এ পরিভ্রমণকে বার্ষিক গতি বা পরিক্রমণ গতি বলে।

পৃথিবীর কক্ষপথ উপবৃত্তাকার। পৃথিবীর কক্ষপথের পরিধি ৯৩,৮০,৫১,৮২৭ কি.মি। নিজ কক্ষপথে এক বার সূর্যকে প্রদক্ষিণ করতে পৃথিবীর সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮মিনিট ৪৭ সেকেন্ড। যে সময়ে পৃথিবী সূর্যের চারদিকে একবার ঘুরে আসে সে সময়কালকে বলা হয় এক সৌরবছর (Solar Year)।



চিত্র: বার্ষিক গতি

বার্ষিক গতির বেগ: (Speed of Revolution)
সূর্যের চারদিকে পৃথিবীর গড় গতিবেগ-

১৮.৫ মাইল/ সেকেন্ড বা ৬৬,৫০০ মাইল/ ঘন্টা
অথবা
৩০ কি:মি:/সেকেন্ড বা ১,০৬,২৬০ কি:মি:/ ঘন্টা।

অনুসূর (**Perihelion**): পৃথিবী উপবৃত্তাকার কক্ষে সূর্যকে পরিক্রমণ করতে করতে জানুয়ারির ১ থেকে ৩ তারিখে এমন এক অবস্থানে পৌছায় যেখানে সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবচেয়ে কম থাকে। একে পৃথিবীর অনুসূর অবস্থান বলে।



চিত্র: পৃথিবীর অপসূর ও অনুসূর অবস্থান

অপসূর (**Aphelion**): পৃথিবী উপবৃত্তাকার কক্ষে সূর্যকে পরিক্রমণ করতে করতে ১ থেকে ৩ ৪ জুলাই তারিখে এমন এক অবস্থানে পৌছায় যেখানে সূর্য থেকে পৃথিবীর দূরত্ব সবচেয়ে বেশি থাকে। একে পৃথিবীর অপসূর অবস্থান বলে।

। বার্ষিক গতির ফল (Effects of Annual Motion)

১) ঋতু পরিবর্তন (Changes of seasons)
তাপমাত্রার পার্থক্য অনুসারে সারা বছরকে চারটি ভাগে ভাগ করা হয়। এ প্রতিটি ভাগকে একটি ঋতু বলা হয়। এগুলো হল গ্রীষ্মকাল, শরৎকাল, শীতকাল ও বসন্তকাল।

২) দিবারাত্রির হ্রাস-বৃদ্ধি (Fluction of day and night):
নিরক্ষরেখায় সারাবছর দিবারাত্রি সমান থাকে। কিন্তু বার্ষিক গতির কারণে উত্তর ও দক্ষিণ গোলার্ধে দিবারাত্রির হ্রাস-বৃদ্ধি হয়। নিম্নে তা ছক আকারে দেওয়া হল

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

তারিখ	উত্তর গোলার্ধ Northern Hemisphere		দক্ষিণ গোলার্ধ Southern Hemisphere	
২১ জুন	দীর্ঘতম দিন	ক্ষুদ্রতম রাত	ক্ষুদ্রতম দিন	দীর্ঘতম রাত
২২ ডিসেম্বর	ক্ষুদ্রতম দিন	দীর্ঘতম রাত	দীর্ঘতম দিন	ক্ষুদ্রতম রাত
২১ মার্চ	পৃথিবীর সর্বত্র দিবারাত্রি সমান			
২৩ সেপ্টেম্বর	পৃথিবীর সর্বত্র দিবারাত্রি সমান			

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ **Is the earth moving or stationary?/পৃথিবী গতিশীল না স্থির-** *ইসলামী ব্যাংক সহকারী অফিসার: ০৩/*

ক. The earth moves or stationary (পৃথিবী গতিশীল বা স্থির)
খ. The earth is stationary (পৃথিবী স্থির)
গ. The earth is stationary about its axis and also around the sun (পৃথিবী তাঁর নিজ অক্ষের উপর এবং সূর্যের চারদিকে স্থির)
ঘ. The earth is moving about its own and also around the sun (পৃথিবী তাঁর নিজ অক্ষের উপর এবং সূর্যের চারদিকে গতিশীল) উত্তর: ঘ

◈ **পৃথিবীর নিজের অক্ষের উপর ঘূর্ণনকে কি বলা হয়?** *[গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ): ০৩/*

ক. বার্ষিক গতি খ. আহ্নিক গতি
গ. ঘূর্ণন গতি ঘ. চক্রাকার গতি উত্তর: খ

◈ **কোনটি না থাকলে পৃথিবীর অর্ধাংশে চিরকাল দিন ও বিপরীত অর্ধাংশে চিরকাল রাত থাকত?** *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৪/ খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্য পরিদর্শক: ০০/*

ক. বার্ষিক গতি খ. আহ্নিক গতি
গ. মেরু গতি ঘ. মধ্যাকর্ষণ গতি উত্তর: খ

◈ **আহ্নিক গতিতে পৃথিবী নিজ অক্ষে প্রতিনিয়ত কোন দিকে আবর্তন করছে?** *[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ক ইউনিট: ০৯-১০/*

ক. পূর্ব থেকে পশ্চিম দিকে খ. পশ্চিম থেকে পূর্ব দিকে
গ. উত্তর থেকে দক্ষিণ দিকে ঘ. দক্ষিণ থেকে উত্তর দিকে
ঙ. কোনোটিই নয় উত্তর: খ

◈ **পৃথিবীর আহ্নিক গতির ফলে সৃষ্টি হয় -** *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন ইনস্ট্রাক্টর (ননটেক): ০৫]*

ক. ঋতু পরিবর্তন খ. সৌরবছর
গ. দিবারাত্রির সংঘটন ঘ. দিবারাত্রির হ্রাসবৃদ্ধি উত্তর: গ

◈ **ভূ-পৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগ স্থলকে কি বলে?** *[৩২তম বিসিএস/ ১৮ তম বিসিএস/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬/ বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক কর্মকর্তা: ০৫]*

ক. ছায়াবৃত্ত খ. গুরুবৃত্ত
গ. উষা ঘ. গোধূলি উত্তর: ক

◈ **At what velocity the earth is travelling around the sun along its orbit?** *[ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী ভূতত্ত্ববিদ: ১৮/* অথবা,
পৃথিবী প্রতি সেকেন্ডে সূর্যের চারদিকে কত মাইল গতিতে আবর্তন করছে? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীনে অডিটর: ১৮/ মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ১৭/*

ক. 16 miles/ sec খ. 18.5 miles/sec
গ. 20 miles/ sec ঘ. 21.4 miles/ sec উত্তর: খ

www.fb.com/mambir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

- পৃথিবী সূর্যের চারদিকে কত মাইল বেগে ঘুরে? [সহকারী থানা পরিবার পরিকল্পনা অফিসারঃ ৯৮/ সাব-রেজিস্ট্রারঃ ৯২]
  ক. ঘন্টায় ৫৭০০০ মাইল বেগে খ. ঘন্টায় ৬৭০০০ মাইল বেগে
  গ. ঘন্টায় ৬২০০০ মাইল বেগে ঘ. ঘন্টায় ৭০০০০ মাইল বেগে উত্তর: খ
- কোথায় দিন রাত্রি সর্বত্র সমান? [২৮তম বিসিএস/ খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্য পরিদর্শকঃ ০০]
  ক. মেরু অঞ্চলে খ. নিরক্ষরেখায়
  গ. উত্তর গোলার্ধে ঘ. দক্ষিণ গোলার্ধে উত্তর: খ
- পৃথিবীতে সর্বত্র দিন-রাত্রি সমান হয়- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২/ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা) ঃ ০৭-০৮/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৪]
  ক. ২৩ অক্টোবর ও ২২ ডিসেম্বর খ. ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর
  গ. ২৩ মার্চ ও ২১ সেপ্টেম্বর ঘ. ২২ ডিসেম্বর ও ২৩ অক্টোবর উত্তর: খ
- বছরের কোন তারিখে দিবারাত্রি সমান হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০৩-০৪]
  ক. ২১ সেপ্টেম্বর খ. ২৩ সেপ্টেম্বর
  গ. ২৩ মার্চ ঘ. ২১ এপ্রিল উত্তর: খ
- দিবা ও রাত্রি পরস্পর সমান, এরূপ দিন বছরে কয়বার আসে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ১৩]
  ক. ১ বার খ. ২ বার
  গ. ৩ বার ঘ. ৪ বার উত্তর: খ
- উত্তর গোলার্ধে দীর্ঘতম দিন - [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০০-০১/ জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিবঃ ৯৬/ খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্য পরিদর্শকঃ ৯৬]
  ক. ২১ মার্চ খ. ২৩ ডিসেম্বর
  গ. ২১ জুন ঘ. ২২ জুলাই উত্তর: গ
- বছরের সবচেয়ে বড়দিন(তারিখ) [বিসিআইসির সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১ /পূবালী ব্যাংক জুনিয়র অফিসারঃ ০০]
  ক. ২০ জুন খ. ২৩ জুন
  গ. ২১ জুন ঘ. ২৪ জুন উত্তর: গ
  ব্যাখ্যাঃ প্রায়ই প্রশ্নে কোন গোলার্ধে কথাটি উল্লেখ থাকেনা। সেক্ষেত্রে যেহেতু আমরা বাংলাদেশে (উত্তর গোলার্ধে অবস্থিত) পরীক্ষায় অংশগ্রহণ করছি, তাই সেক্ষেত্রে বাংলাদেশ ধরে তা সমাধান করাই বুদ্ধিমানের কাজ হবে।
- **Which is the longest day of the year?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালকঃ ০১]
  ক. 6th June খ. 15th June
  গ. 26th June ঘ. None of these উত্তর: ঘ
- উত্তর গোলার্ধে রাত সবচেয়ে বড় হয়-[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৩-০৪]
  ক. ২১ মার্চ খ. ২১ জুন
  গ. ২৩ ডিসেম্বর ঘ. ২২ সেপ্টেম্বর উত্তর: গ
  ব্যাখ্যাঃ ২২ ডিসেম্বর প্রকৃতপক্ষে উত্তর গোলার্ধের সবচেয়ে বড় রাত হয়। যেহেতু ২২ ডিসেম্বর উত্তরে উল্লেখ নেই সেহেতু তার নিকটবর্তী তারিখই হবে সঠিক উত্তর।
- সবচেয়ে ছোট দিন হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (রাষ্ট্রবিজ্ঞান)ঃ ০৫-০৬/ রাষ্ট্রায়ত্ত ব্যাংক সিনিয়র অফিসারঃ ৯৮]
  ক. ২১ ডিসেম্বর খ. ২২ ডিসেম্বর
  গ. ২৫ ডিসেম্বর ঘ. ৩০ ডিসেম্বর উত্তর: খ
- পৃথিবীর দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন হয়-[ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে টেলিফোন বোর্ডের সহকারী পরিচালকঃ ৯৫]
  ক. ২১ মার্চ খ. ২৩ সেপ্টেম্বর
  গ. ২১ জুন ঘ. ২২ ডিসেম্বর উত্তর: ঘ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

◈ সবচেয়ে ছোট দিন- *[নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসারঃ ০৪]*

ক. ২০ ডিসেম্বর খ. ২৩ ডিসেম্বর
গ. ২৫ ডিসেম্বর ঘ. ৩০ ডিসেম্বর উত্তর: খ

ব্যাখ্যাঃ প্রশ্নটি অসম্পূর্ণ। দিনটি পৃথিবীর কোন গ্রস্থানে তা উল্লেখ করা উচিত ছিল। তবে যেহেতু চারটি তারিখই ডিসেম্বর মাসের সেজন্য স্থানটি উত্তর গোলার্ধের হবার সম্ভাবনাই বেশি। উত্তর গোলার্ধের ক্ষুদ্রতম দিন ২২ ডিসেম্বর। সে হিসাবে ২৩ ডিসেম্বর দিনটিই হবে ক্ষুদ্রতম।

◈ দক্ষিণ গোলার্ধে সবচেয়ে ছোট দিন হয়- *[আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হাইকোর্টের রেজিস্ট্রারঃ ১৪]*

ক. ২২ ডিসেম্বর খ. ২২ এপ্রিল
গ. ২১ জুন ঘ. ২৩ সেপ্টেম্বর উত্তর: গ

◈ **The shortest day is in the month of** *[মার্কেন্টাইল ব্যাংক অফিসারঃ ০৬]*

ক. November খ. December
গ. January ঘ. February
ঙ. None of these উত্তর: খ

◈ উত্তর গোলার্ধ ও সূর্যের মধ্য সবচেয়ে বেশি দূরত্ব হয়- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (রাজশাহী বিভাগ)ঃ ০৭]*

ক. ২১ জুন খ. ২৩ সেপ্টেম্বর
গ. ২২ ডিসেম্বর ঘ. ২১ মার্চ উত্তর: গ

◈ দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৮]*

ক. ২১ জুন খ. ১জুলাই
গ. ১ ডিসেম্বর ঘ. ২৩ মার্চ উত্তর: ক

◈ পৃথিবী সূর্যের নিকটতম স্থানে অবস্থান করে - *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৬]*

ক. ১ জানুয়ারি খ. ২১ এপ্রিল
গ. ১ জুলাই ঘ. ১ অক্টোবর উত্তর: ক

◈ মেরুতে দিবসের সংখ্যা একটানা কতদিন? *[থানা সহকারী শিক্ষা অফিসারঃ ১১]*

ক. ১৩৯ খ. ১৪১
গ. ১৪৫ ঘ. ১৪৮ উত্তর:

ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। কারণ উত্তর মেরুতে সূর্যোদয় হয় ১৯ মার্চ এবং সূর্যাস্ত হয় ২৪ সেপ্টেম্বর। সুতরাং উত্তর গোলার্ধে একটানা দিবসের সংখ্যা প্রায় ১৮৯ দিন।

◈ অস্ট্রেলিয়া মহাদেশে উষ্ণতম মাস কোনটি? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ)ঃ ০৩]*

ক. জানুয়ারি খ. জুলাই
গ. ডিসেম্বর ঘ. সেপ্টেম্বর উত্তর: ক

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

পৃথিবীর কাল্পনিক রেখাসমূহ

বিষুবরেখা (**Tropic/Equator**): দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টন করে একটি রেখা কল্পনা করা হয়েছে। এ রেখাকে বলা হয় বিষুবরেখা। বিষুবরেখা নিরক্ষরেখা, নিরক্ষবৃত্ত, মহাবৃত্ত, গুরুবৃত্ত প্রভৃতি নামেও পরিচিত। বিষুবরেখা দক্ষিণ আমেরিকার উত্তরভাগ, আফ্রিকার মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে। বিষুব রেখার উপর অবস্থিত দেশসমূহ- ইকুয়েডর, কলম্বিয়া, ব্রাজিল, গ্যাবন, কঙ্গো, গণপ্রজাতন্ত্রী কঙ্গো, উগান্ডা, কেনিয়া, সোমালিয়া, মালদ্বীপ, ইন্দোনেশিয়া এবং কিরিবাতি।



অক্ষাংশ (**Latitude**): নিরক্ষরেখা থেকে উত্তরে বা দক্ষিণে অবস্থিত কোনো স্থানের কৌণিক দূরত্বকে ঐ স্থানের অক্ষাংশ বলে। নিরক্ষরেখার উত্তর দিকে অবস্থিত কোনো স্থানের অক্ষাংশকে উত্তর অক্ষাংশ এবং দক্ষিণ দিকে অবস্থিত কোনো স্থানের অক্ষাংশকে দক্ষিণ অক্ষাংশ বলে। নিরক্ষরেখার অক্ষাংশ ০°; উত্তর মেরু বা সুমেরুর অক্ষাংশ ৯০° উত্তর এবং দক্ষিণ মেরু বা কুমেরুর অক্ষাংশ ৯০° দক্ষিণ।



অক্ষাংশ নির্ণয় পদ্ধতি: অক্ষাংশ নির্ণয়ের বিভিন্ন পদ্ধতি রয়েছে।
১) ধ্রুবতারার সাহায্যে
২) সেক্সট্যান্ট যন্ত্র ও সূর্যের অবস্থান থেকে।

সমাক্ষরেখা বা অক্ষরেখা (**Line of latitude**): নিরক্ষরেখা থেকে প্রত্যেক মেরুর কৌণিক দূরত্ব ৯০°। এ কোণকে ডিগ্রি ও মিনিটে ভাগ করে নিরক্ষরেখার সমান্তরাল যে রেখা কল্পনা করা হয় তাকে সমাক্ষরেখা বলে।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

☐ **কর্কটক্রান্তি রেখা (Tropic of cancer):** ২৩° ৩০´ উত্তর অক্ষাংশ রেখাকে বলা হয় কর্কটক্রান্তি রেখা। রেখাটি উত্তর আমেরিকার দক্ষিণভাগ, আফ্রিকার উত্তর ভাগ এবং এশিয়ার দক্ষিণাংশ দিয়ে অতিক্রম করেছে। যে সকল দেশের উপর দিয়ে রেখাটি অতিক্রম করেছে, সেগুলো হলো- মেক্সিকো, হাওয়াই দ্বীপপুঞ্জ (যুক্তরাষ্ট্র), বাহামা, পশ্চিম সাহারা, মৌরিতানিয়া, মালি, আলজেরিয়া, নাইজার, চাঁদ, লিবিয়া, মিশর, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, ভারত, বাংলাদেশ (মধ্যভাগ দিয়ে), মায়ানমার, চীন এবং তাইওয়ান।



চিত্র: কর্কটক্রান্তি এবং মকর ক্রান্তি রেখা

☐ **মকরক্রান্তি রেখা (Tropic of capricon):** ২৩° ৩০´ দক্ষিণ অক্ষাংশ রেখাকে বলা হয় মকরক্রান্তি রেখা। রেখাটি দক্ষিণ আমেরিকার দক্ষিণ ভাগ, আফ্রিকার দক্ষিণভাগ এবং ওশেনিয়া মহাদেশের মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে। যে সকল দেশের উপর দিয়ে রেখাটি অতিক্রম করেছে, সেগুলো হলো- ব্রাজিল, প্যারাগুয়ে, আর্জেন্টিনা, চিলি, টোঙ্গা, ফিজি, অস্ট্রেলিয়া, মাদাগাস্কার, মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া, কুক দ্বীপপুঞ্জ (নিউজিল্যান্ড), নিউ ক্যালিডোনিয়া (ফ্রান্স)।

☐ **সুমেরুবৃত্ত (Arctic circle):** ৬৬°৩৩´ উত্তর অক্ষাংশকে বলা হয় সুমেরুবৃত্ত ।

☐ **কুমেরুবৃত্ত (Antarctic circle):** ৬৬°৩৩´ দক্ষিণ অক্ষাংশকে বলা হয় কুমেরুবৃত্ত ।

☐ **পৃথিবীর মেরু অঞ্চল (Polar region of the earth):** ২ টি। যথা-

ক) উত্তর মেরু (North pole) : আর্কটিক সাগরে অবস্থিত।

খ) দক্ষিণ মেরু (South pole) : এন্টার্কটিকা মহাদেশে অবস্থিত।

☐ **দ্রাঘিমারেখা (Lines of longitude) বা মধ্যরেখা (Meridian):** নিরক্ষরেখাকে ডিগ্রি, মিনিট ও সেকেন্ডে ভাগ করে প্রত্যেক ভাগবিন্দুর ওপর দিয়ে উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত যে রেখাগুলো কল্পনা করা হয়েছে তাকে দ্রাঘিমারেখা বলে।

www.fb.com/tanbir.ebooks

Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

❑ মূল মধ্যরেখা (Prime Meridian) যুক্তরাজ্যের লন্ডন শহরের উপকণ্ঠে অবস্থিত গ্রিনিচ মান মন্দিরের ওপর দিয়ে উত্তর মেরু ও দক্ষিণ মেরু পর্যন্ত বিস্তৃত যে মধ্যরেখা অতিক্রম করেছে, তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা ০° ।



❑ দ্রাঘিমা (Longitude): গ্রিনিচের মূল মধ্যরেখা থেকে পূর্বে বা পশ্চিমে যে কোন স্থানের কৌণিক দূরত্বকে সেই স্থানের দ্রাঘিমা বলা হয়।

দ্রাঘিমা নির্ণয়ের পদ্ধতি: ভূপৃষ্ঠের কোনো স্থানের দ্রাঘিমা দুই ভাবে নির্ণয় করা যায়:

১) স্থানীয় সময়ের পার্থক্য
২) গ্রিনিচের সময়ের মাধ্যমে।



প্রশ্নঃ কোন স্থানটির অক্ষাংশ ও দ্রাঘিমা উভয়ই ০° ?
উত্তর: যেখানে নিরক্ষরেখা ও মূল মধ্যরেখা পরস্পরকে লম্বভাবে ছেদ করে সেখানে অক্ষাংশ ও দ্রাঘিমা উভয়ই ০°। এ স্থানটি গিনি উপসাগরে অবস্থিত।

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

☐ সমাক্ষরেখা ও দ্রাঘিমারেখার পার্থক্য:

সমাক্ষরেখা (Parallels)	দ্রাঘিমারেখা (Meridians)
১. রেখাগুলো পরস্পর সমান্তরাল	১. রেখাগুলো সমান্তরাল নয়
২. রেখাগুলো পূর্ণবৃত্ত	২. রেখাগুলো অর্ধবৃত্ত
৩. রেখাগুলোর দৈর্ঘ্য সমান নয়; অক্ষাংশ বাড়লে সমাক্ষরেখার পরিধি কমে	৩. প্রত্যেক দ্রাঘিমা রেখার দৈর্ঘ্য সমান
৪. রেখাগুলো পূর্ব-পশ্চিমে বিস্তৃত	৪. রেখাগুলো উত্তর-দক্ষিণে বিস্তৃত
৫. সর্বোমোট সমাক্ষরেখা ১৮১ টি	৫. সর্বমোট দ্রাঘিমারেখা ৩৫৯টি
৬. সর্বোচ্চ অক্ষাংশ ৯০°	৬. সর্বোচ্চ দ্রাঘিমা ১৮০°



☐ আন্তর্জাতিক তারিখ রেখা (International Date line): যে রেখা অতিক্রম করলে দিন এবং তারিখের পরিবর্তন হয়, তাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে। এ রেখা অতিক্রম করে পূর্ব থেকে পশ্চিমে গেলে একদিন বিয়োগ করতে হয়; পক্ষান্তরে পশ্চিমে থেকে পূর্বে গেলে একদিন যোগ করতে হয়। আন্তর্জাতিক তারিখ রেখা মূলত ১৮০° দ্রাঘিমারেখা হলেও কিছু পার্থক্য বিদ্যমান। আন্তর্জাতিক তারিখ রেখাটি আঁকাবাঁকা। আন্তর্জাতিক তারিখ রেখা সম্পূর্ণভাবে প্রশান্ত মহাসাগরের জলভাগের ওপর অবস্থিত। ১৮০° রেখাটি সাইবেরিয়ার উত্তর-পূর্ব অংশ, অ্যালিউসিয়ান, ফিজি ও চ্যাথাম দ্বীপপুঞ্জের ওপর দিয়ে গেছে। কিন্তু আন্তর্জাতিক তারিখ রেখাকে বেরিং প্রণালীতে ১২° পূর্ব, অ্যালিউসিয়ান দ্বীপপুঞ্জের কাছে ৭° পশ্চিম এবং ফিজি ও চ্যাথাম দ্বীপপুঞ্জের কাছে ১১° পূর্ব দিকে বাঁকানো। রেখাটি আঁকাবাঁকা না করলে এক দ্বীপের দুই পার্শ্বে সময়ের পার্থক্য হত একদিন। স্থানীয় লোকদের সময়ের হিসেবে অসুবিধা দূর করার জন্য রেখাটি আঁকাবাঁকা করে শুধু জলভাগের ওপর দিয়ে টানা হয়েছে।



Updated Bangla e-books(pdf): www.facebook.com/tanbir.ebooks

প্রতিপাদ স্থান (Antipode): ভূপৃষ্ঠের ওপর অবস্থিত কোনো বিন্দুর ঠিক বিপরীত বিন্দুকে সেই বিন্দুর প্রতিপাদ স্থান বলে। প্রতিপাদ স্থান নির্ণয় করার জন্য ভূপৃষ্ঠের কোনো বিন্দু থেকে পৃথিবীর কেন্দ্রের মধ্যে দিয়ে একটি কল্পিত রেখা পৃথিবীর ঠিক বিপরীত দিকে টানা হয়। ঐ কল্পিত রেখা যে বিন্দুতে ভূপৃষ্ঠের বিপরীত পাশে এসে পৌঁছায়, সেই বিন্দুই পূর্ব বিন্দুর প্রতিপাদ স্থান। প্রতিপাদ স্থান দুইটির মধ্যে সময়ের পার্থক্য ১২ ঘণ্টা। ঢাকার প্রতিপাদ স্থান দক্ষিণ আমেরিকার অন্তর্গত চিলির নিকট প্রশান্ত মহাসাগরে।



A ও B পরস্পরের প্রতিপাদ স্থান
C ও D পরস্পরের প্রতিপাদ স্থান

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

- পৃথিবীকে উত্তর দক্ষিণ বিভক্ত করেছে- *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২]*
  ক. অক্ষরেখা খ. নিরক্ষরেখা
  গ. পূর্ব দ্রাঘিমা রেখা ঘ. পশ্চিম দ্রাঘিমা রেখা উত্তরঃ খ
- গুরুবৃত্ত বা মহাবৃত্ত হচ্ছে - *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]*
  ক. দ্রাঘিমারেখা খ. অক্ষরেখা
  গ. নিরক্ষরেখা ঘ. মধ্যরেখা উত্তর: গ
- কোন কাল্পনিক রেখা থেকে অক্ষাংশ গণনা করা হয়? *[গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসারঃ ০৫]*
  ক. কর্কটক্রান্তি খ. মকরক্রান্তি
  গ. বিষুবরেখা ঘ. মূল মধ্যরেখা উত্তর: গ
- নিরক্ষরেখা থেকে যতই উত্তরে এবং দক্ষিণে যাওয়া যায় ততই বাড়তে থাকে- *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ)ঃ ০৫-০৬]*
  ক. অক্ষাংশ খ. দ্রাঘিমাংশ
  গ. মধ্যাংশ ঘ. কোনোটিই নয় উত্তর: ক
- ভূ-গোলকে কতগুলি অক্ষাংশ রেখা আছে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ১০]*
  ক. ৯০ টি খ. ৯১ টি
  গ. ১৮০ টি ঘ. ১৮১টি উত্তর: ঘ
- কর্কট ক্রান্তির অক্ষাংশ কত? *[জাতীয় সংসদ সচিবালয়ের অধীন সহকারী সচিবঃ ৯৯]*
  ক. ২২° খ. ২২°২০′
  গ. ২৩°৩০′ ঘ. ২৩° উত্তর: গ
- ২৩.৫° উত্তর অক্ষাংশকে কি বলা হয়? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (মার্কেটিং বিভাগ)ঃ ০২-০৩]*
  ক. মকরক্রান্তি খ. বিষুবলম্ব
  গ. মূলমধ্যরেখা ঘ. কর্কট ক্রান্তি উত্তর: ঘ
- What is Tropic of Capricorn? *[রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ)ঃ ০৫-০৬]*
  ক. 23.5 N latitude খ. 23.5 S latitude
  গ. 30 N latitude ঘ. 30 S latitude উত্তর: খ

Any kind of e-book & Software : www.tanbircox.blogspot.com

ব্যুরোর সহকারী উপপরিদর্শকঃ ০৩/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শকঃ০৩/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল এন্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং)ঃ ৯৯/

ক. ট্রপিক অব ক্যাপ্রিকন | খ. ট্রপিক অব ক্যানসার

গ. ইকুয়েটর | ঘ. আর্কটিক সার্কেল | **উত্তর: খ**

◈ এশিয়ার দক্ষিণভাগ দিয়ে অতিক্রম করেছে - *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নি পরীক্ষাঃ ২০১১/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ঃ ০৬]*

ক. কুমেরুরেখা | খ. কর্কট ক্রান্তি রেখা

গ. মকর ক্রান্তি রেখা | ঘ. সুমেরুরেখা | **উত্তর: খ**

◈ ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ একটি কাল্পনিক রেখা বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে, সে হচ্ছে - *[১২ তম বিসিএস/ ১০ ম বিসিএস/ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালকঃ ০১ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিটঃ ০০-০১]*

ক. মূল মধ্যরেখা | খ. কর্কট ক্রান্তি রেখা

গ. মকর ক্রান্তি রেখা | ঘ. আন্তর্জাতিক তারিখ রেখা | **উত্তর: খ**

◈ কর্কটক্রান্তি রেখা-*[১৬তম বিসিএস /উপজেলা ও থানা শিক্ষা অফিসারঃ ০৫/ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তাঃ ৯৬]*

ক. বাংলাদেশের উত্তর সীমান্ত দিয়ে গিয়েছে

খ. বাংলাদেশের দক্ষিণ সীমান্ত দিয়ে গিয়েছে

গ. বাংলাদেশের মধ্যখান দিয়ে গিয়েছে

ঘ. বাংলাদেশ হতে অনেক দূরে অবস্থিত | **উত্তর: গ**

◈ কোন অক্ষাংশকে র্ককটক্রান্তি বলে? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]*

ক. $66\frac{1}{2}^0$ উত্তর | খ. $66\frac{1}{2}^0$ দক্ষিন

গ. $23\frac{1}{2}^0$ উত্তর | ঘ. $23\frac{1}{2}^0$ দক্ষিন | **উত্তর: গ**

◈ নিচের কোন রেখাটি বাংলাদেশের মধ্যখান দিয়ে গিয়েছে? *[ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০২-০৩]*

ক. বিষুবরেখা | খ. মকরক্রান্তি রেখা

গ. কর্কটক্রান্তি রেখা | ঘ. সুমেরু রেখা | **উত্তর: গ**

◈ কর্কটক্রান্তি ও মকরক্রান্তির মধ্যবর্তী অঞ্চল হচ্ছে- *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৬]*

ক. উষ্ণমণ্ডল | খ. হিমমণ্ডল

গ. আপেক্ষিকমণ্ডল | ঘ. নিরক্ষীয় মণ্ডল | **উত্তর: ঘ**

◈ আফ্রিকার প্রায় মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে----*[সহকারী পরিচালক (পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন)ঃ ০৩]*

ক. মূল মধ্যরেখা | খ. কর্কটক্রান্তি রেখা

গ. বিষুব রেখা | ঘ. মকরক্রান্তি রেখা | **উত্তর: গ**

◈ নিচের কোন দেশটি দক্ষিণ গোলার্ধে অবস্থিত-*[চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, ঘ ইউনিটঃ ০৩-০৪]*

